banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Best Training For
WBCS, SSC (CGL, CHSL, MTS), PSC, BANK, RAIL
© 7427927701
grassroot
Dunlop, Gariahat, Sonarpur, Tamluk

কর্মক্ষেত্র

ISSN 0971-7765
www.ekarmakshetra.com

কাজের খবরে ১ নম্বর কর্মক্ষেত্র কলকাতা শহরে সর্বাধিক পঠিত কর্মপত্রিকা

বর্ষ ৩৯ সংখ্যা ১৮ কলকাতা শুক্রবার, ৭ ডিসেম্বর ২০১৮/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ২১ অগ্রহায়ণ ১৪২৫ দাম ৫.০০ টাকা ২৪ পাতা R. N. 37120/80

উত্তর-পশ্চিম রেলে ২০৯০

তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং

বিভিন্ন ট্রেডে ২,০৯০ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে উত্তর-পশ্চিম রেল। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ অনুসারে উত্তর-পশ্চিম রেলের একাধিক ইউনিট ও ডিভিশনে ট্রেনিং দেওয়া হবে ডিজেল মেকানিক, ফিটার, কার্পেন্টার, ইলেক্ট্রিশিয়ান, ওয়েল্ডার, পেইন্টার, ওয়্যারম্যান-সহ বিবিধ ট্রেডে। ট্রেনিং চলাকালীন প্রতি মাসে স্টাইপেন্ড পাওয়া যাবে।

ডিভিশন অনুসারে আসনবিন্যাস: আজমের ডিভিশন: **ইলেক্ট্রিশিয়ান (কোচিং):** ৩০টি (সাধারণ ১৪, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৮)। **ইলেক্ট্রিশিয়ান (পাওয়ার):** ৩০টি (সাধারণ ১৪, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৮)। **ইলেক্ট্রিশিয়ান (টি আর ডি):** ৪০টি (সাধারণ ২০, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১১)। **কার্পেন্টার (ইঞ্জিনিয়ারিং):** ২৫টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৭)। **পেইন্টার:** ২০টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫)। **ম্যাসন:** ৩০টি (সাধারণ ১৪, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৮)। **পাইপ ফিটার:** ২০টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫)। **ফিটার:**

এরপর বাইশের পাতায়

রাজ্যে ৬৮৭৮ শিক্ষক নিয়োগের বিজ্ঞপ্তি শীঘ্রই

নিজস্ব প্রতিনিধি: রাজ্যের নবগঠিত উচ্চ প্রাথমিক স্কুলগুলিতে ৬,৫৯৪ জন শিক্ষক নিয়োগের সিদ্ধান্ত নিল রাজ্য সরকার। একইসঙ্গে সাঁওতালি ভাষার ২৮৪ জন শিক্ষক নেওয়া হবে সাঁওতালি মাধ্যম স্কুলগুলির জন্য। নিয়োগ প্রক্রিয়াও শীঘ্রই শুরু করা হবে বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে।

৩০ নভেম্বর রাজ্য মন্ত্রিসভার বৈঠকে শিক্ষক নিয়োগের এই পরিকল্পনা অনুমোদন পায়। মন্ত্রিসভার বৈঠক শেষে পুরমন্ত্রী ফিরহাদ হাকিম এক সাংবাদিক বৈঠকে শিক্ষক নিয়োগের এই সিদ্ধান্তের কথা জানিয়ে বলেন, খুব শীঘ্রই নিয়োগের প্রক্রিয়া শুরু হবে।

নবান্ন সূত্রে খবর, নবগঠিত ২,১৯৮টি স্কুলে ৬,৫৯৪ জন সহ-শিক্ষক নিয়োগ করা হবে। সাঁওতালি মাধ্যম স্কুলগুলিতে নিয়োগ করা হবে ২৮৪ জন সহ-শিক্ষক। সরকারি নির্দেশ পাওয়ার পর নিয়োগের বিজ্ঞপ্তি জারি করবে স্কুল সার্ভিস কমিশন।

ভেতরের পাতায়

সিঁদুরির ভেষজ রঙে দেখা দিচ্ছে বাণিজ্যিক সম্ভাবনা

সিঁদুরি, লটকান, আনোত্তো, লিপস্টিক ট্রি— বিবিধ নাম তার দেশে-বিদেশে। আদতে দক্ষিণ আমেরিকার গাছ। গাছটির ফলের বীজ থেকে সংগৃহীত রং ব্যবহার করা যেতে পারে প্রসাধন সামগ্রী, এমনকী খাদ্যেও। সিঁদুরির ভালো চাষ হতে পারে পশ্চিমবঙ্গ জুড়ে। বীজ পাওয়া যাচ্ছে ফুলিয়ার কৃষি প্রশিক্ষণ কেন্দ্রে। ...পৃঃ ৯

নিখরচায় চাকরি ও ব্যবসার উপযোগী ৯ প্রশিক্ষণ

নিখরচায় চাকরি ও ব্যবসার উপযোগী ৯টি ট্রেডে প্রশিক্ষণ। সবক'টি ট্রেডের প্রশিক্ষণই পশ্চিমবঙ্গ সোসাইটি ফর স্কিল ডেভেলপমেন্ট এবং পশ্চিমবঙ্গ স্বরোজগার নিগম কর্তৃক অনুমোদিত। আগ্রহীরা এখনই আবেদন করতে পারেন। ...পৃঃ ৯

রঙিন মাছের চাষ ও বিপণনের মাধ্যমে ভালো উপার্জনের সুযোগ

রঙিন মাছের বিরাট বাজার আছে দেশের মধ্যেই। সুযোগ আছে রপ্তানিরও। রঙিন মাছের চাষে উৎসাহ দিচ্ছে রাজ্য সরকার। সরকারি প্রকল্পে আর্থিক সহায়তা পাওয়ার সুযোগও আছে। ...পৃঃ ১৩

প্যাকেজিংয়ের সার্টিফিকেট কোর্স ...পৃঃ ১৩

উত্তর-মধ্য রেলে ৭০৩

তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং

বিভিন্ন ট্রেডে ৭০৩ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে উত্তর-মধ্য রেল। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ অনুসারে এক বছরের ট্রেনিং দেওয়া হবে ফিটার, আর্মেচার ওয়াইন্ডার, মেশিনিস্ট, ওয়েল্ডার-সহ বিবিধ ট্রেডে। ট্রেনিং চলাকালীন প্রতি মাসে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই প্রশিক্ষণের নোটিফিকেশন নম্বর ০১/২০১৮।

মেকানিক্যাল (সি অ্যান্ড ডব্লু) ডিপার্টমেন্ট: ট্রেড অনুসারে আসনবিন্যাস: টেকনিশিয়ান কার্পেন্টার: ১১টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। **টেকনিশিয়ান ফিটার:** ৩৩৫টি (সাধারণ ১৭০, তফসিলি জাতি ৫০, তফসিলি উপজাতি ২৫, ও বি সি ৯০)। এর মধ্যে ৩টি করে আসন অস্থি ও শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। **টেকনিশিয়ান পেইন্টার (জেনারেল):** ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ১)। **টেকনিশিয়ান ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড**

এরপর তেইশের পাতায়

মহানদী কোলফিল্ডসে ৩৭০

জুনিয়র ওভারম্যান, মাইনিং সর্দার ও ডেপুটি সার্ভেয়র

জুনিয়র ওভারম্যান, মাইনিং সর্দার এবং ডেপুটি সার্ভেয়র পদে ৩৭০ জনকে নেবে মহানদী কোলফিল্ডস। এটি কয়লা মন্ত্রকের অধীনস্থ ভর্তুকিপ্রাপ্ত সংস্থা। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: MCL HQ/ Recruitment/Statutory/2018/282.

শূন্যপদের বিবরণ: জুনিয়র ওভারম্যান, টি অ্যান্ড এস (গ্রুপ সি): ১৪৯টি (সাধারণ ৬৪, তফসিলি জাতি ২৫, তফসিলি উপজাতি ৪১, ও বি সি ১৯)। **শিক্ষাগত যোগ্যতা:** ডিরেক্টরেট জেনারেল অব মাইনস অ্যান্ড সেফটি (ডি জি এম এস) কর্তৃক স্বীকৃত বৈধ ওভারম্যান কম্পিটেন্সি সার্টিফিকেট থাকতে হবে। সঙ্গে বৈধ ফার্স্ট এইড

এরপর বাইশের পাতায়

উত্তর-মধ্য রেলে ২০৪

তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং

বিভিন্ন ট্রেডে ২০৪ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে উত্তর-মধ্য রেলের ঝাঁসির ওয়াগন রিপেয়ার ওয়ার্কশপ। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ অনুসারে এক বছরের ট্রেনিং দেওয়া হবে ফিটার, ওয়েল্ডার, মেকানিক মেশিন অ্যান্ড টুল মেইন্টেন্যান্স, পেইন্টার, মেশিনিস্ট, ইলেক্ট্রিশিয়ান এবং প্রোগ্রামিং অ্যান্ড সিস্টেম অ্যাডমিনিস্ট্রেশন অ্যাসিস্ট্যান্ট ট্রেডে। ট্রেনিং চলাকালীন প্রতি মাসে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই প্রশিক্ষণের নোটিফিকেশন নম্বর ০১/২০১৮।

ট্রেড অনুসারে আসনসংখ্যা: ফিটার: ৯৪টি (সাধারণ ৪৮, তফসিলি জাতি ১৪, তফসিলি উপজাতি ৭, ও বি সি ২৫)। এর মধ্যে ১টি করে আসন অস্থি ও শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত থাকবে। **ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক):** ৫২টি (সাধারণ ২৬, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৪)। এর মধ্যে ১টি করে আসন অস্থি ও শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত থাকবে। **মেকানিক মেশিন অ্যান্ড টুল মেইন্টেন্যান্স:** ১৪টি

এরপর সাতের পাতায়

এয়ার ইন্ডিয়ায় ট্রেনি কেবিন ক্রু

কেবিন ক্রু পদে ৮৬ জন ট্রেনি নেবে এয়ার ইন্ডিয়া এক্সপ্রেস। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। সফলভাবে ট্রেনিং শেষে নিয়োগ করা হবে চুক্তিতে।

মোট শূন্যপদ: ৮৬টি (সাধারণ ৪৪, তফসিলি জাতি ১৪, তফসিলি উপজাতি ৬, ও বি সি ২২)। **শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক। কোনও স্বীকৃত প্রতিষ্ঠান থেকে হোটেল ম্যানেজমেন্ট অ্যান্ড ক্যাটারিং টেকনোলজিতে তিন বছর মেয়াদের

এরপর সাতের পাতায়

পশ্চিমবঙ্গ সরকার
যুব কল্যাণ দপ্তর
VOCATIONAL TRAINING INSTITUTE
UNDER STATE YOUTH CENTRE, MOULALI
YOUTH SERVICE DEPT. Govt. of West Bengal & WB URBAN ACADEMY-একটি যৌথ উদ্যোগ
মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থীদের আবেদন গ্রাহ্য হবে

ADVANCE DIPLOMA/DIPLOMA			CERTIFICATE		
COURSE	DURATION	AMOUNT	COURSE	DURATION	AMOUNT
INTERIOR DECORATING & DESIGN	18 Months	10,100/-	TEXTILE DESIGNING	6 Months	2,500/-
FASHION DESIGNING	18 Months	8,150/-	BEAUTICIAN	6 Months	2,100/-
COMPUTER HARDWARE & NETWORKING	12 Months	5,000/-	AIR CONDITION & REFRIGERATOR ENGINEERING	6 Months	2,500/-
TELEPHONE & MOBILE REPAIRING	12 Months	5,000/-	ANCHORING	6 Months	2,100/-
STILL PHOTOGRAPHY	12 Months	3,350/-	ELECTRICAL/ ELECTRONICS EQUIPMENT SERVICE & REPAIRING	6 Months	2,500/-

সমস্ত কোর্সের টাকা মাসিক কিস্তিতে দেওয়ার সুবিধা আছে।

MOULALI :
New Campus - 53, Sir Nilratan Sircar Sarani (Creek Row), IMA Building Gr. Floor, (Behind GD Hospital, Lenin Sarani & From Moulali towards Subodh Mallick Square through Creek Row) Kolkata - 700 014, Bus Stop Taltala. Ph. : 9874126490 / 9433153569 / 9874126490

DURGAPUR :
2nd Administrative Building, City Centre,
Ph. : 0343 2544432 / 9830275795

HOWRAH :
158/11, 158/12, Bellious Road (Near Pusposree Cinema)
Near UCO Bank, Hazra Building, Howrah - 711101
Ph.: 9230704344/9143163495/9433045288

SOUTH KOLKATA YOUTH VOCATIONAL TRAINING CENTRE
Kalikapur, Embyepass, Avisikta, 3 No. Hospital Road, 1st Lane Connector (Near Hdfc/bandu Tirtha Club) Kol-78, Ph. : 8240425239

ভর্তি চলিতেছে ভর্তি চলিতেছে

উত্তর-পূর্ব রেলে ৭৪৫ ট্রেড অ্যাপ্রেন্টিস

৭৪৫ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে উত্তর-পূর্ব রেল। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ অনুসারে এই প্রশিক্ষণ দেওয়া হবে ফিটার, ইলেক্ট্রিশিয়ান, কার্পেন্টার-সহ আই টি আইয়ের বিভিন্ন ট্রেডে উত্তরপ্রদেশের গোরখপুর, বেনারস, লখনউ-সহ বিভিন্ন ওয়ার্কশপে। ট্রেনিংয়ের মেয়াদ ১ বছর। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: KA/286/2/ACT-APPRENTICE TRAINING/Pt-III/V.

ইউনিট অনুসারে আসনসংখ্যা: মেকানিক্যাল ওয়ার্কশপ গোরখপুর: ফিটার: ৬৯টি (সাধারণ ৩৬, তফসিলি জাতি ১০, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১৮)। এর মধ্যে ২টি করে আসন দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **ওয়েল্ডার:** ৩১টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮)। এর মধ্যে ১টি করে আসন দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **ইলেক্ট্রিশিয়ান:** ৮টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। **কার্পেন্টার:** ৪৪টি (সাধারণ ২৩, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১২)। এর মধ্যে ১টি করে আসন দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **পেইন্টার:** ৪৩টি (সাধারণ ২২, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১২)। এর মধ্যে ১টি করে আসন দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। **মেশিনিস্ট:** ৮টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)।

সিগনাল ওয়ার্কশপ গোরখপুর ক্যান্টনমেন্ট: ফিটার: ৩১টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮)। এর মধ্যে দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য ১টি করে আসন সংরক্ষিত থাকবে। **মেশিনিস্ট:** ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ২)। **ওয়েল্ডার:** ৮টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। **কার্পেন্টার:** ৩টি (সাধারণ ২, ও বি সি ১)। **টার্নার:** ১৫টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)।

ব্রিজ ওয়ার্কশপ গোরখপুর ক্যান্টনমেন্ট: ফিটার: ২০টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫)। এর মধ্যে

এরপর বাইশের পাতায়

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

কর্মক্ষেত্র
স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাঃ লিঃ
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ফোন: (০৩৩) ২২৮৩-২৩২০
ফ্যাক্স: (০৩৩) ২২৮৭-৬৪৪৮
E-mail: info@swarnakshar.in
Website: www.swarnakshar.in

বর্ষ ৩৯ সংখ্যা ১৮ □ ৭ ডিসেম্বর ২০১৮

ই-মেল ঠিকানা

সম্পাদকীয় বিভাগ:
karmakshetra@swarnakshar.in
বিজ্ঞাপন বিভাগ:
advt@swarnakshar.in
সার্কুলেশন বিভাগ:
circulation@swarnakshar.in

কর্মখালি

SBI / HDFC / UCO-ব্যাঙ্ক Direct বাংলা প্রসেসে KYC / DOC যাচাই কাজে WB জেলাভিত্তিক স্মার্ট বাংলাভাষী (18-34) M/F সরাসরি নিয়োগ। বেতন: 10,636/- – 35,550/- (INC + OT + TA) W2C, Kol-56. বেলঘরিয়া/দমদম 83348-59516, গড়িয়া / টালিগঞ্জ: 90629-77779, ব্যারাকপুর / কল্যাণী: 91632-90343 বারুইপুর / সোনারপুর: 98755-52728.

□

এয়ারপোর্ট ও মেট্রো

গ্যারান্টি সহকারে সম্পূর্ণ বিনা ডোনেশনে Airport ও মেট্রোতে কন্ট্রাক্টরের অধীনে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক, বেতন: 16,500/- – 49,300/-. এছাড়া PF, ESI, OT-সহ অন্যান্য সুবিধা। বয়স: 18-40, D.J.S, হাওড়া, শিবপুর, M: 83719-21244.

□

ONLINE SHOPING / VODA ও JIO 4G / কাস্টমার কেয়ারে

বাংলাভাষী (মাধ্যমিক-গ্র্যাজুয়েট) (18-35), ছেলেমেয়েদের স্পট সিলেকশন চলছে। বেতন: যোগ্যতানুসারে INC + OT + BONUS-সহ 11,500/- ও অন্যান্য সুবিধা। প্রয়োজনে শিখে জয়েনিং। IIFA, Kol-28. দমদম (H.O.): 84206-66060, গড়িয়া: 90020-33880, দমদম (উঃ): 99032-23211, শিলিগুড়ি: 98307-71003.

□

স্থায়ী কাজ

কন্ট্রাক্টরের অধীনে Airport, মেট্রো ও ব্যাঙ্ক (DSA)-তে সম্পূর্ণ বিনা ডোনেশনে স্থায়ী পদে কর্মী নিয়োগ চলছে। যোগ্যতা: নামসই-৮ম-স্নাতক। বেতন: 15,200/- – 34,200/-. সত্বর- অবিনাশ সরণি, কলি-10. SJS, 96797-48298.

□

Banking Back Office, Customer Care-এ জেলাভিত্তিক Spot নিয়োগ চলছে। বাংলা/হিন্দি জানা M/F নিয়োগ। মাধ্যমিক-M.A, বেতন: 10,950/- – 22,800/-. P.F. ESI, Inc, OT থাকা-খাওয়ার সুব্যবস্থা। Nigam Tori, KGP, MDN, কলকাতা / হাওড়া: 98007-80569 বাঁকুড়া / মেদিনীপুর: 84368-61388. Urgent Vacancy.

□

বর্ধমান অফিসের জন্য মহিলা রিশেপসনিস্ট চাই। H.S + 5-9,000/-, NSI, G. D. Rd, বর্ধমান, 90025-84868.

□

কর্মক্ষেত্র
কার্যালয়ে যোগাযোগের ঠিকানা:
স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: info@swarnakshar.in
বিজ্ঞাপন দিতে যোগাযোগ করুন:
অর্ণব দাশগুপ্ত: ৯৮৩০৬-০০৭৩৩
সুমনা সেনগুপ্ত: ৯৮৩০০-২৬১৩৬

কর্মখালি

BSNL/VODA/JIO

কাস্টমার কেয়ারে (10-6 PM) রাজ্যের বিভিন্ন জেলা থেকে (মাধ্যমিক-M.A) অভিজ্ঞ/অনভিজ্ঞ M/F সরাসরি নিয়োগ চলছে। বয়স: (18-38), বেতন শুরু: 12,700/- + PF + ESI + মেস। IING, Kol-08. বেহালা: 96742-56755, উঃ/দঃ ২৪ পরগনা: 82769-83240.

□

সিঙ্গুলার এডুকেয়ার-এ ৪৮০ জন শিক্ষক ও ৩০ জন অফিস এক্সিকিউটিভ

৪৮০ জন শিক্ষক ও ৩০ জন অফিস এক্সিকিউটিভ নিয়োগ করবে সিঙ্গুলার এডুকেয়ার প্রাইভেট লিমিটেড। এটি কেন্দ্রীয় সরকারের একটি সার্টিফায়েড ইনস্টিটিউট। এই নিয়োগটি হলদিয়া, কলকাতা, কাঁথি এবং তমলুক জোনে নিজেদের ইনস্টিটিউটের জন্য হবে। নিয়োগের নোটিস নং: SEPL / HR / 01 / 2018 এবং SEPL / HR / 02 / 2018। পরীক্ষা হবে ফেব্রুয়ারি মাসে। শিক্ষাগত যোগ্যতা: গ্রুপ 'বি' শিক্ষকদের জন্য-ন্যূনতম মাস্টার ডিগ্রি, গ্রুপ 'সি' শিক্ষকদের জন্য-ন্যূনতম গ্র্যাজুয়েশন ডিগ্রি এবং অফিস এক্সিকিউটিভের জন্য ন্যূনতম গ্র্যাজুয়েশন ডিগ্রি এবং কম্পিউটার জানা থাকতে হবে। বয়স: ০১/০১/২০১৯ তারিখে ২১-৩৫-এর মধ্যে। বেতন: গ্রুপ 'বি' এবং 'সি' শিক্ষকের বেতন যথাক্রমে: ১৫,০০০/- এবং ১৩,০০০/- অফিস এক্সিকিউটিভের বেতন: ১৩,০০০/-। আসন সংরক্ষণের বিবরণ: Group 'B' (English-50, Math-50, Physics-50, Chemistry-50, Biology-50, Accountancy-30, Economics-30). Group 'C' (English-50, Math-50, Science-50, Sanskrit-05, Geography-10, Bengali-05). দরখাস্তের পদ্ধতি: Application Form ডাউনলোড করতে হবে- www.singularedu.org career page থেকে। এবং Fill up করে নির্দিষ্ট অফিসে পাঠাতে হবে। আবেদনের পুরো পদ্ধতি নোটিফিকেশনে দেওয়া আছে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরি উক্ত ওয়েবসাইটটি (www.singularedu.org)

□

আর্জেন্ট ভ্যাকান্সি

Airport ও মেট্রোতে পার্মানেন্ট জব। স্ট্যাম্প পেপারে লিখিত-সহ বিনা ডোনেশনে কন্ট্রাক্টরের অধীনে Airport ও মেট্রোতে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 16,700/- – 45,900/-, এছাড়া PF, ESI, OT-সহ থাকা-খাওয়ার সুব্যবস্থা। বয়স: 18-40, D.J.S.C. বালিগঞ্জ ফাঁড়ি মোড়, কোল-19, (M): 83718-73424.

□

হোটেলে চাকরি

কেন্দ্র ও রাজ্য সরকার অনুমোদিত, ISO স্বীকৃত ও University Affiliated সংস্থার মাধ্যমে হোটেলে গ্যারান্টি-সহ ৮,০০০/- আয় + থাকা + খাওয়া + মেডিকেল ফ্রী। www.bshm.co.in M: 92316-80651.

□

ভারতের সর্বত্র স্টার হোটেলে

৭ দিনে জয়েনিং। ন্যূনতম মাধ্যমিক আয় ৮,০০০ + থাকা খাওয়া + টিপস। বয়স ৩০-এর মধ্যে। Career Hub (ISO স্বীকৃত ও গভঃ রেজিঃ) 7A, রুপচাঁদ মুখার্জি লেন, ভবানীপুর, কোল-25. (M): 92319-65679.

□

Airport মেট্রোতে Pvt. ব্যাঙ্কে স্থায়ী জব

সরকারি স্ট্যাম্প পেপারে লিখিত-সহ বিনা ডোনেশনে Airport ও মেট্রোতে ও ব্যাঙ্ক DSA-তে কন্ট্রাক্টরের অধীনে নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 16,400/- – 48600/-. বয়স: 18-40 বছর। অন্যান্য সুবিধা: D. L. C, শিয়ালদহ, কলি-09, 83709-54324.

□

কর্মখালি

চাকরি পেতে একটি ফোনের অপেক্ষা

বেতন: 10,600/- – 28700/-

শহর থেকে গ্রামের প্রত্যেক কর্মপ্রার্থীদের জন্য বিনা ডোনেশনে চাকরি। যোগ্যতা: অষ্টম-স্নাতক। পশ্চিমবঙ্গের প্রতিটি জেলাতে স্থায়ী কাজ। অফিসিয়াল ও অন্যান্য পদে নিয়োগ চলছে। পোস্ট S/V অফিস বয়, ক্লার্ক ইনচার্জ পিওন ATM গার্ড Pvt (Bank)-এ প্রচুর লোক প্রয়োজন। PF, ESI, OT, বোনাস, থাকা ও খাওয়া ফ্রী। যোগাযোগের সাথে সাথে কর্মপ্রার্থীকে লিখিতভাবে পোস্টিং এরিয়া জানানো হবে। Aruna Group, 1 No মল্লিক কলোনী, দমদম-74, (M): 83482-22418.

□

Pvt. ব্যাঙ্কে চাকরি

ব্যাঙ্কের ব্যাক ও ফ্রন্ট অফিসে অফিসিয়াল পদে অতি সত্বর যোগ্য প্রার্থী চাই। হাওড়া ও হুগলি: 85838-65904 শ্রীরামপুর ও ব্যান্ডেল: 70443-81672 শ্যামবাজার ও শিয়ালদহ: 74497-02185 ব্যারাকপুর ও সোদপুর: 84202-17726 নৈহাটি ও কল্যাণী: 86975-95918 সোনারপুর ও গড়িয়া: 86976-16060 বজবজ ও বালিগঞ্জ: 86976-16100 বারাসাত ও বনগাঁ: 84208-88113 বসিরহাট ও এয়ারপোর্ট: 86975-95917 Need Counseling, ডানলপ-108.

□

স্টার হোটেলে 6-17,500/-

রেজিঃ ফি ছাড়াই লিখিত গ্যারান্টি-সহ স্টার হোটেলে স্থায়ী চাকরি। থাকা-খাওয়া সম্পূর্ণ ফ্রি + অন্যান্য সুবিধা। ছেলে ও মেয়ে চাই। Golden Future Academy, মহানাদ, হুগলি: 99322-25700.

□

JOB VACANCY

Govt. Reg-L/No-1860A, সম্পূর্ণ বিনা ডোনেশনে 3-4 দিনের মধ্যে প্রতিটি জেলায় Pvt. BANK, টাওয়ার, ATM, শপিং মল, Dish TV ও MNC বিভিন্ন Official পদে (৮থ-উচ্চশিক্ষিত) টার্গেট ছাড়া Direct জয়েনিং। বেতন: (11,200-29,500) কর্মপ্রার্থীর আবেদনের মুহূর্তে Joining Date জানানো হবে। DJS, ডালহৌসি, কল-১। (M): 97343-13638 / 86954-99063.

□

BANK KYC -তে 27 জন

চাকরির জন্য কোনও ডোনেশন লাগে না। স্থায়ী অফিসিয়াল পদে কম্পিউটারে Database Update করতে ন্যূনতম H.S পাশ (18-32) ব্যাক অফিস Executive নিয়োগ। বেতন: 8,345/- – 11,780/- Itech, Dunlop, Kol-108. কলকাতা: 83368-25980, বারাসাত: 83368-25979.

□

Tally-তে কর্মখালি

ঘাটাল শহরের GFC Hospital-এ ট্যালি এন্ট্রির জন্য পার্টটাইম / ফুলটাইমার যুবক চাই। বেতন আলোচনা সাপেক্ষ। সাত দিনের মধ্যে বায়োডাটা পাঠান। ইমেল: ghatal1947@gmail.com মো: 81700-04868.

□

Jio / Airtel / SBI কাস্টঃ কেয়ারে বাংলা ভাষা জানা ছেলেমেয়ে সরাসরি নিয়োগ চলছে। যোগ্যতা: মাধ্যমিক-স্নাতক। বেতন: INC + OT-সহ 11,500/- Z. M. Group, Salt Lake, Sec-V, Kol-91. হাওড়া ও হুগলি: 96747-95345, উঃ/দঃ ২৪ পরগনা: 98301-20692.

□

PVT ব্যাঙ্ক এবং Account Deparment-এ চাকরি। অফিসে বসে অফিসিয়াল কাজের জন্য প্রচুর প্রার্থী চাই। হাওড়া এবং শিয়ালদহ: 99038-54218, সোনারপুর এবং বালিগঞ্জ: 96744-11851, 76, B.B.Ganguly Street, Kol-700012 MK Carrier & Services,

□

DISCLAIMER

SWARNAKSHAR PRAKASANI PVT. LTD. assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.

পাঠকের প্রতি

কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।

কর্মখালি

আর্জেন্ট ভ্যাকান্সি

শহর থেকে গ্রামে প্রত্যেক কর্মপ্রার্থীদের বিনা ডোনেশনে কন্ট্রাক্টরের অধীনে Airport, মেট্রোতে চাকরি। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 17,500/- – 49,700/-, বয়স: 18-45, D. L. C, সল্ট লেক, কলি-64, M: 83709-56124.

□

SURGICAL CO. REQUIRE EXECUTIVE (G) 3/M TRAINEE RS. 5,000 + TA. AFTER TRAINEE RS. 13,000/M + TA (B. COM/B. SC OR APPEAR AS MERIT) WALK INTERVIEW CALL: 94333-63222, 3-5 PM, SURGILAB, SODEPUR, KOL-110.

□

পশ্চিমবঙ্গের প্রতিটি জেলায় ATM গার্ড, 4G টাওয়ার গার্ড, SV, অফিসবয়, পিওন, টেলিকলার পদে কর্মী চাই। বেতন: (11,500/- – 16,500/-. R. J. S., 11/C, R. B. L. Kol-09. M: 84364-85750.

□

শীঘ্রই যোগাযোগ করুন

যোগ্যতার ওপর বিচার করে ATM, শপিং মল, BANK (DSA), টাওয়ার, Dish TV, প্রাইভেট Co.-তে 11,200/- – 28,700/-) বেতনে OFFICIAL বিভিন্ন পদে প্রতিটি জেলায় ESI + PF-সহ স্থায়ী কাজে M/F চাই। জয়েনিং হবে 3-4 দিনের মধ্যে। N. D, সেন্ট্রাল অ্যাভেনিউ, Kol-7. www.gcagroup.co.in 87687-62505 / 77186-37129.

স্কুল-কলেজ শিক্ষা

টিচার্স ট্রেনিং

প্রি-প্রাইমারি, প্রাইমারি ও মন্তেশ্বরী টিচার্স ট্রেনিংয়ে ভর্তি চলছে। BSS, NCVT (Govt. of India) & PBSSD Approved Placement (Asst.) Instalment-এর সুবিধা আছে। Global Technical Institute, বেলেঘাটা: 75969-71701/ 92301-13485 বারুইপুর (স্টেশনের নিকটে): 92315-51285/70449-27065.

□

প্যারামেডিকেল ও নার্সিং

RMP (অ্যালো ও হোমিও), **DMLT** (প্যাথোঃ) DPT (ফিজিও), ECG ও ANM (নার্সিং) কোর্সে ভর্তি চলছে। DMLT ও ANM ট্রেনিং শেষে চাকরি নিশ্চিত। ক্লাস: শনি ও রবি। ক্যারিয়ার অ্যাকাডেমি, স্টেশন-গড়িয়া, কলি-৮৪। নফরচন্দ্র স্কুলের বিপরীতে। 82729-11322 / 89813-66250.

□

কম্বাইন্ড কোর্স (WBCS, PSC, SSC, ব্যাঙ্ক, রেল, স্পোকেন ইংলিশ ইত্যাদি) প্রশিক্ষণ নিয়ে বহু স্টুডেন্ট সুপ্রতিষ্ঠিত। কেবলমাত্র ছাত্রীরাই যোগাযোগ করবে। পি. মুখার্জি, হাওড়া শিবপুর। 90075-34791, 90731-7608.

□

স্কুল-কলেজ শিক্ষা

Bachelor of Vocational (B. Voc) Admission, 2018-19 Bangabasi Evening College, Kol-9 (Affiliated to Calcutta University)

Few seats remain vacant; applications are invited for admissioner to 3 year B. Voc Course in i) Banking, Financial Services and Insurance (BFSI) ii) Hospitality and Tourism, approved by UGC. Admission forms and application procedure are available at webpage: www.bangabasi evening.edu.in Phone: 98301-58191.

□

WBCS সোনারপুর WBCS 110টি কমন না পেলে 50% টাকা ফেরত। মৃণালস্যার, 90077-36900 / 74496-99897.

□

350 টাকা মাসে PSC, RAIL, FOOD, SI, SSC, MATH, GI, GK পড়ানো হয়। শিয়ালদহ, ঢাকুরিয়া। Kol-31. P.A. 98046-61270.

কর্মপ্রার্থী

Soma Chakraborty, 838/1, Sarat Chatterjee Road, P. O.: Santragachi, Howrah-711 104. Age: 45 (Female), B. A. Web Designer, HTML, CSS, Photoshop, Coreldraw, MS-Office. Ph: 91236-56844.

জুয়েলারি ডিজাইনিং পাঠ্যক্রম

An ISO 9001:2008 Academy & Govt. Regd.

স্বামী প্রণবানন্দ জেমস্ অ্যান্ড জুয়েলারি অ্যাকাডেমি শ্রীরামপুরে শুরু হচ্ছে প্রফেশনাল জুয়েলারি ডিজাইনিং শীর্ষক পাঠ্যক্রম। মেয়াদ ১বছর। সপ্তাহে তিন দিন, কম্পিউটারে ক্যাড্ ডিজাইনিং সহ হাতে-কলমে ম্যানুয়াল ডিজাইনিং প্রশিক্ষণ দেওয়া হবে। প্রশিক্ষণ শুরু ১৭ই জানুয়ারি, ২০১৯। যোগ্যতা মাধ্যমিক পাশ। মোট আসন: ২০। প্রশিক্ষণ শেষে সুনিশ্চিত কর্ম-সংস্থান। যোগাযোগ: ৩৩/এ ঠাকুরদাস বাবু লেন, বৃন্দাবন অ্যাপার্টমেন্ট, শ্রীরামপুর, হুগলী।

Web: www.spgja.com

ভর্তির পূর্বে ISO সহ সরকারি রেজিস্ট্রেশান অবশ্যই দেখে নিন।

Mob: 8100507227

স্বর্ণাক্ষরে বেড়াবার বই ছোটদের বই

প্রথম ভারতীয় ভূপর্যটক
বিমল মুখার্জির
দুচাকায় দুনিয়া
১৯২৬ সালে সাইকেলে পৃথিবী পর্যটনে বেরিয়েছিলেন বিমল মুখার্জি (১৯০৩-১৯৮৭)। তাঁর সেই দুঃসাহসিক বিশ্বভ্রমণের রোমাঞ্চকর অভিজ্ঞতা।
অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
সপ্তম মুদ্রণ ₹৩০০

শঙ্খ ঘোষের **ইছামতীর মশা**
কবির দেখা কবির লেখা
একগুচ্ছ অসামান্য ভ্রমণকথা।
পরিবর্ধিত দ্বিতীয় সংস্করণ ₹১৫০

বেড়াতে যাবার সিঁড়ি ₹১২০

নবনীতা দেব সেনের
ভ্রমণের নবনীতা
নানা মহাদেশের মাটির জলস্পর্শ আছে এ বইয়ে।
তৃতীয় মুদ্রণ ₹১২৫

অমরেন্দ্র চক্রবর্তীর
বন্ধুভরা বসুন্ধরা
অজানা দেশ দেখে বেড়ানো, অচিন মানুষ চিনে বেড়ানোর আন্তরিক আলেখ্য। সঙ্গে রঙিন ছবি। মজবুত বোর্ড বাঁধাই।
দ্বিতীয় সংস্করণ ₹১২০

রবীন চক্রবর্তীর
বাঁধা পথের বাঁধন ছেড়ে
উত্তর-পূর্ব ভারত আর লাদাখ ভ্রমণে আগ্রহীদের এ-বই পথ দেখাবে।
২য় সংস্করণ। ₹৯০

শঙ্কররঞ্জন রায়চৌধুরীর
চিন তিব্বত মোঙ্গোলিয়া
বিচিত্র প্রকৃতি আর মানুষের জীবনস্রোতে ভেসে বেড়ানো। ২য় মুদ্রণ। ₹৯০

সেরা ভ্রমণ কাহিনী
অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
প্রখ্যাত লেখক-পর্যটকদের দেশ-বিদেশ ভ্রমণের অন্তরঙ্গ কাহিনী।
১ম খণ্ড। সহস্রাধিক পাতা। ৪র্থ মুদ্রণ ₹৫০০
২য় খণ্ড। ৭০০ পাতা। ৩য় মুদ্রণ ₹৩০০
৩য় খণ্ড। ₹৩০০

মহাশ্বেতা দেবীর বিস্ময়কর বই
তুতুল তৃতীয় মুদ্রণ ₹৬০
সুভাষ মুখোপাধ্যায়ের ছড়ার বই
বকবকম ₹১৫
কানাইলাল চক্রবর্তীর
খুব ছোটদের জন্য এক আশ্চর্য সুন্দর বই
চলো দেখে আসি
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹২০
চড়ুইয়ের সঙ্গে ₹১৫
কুমির হয়ে জলে গেল ₹৩০
পবিত্র সরকারের
কথামালা: ছড়ায় ঢালা ₹১৫
মৈত্রেয়ী নাগের
বাঘ বেড়ালের ছড়া ছবি ₹৩০
আষাঢ়ে গল্প ₹৬০

অমরেন্দ্র চক্রবর্তীর
ছোটদের বই
২০১৬-র সাহিত্য অকাদেমি (শিশুসাহিত্য) পুরস্কারপ্রাপ্ত
গরিলার চোখ ₹৮০
লিচুবাগানের চৌকিদার ₹৮০
বরফের বাগান ₹১২০
ছেঁড়াকাঁথার গল্প ₹৭৫
আমাজনের জঙ্গলে
বিস্ময়কর কিশোর উপন্যাস। ৭ম মুদ্রণ ₹৭০
হীরু ডাকাত
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹১২০
সঙ্গে বিনামূল্যে: অবাক করা গানে-সুরে বাদ্যি-বাজনায় অভিনয়ে জমজমাট দু'ঘন্টার অখণ্ড MP3 সিডি
গৌর যাযাবর
বিশ্বভারতীর আশালতা সেন পুরস্কারপ্রাপ্ত। পরিবর্ধিত নতুন সংস্করণ ₹১২০
শাদা ঘোড়া ৬ষ্ঠ মুদ্রণ ₹৬০
দেশ-বিদেশের নানা ভাষায় অনূদিত।
টিয়াগ্রামের ফিঙেনদী
যুধাজিৎ সেনগুপ্ত চিত্রিত ₹১৫
ঋষিকুমার ₹২০ **পাখির খাতা** ₹৪০
ভূতের বাঁশি ₹৪০
তালগাছের ডোঙা ₹২০

স্বর্ণাক্ষর
29/1-A, Old Ballygunge 2nd Lane
Kolkata-700 019
Ph: 2283-2320 Fax: 2287-6448

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

স্বনির্ভরতার নানা পথ

কোন মেশিনে কী ব্যবসা

কেক তৈরির মেশিন

‘কর্মক্ষেত্র’র জনপ্রিয় বিভাগ ‘কোন মেশিনে কী ব্যবসা’ পড়ে অসংখ্য তরুণ-তরুণী ছোটখাটো ব্যবসা শুরু করে স্বনির্ভর হয়েছেন। মেশিন চিনে, মেশিন কিনেই সরাসরি ব্যবসায় নেমে পড়ার চটজলদি সুলুকসন্ধান নিয়ে এই বিভাগ। একেবারে সাম্প্রতিক তথ্য সহ।

নিজস্ব প্রতিনিধি: উৎসবে, অনুষ্ঠানে সারাবছরই কেকের চাহিদা থাকে। তবে বড়দিনে এবং ইংরেজি নববর্ষে এই চাহিদা বেড়ে যায় অনেকটাই। এই মেশিনের সাহায্যে কেক তৈরি করে প্যাকেটে ভরে অর্ডার অনুযায়ী দোকানে সাপ্লাই করতে পারেন অথবা নিজের উদ্যোগেই বিক্রি করতে পারেন।

কীভাবে করবেন: কেক তৈরির জন্য প্রয়োজন একটি কেক ফেটানোর মিক্সার মেশিন ও একটি বড় মাপের ওভেন। কেক তৈরির জন্য প্রয়োজনীয় উপকরণগুলি হল: চিনি, ময়দা, ঘি, ডিম, বেকিং পাউডার, সুগন্ধী দ্রব্য, কাজু, কিশমিশ, বাদাম, চেরি প্রভৃতি। বাজার থেকে প্রথমে এই উপকরণগুলি কিনে আনতে হবে। এরপর ময়দা, ডিম, চিনি, ঘি, সুগন্ধী দ্রব্য ও পরিমাণমতো বেকিং পাউডার একসঙ্গে কেক ফেটানোর মেশিনে দিয়ে ফেটিয়ে নিতে হবে। এবার এই মিশ্রণে কাজু, চেরি, কিশমিশ প্রভৃতি ছড়িয়ে লম্বা-চৌকো-গোল, ছোট-বড় যে-কোনও আকারের পাত্রে ভরে ওভেনে দিলেই নানা আকৃতির কেক তৈরি হয়ে যাবে। এই কেক ওজন করে প্যাকেটে ভরে বাজারে বিক্রি করতে পারেন। অটোম্যাটিক এই মেশিনে ২ হর্সপাওয়ার মোটর লাগবে এবং বিদ্যুৎ লাগবে ২২০-৪৪০ ভোল্ট।

কোন মেশিনের কী দাম: ৫০ কেজি পর্যন্ত কেকের মিশ্রণ ফেটানোর অটোম্যাটিক এই মেশিনের দাম পড়বে ১ লাখ ২০ হাজার টাকা। ১০ থেকে ১৫ কেজি পর্যন্ত কেকের মিশ্রণ ফেটানোর এই মেশিনের দাম পড়বে ৫০ হাজার টাকা। ওভেনের দাম পড়বে সাড়ে তিন লাখ টাকা।

মেশিন কোথায় পাবেন: মেশিন পাবেন এই ঠিকানায়: Bharat Machine Tools Industries, 61, Ganesh Chandra Avenue, Kolkata-700 013. Ph: 2236-8015, 94324-22086. E-mail: bharatmachinetools1@rediffmail.com

শিল্পজিজ্ঞাসা

‘কর্মক্ষেত্র’-য় ‘স্বনির্ভরতার নানা পথ’ দেখে পথে নামার কথা ভাবছেন? নিজে পথে না নেমে কিন্তু কোনও ব্যবসার সবক’টি দিক জানা সম্ভব নয়। প্রদীপ জ্বালানোর আগে সলতে পাকানোর মতো এ হল ব্যবসা শুরুর আগের ধারণা তৈরির পর্ব। শুরুর আগে বা পরে কোনও জিজ্ঞাসা জাগলে ‘শিল্পজিজ্ঞাসা’ বিভাগে চিঠি লিখুন।

□ *আমি পোশাকের ব্যবসায়ী। শান্তিনিকেতনের হাট থেকে কিছু পোশাক কিনতে চাই। কোনদিন এই হাট বসে এবং কতক্ষণ হাট চলে জানালে উপকৃত হব। —তপতী জানা, দমদম, কলকাতা।*

□□ শান্তিনিকেতনের খোয়াই অঞ্চলে হাট বসে। গাড়ি বা অটোরিকশায় হাটে যেতে হবে। প্রতি শনিবার হাট বসে। বেলা ১১টা থেকে সন্ধ্যা পর্যন্ত হাট চলে।

□ *কিছু ভেষজ উপাদানের মিশ্রণে বডি অয়েল তৈরি করতে চাই। কোন কোন উপাদান কী পরিমাণে মেশাব সে বিষয়ে পরিষ্কার ধারণা নেই। কোথাও প্রশিক্ষণ নেওয়ার ব্যবস্থা থাকলে জানাবেন। —স্বপন মাইতি, ইছাপুর, উত্তর ২৪ পরগনা।*

□□ আপনি স্বনিযুক্তি-সহায়ক প্রতিষ্ঠান প্রগতিতে যোগাযোগ করতে পারেন। এখানে বডি অয়েল তৈরির প্রশিক্ষণ দেওয়া হয়। ঠিকানা: প্রগতি, নর্থ ঘোষপাড়া গ্যাসগিট রোড, বালি, হাওড়া। ফোন: ২৬৭১-০২৯২।

□ *সিন্থেটিক ঝাঁটা তৈরিতে আগ্রহী। প্লাস্টিক ইয়ার্ন কোথা থেকে কিনতে পাওয়া যাবে? —মোহনলাল দাশ, হালদার পাড়া রোড, কলকাতা-২৬।*

□□ আপনি এই ওয়েবসাইটটি দেখুন: www.indiamart.com/plastic broom yarn এখানে ঝাঁটা তৈরির প্রয়োজনীয় সিন্থেটিক তন্তু প্রস্তুতকারী ও সরবরাহক বিভিন্ন সংস্থার খোঁজ পাবেন। দেখতে পারেন এই ওয়েবসাইটটিও: www.monofilamentbroom.com

□ *পুরুলিয়ার শবর জনজাতির মানুষজন প্রাকৃতিক তন্তু ব্যবহার করে সুন্দর সুন্দর হস্তশিল্প সামগ্রী তৈরি করেন। এরকম কিছু সামগ্রী কিনতে চাই পাইকারি দরে। কীভাবে কেনা যায়? —সঞ্জীব পাল, বেহালা, কলকাতা।*

□□ আপনি পশ্চিমবঙ্গ খেড়িয়া-শবর কল্যাণ সমিতির সঙ্গে যোগাযোগ করতে পারেন। সমিতির সদস্যদের তৈরি বিভিন্ন হস্তশিল্প সামগ্রী বিক্রি হয় সমিতির মাধ্যমে। যোগাযোগের ঠিকানা: রাজনোয়াগড়, পুরুলিয়া-৭২৩ ১০১। ফোন: ৩২৫২২ ২৩৯৬১।

□ *ছাদে জৈব বাগান তৈরি করতে চাই নিজেই। কোথাও প্রশিক্ষণ নেওয়ার ব্যবস্থা আছে কি? —অঞ্জন গোস্বামী, গড়িয়া, কলকাতা।*

□□ ডেভেলপমেন্ট রিসার্চ কমিউনিকেশন অ্যান্ড সার্ভিসেস সেন্টার বাড়ির ছাদে জৈব বাগান তৈরির প্রশিক্ষণ দেয়। দেশীয় বীজ, জৈব সার ও কীটনাশকও সংগ্রহ করা যায় প্রতিষ্ঠান থেকে। যোগাযোগের ঠিকানা: ৫৮এ, ধর্মতলা রোড, বোসপুকুর, কসবা, কলকাতা-৪২। ফোন: সৌরভ ঘোষ- ৯৪৩২০ ১৩২৪৮।

□ *পোট্যাটো চিপস তৈরির জন্য প্রয়োজনীয় সরঞ্জাম এবং সেগুলির দরদাম জানতে চাই। —অশোক সরকার, বাদুরিয়া, উত্তর ২৪ পরগনা।*

□□ দরকার হবে এইসব সরঞ্জামের (ব্র্যাকেটে দাম): পিলার মেশিন (৩০ হাজার টাকা), কাটিং মেশিন (৩০ হাজার টাকা), ডিজেল ওভেন (২৫ হাজার টাকা), অয়েল হাইড্রো মেশিন (২৫ হাজার টাকা), মিক্সার মেশিন (২৫ হাজার টাকা)। মেশিনের সঙ্গে মোটরের দাম ধরা আছে।

□ *হরিণঘাটা ব্র্যান্ডের মাংস বিপণনের জন্য ফ্রাঞ্চাইজি নিতে চাই। এজন্য কোথায় যোগাযোগ করতে হবে? ঠিকানার সঙ্গে ফোন নম্বর ও ই-মেল অ্যাড্রেস জানালে ভালো হয়। —সুরজিৎ কুণ্ডু, নিউ বারাকপুর, উত্তর ২৪ পরগনা।*

□□ যোগাযোগ করবেন এই ঠিকানায়: ওয়েস্ট বেঙ্গল লাইভস্টক ডেভেলপমেন্ট কর্পোরেশন, এল বি-২, সেক্টর-থ্রি, সল্টলেক, কলকাতা-১০৬। ফোন: ২৩৩৫-৫২৯৮। ই-মেল: info@wbldc.in ওয়েবসাইট: www.wbldc.in

□ *আমি উচ্চমাধ্যমিক পাশ। চর্মজাত বিভিন্ন সামগ্রী তৈরি শিখতে চাই। ভালো কোনও কোর্সের খোঁজ দেবেন। —খইরুল ইসলাম, দক্ষিণ বারাসাত।*

□□ গভর্নমেন্ট কলেজ অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড লেদার টেকনোলজিতে জুতো ও চর্মজাত বিভিন্ন সামগ্রী তৈরির ২ বছরের সার্টিফিকেট কোর্স করা যায় মাধ্যমিক যোগ্যতায়। তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন এই ঠিকানায়: গভর্নমেন্ট কলেজ অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড লেদার টেকনোলজি; ব্লক-এল বি ১১, সেক্টর-থ্রি, সল্টলেক, কলকাতা-১০৬। ফোন: ২৩৩৫-৬৯৭৭।

বাঁকুড়াতে এই প্রথম সকল ছাত্র-ছাত্রীদের সুবিধার্তে উচ্চশিক্ষার এক সুবর্ণ সুযোগ নিয়ে এল

BANKURA NATIONAL INSTITUTE

Address : Kalyani Bhawan, Kerani Bandh, Lalbazar (Near Fly Over/ Bus Stop), P.O.+P.S. Bankura, Pin-722101

সরাসরি ভর্তি ও সিট বুকিং চলিতেছে শুধুমাত্র BANKURA NATIONAL INSTITUTE এ, যার সহযোগীতায় ‘HALDAR ACADEMY’

B.Ed. D.El.Ed. M.Ed. B.P.Ed. D.Pharm B.Pharm

এছাড়া ভর্তি চলছে : মাধ্যমিক, উচ্চমাধ্যমিক B.A, M.A, B.Sc, M.Sc, B.Com, M.Com, MSW, BBA, BCA, LLB, Hotel Management

এবছর যারা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পাশ করতে পারেননি তারা ভর্তির জন্য শিঘ্রই যোগাযোগ করুন।

(মনে রাখবেন আমাদের সমস্ত কোর্সে সরকারী স্বীকৃত এবং প্রাইমারী, SSC, PSC, RAIL, BANK, WBCS সহ সমস্ত সরকারী চাকুরীর পরীক্ষায় 100% গ্রহণযোগ্য)

All Course Approved by : UGC, DEC,SCERT, NCERT, AICTE, PCI, NCTE, WBBPE & MHRD

ভর্তির জন্য আজই যোগাযোগ করুন - আমরা দেখাচ্ছি আপনার সঠিক দিশা ...

বাঁকুড়া 8348043505 / 8348041398

সোনারপুর 9007700707 / 7890017038

‘HALDAR ACADEMY’ তে Counseling এর জন্য Male ও Female staff চাই। Bio-Data পাঠান 9830808130 এই Whats App নম্বরে।

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

কারেন্ট অ্যাফেয়ার্স

২৪ নভেম্বর-২৮ নভেম্বর

২৪ নভেম্বর ২৪ নভেম্বর মেক্সিকোর সর্বোচ্চ নাগরিক সম্মান 'মেক্সিকান অর্ডার অব দি অ্যাজটেক ইগল' পেলেন শ্যামাপ্রসাদ গঙ্গোপাধ্যায়। সে দেশের শিক্ষাক্ষেত্রে প্রথমবার কোনও বিদেশি হিসেবে এই সম্মান পেলেন তিনি। জেএনইউ-এর ওই প্রাক্তন অধ্যাপককে সম্প্রতি ওই সম্মানে ভূষিত করেন ভারতে মেক্সিকোর রাষ্ট্রদূত মেলবা প্রিয়া। লাতিন আমেরিকান স্টাডিজ, স্প্যানিশ এবং মেক্সিকান সভ্যতা নিয়ে কয়েক দশক ধরে করা কাজের স্বীকৃতি হিসেবেই এই সম্মান পেলেন তিনি। মেক্সিকোর রাষ্ট্রদূত মেলবা বলেন, 'শ্যামাপ্রসাদ মুষ্টিমেয় ভারতীয় শিক্ষাবিদদের একজন, যাঁদের জন্য এ দেশের মানুষের স্প্যানিশ ভাষার প্রতি আগ্রহ জন্মেছিল।'

ব্রেক্সিট চুক্তিতে আনুষ্ঠানিক সায় ইইউয়ের

২৫ নভেম্বর: ব্রেক্সিট চুক্তিতে আনুষ্ঠানিক ভাবে সায় দিলেন ইউরোপীয় ইউনিয়নের ২৭ রাষ্ট্রনেতা। ইউরোপীয় কমিশনের প্রেসিডেন্ট জঁ ক্লদ ইয়ুঙ্কার সম্মেলনের পর বলেন, 'ইউরোপীয় ইউনিয়ন (ইইউ) থেকে গ্রেট ব্রিটেনের মতো একটা দেশের বেরিয়ে যাওয়ার মুহূর্ত একেবারেই আনন্দের নয়। দুঃখের দিন। এটা একটা ট্রাজেডি।' ইইউ নেতারা একযোগে চুক্তিতে সম্মতি জানানোর পর ব্রিটেনের প্রধানমন্ত্রী টেরেসা মে-কে আগামী মাসে লড়তে হবে পার্লামেন্টে। ইয়ুঙ্কার অবশ্য বলেছেন, 'ব্রিটিশ সরকার পার্লামেন্টের সমর্থন যোগাড় করতে পারবে বলেই আমার বিশ্বাস। আমিও এই চুক্তির পক্ষেই ভোট দিতাম, কারণ ব্রিটেনের পক্ষে এটাই সেরা চুক্তি। এ দিন আধ ঘন্টারও কম সময়ের মধ্যে ইইউয়ের ২৭ জন রাষ্ট্রনেতা ৬০০ পাতার চুক্তিতে সায় দেন। আগামী বছরের ২৯ মার্চ ইউরোপীয় ইউনিয়ন থেকে বেরনোর আগে চুক্তির সব শর্ত মানতে হবে ব্রিটেনকে।

ইমরান খান, *পাক প্রধানমন্ত্রী*
করতারপুর করিডোরের উদ্বোধনী অনুষ্ঠানে

"আমরা ভারতের সঙ্গে শক্তিশালী সম্পর্ক চাই। দু'দেশের মধ্যে সমস্যা কেবল কাশ্মীর। দৃঢ়তা ও বড় স্বপ্ন দেখার ক্ষমতা থাকলে এই সমস্যা সমাধান করা সম্ভব। ভেবে দেখুন, দ্বিপাক্ষিক বাণিজ্য শুরু হলে দু'দেশই কতটা উপকৃত হবে। আমি আবারও বলছি, ভারত এক কদম এগোলে, পাকিস্তান দু'কদম এগোবে।"

অস্ট্রেলিয়ায় টি-টোয়েন্টি সিরিজ ড্র

২৫ নভেম্বর: অস্ট্রেলিয়ায় টি-টোয়েন্টি সিরিজ ১-১ করল ভারত। সিডনিতে তৃতীয় ম্যাচে ৬ উইকেটে জয়ী হয়ে সিরিজ ড্র করল তারা। অস্ট্রেলিয়া প্রথমে ব্যাট করে নির্ধারিত ২০ ওভারে ৬ উইকেটে ১৬৪ রান করে। ভারত ১৯.৪ ওভার খেলে ৪ উইকেট হারিয়ে প্রয়োজনীয় রান সংগ্রহ করে নেয়। অধিনায়ক বিরাট কোহলি ৪১ বলে ৬১ রান করে অপরাজিত থাকেন। ৩৬ রান দিয়ে ৪ উইকেট নিয়ে ম্যাচের সেরা হয়েছেন ক্রুণাল পাণ্ড্য।

ষষ্ঠবার বিশ্ব বক্সিং চ্যাম্পিয়ন মেরি

২৪ নভেম্বর: নয়াদিল্লিতে বিশ্ব বক্সিং চ্যাম্পিয়নশিপে জিতে ষষ্ঠবার বিশ্ব চ্যাম্পিয়ন হলেন মেরি কম। রাজ্যসভার সাংসদ হওয়ার পর বক্সিং থেকে অবসরও নিয়ে ফেলেছিলেন। ১৩ বছরের ছোট ইউক্রেনের হানা ওখোতাকে হারিয়ে ষষ্ঠ মুকুট জিতলেন তিনি। পাঁচ বিচারকের রায়ই যায় তাঁর পক্ষে। ৫-০ জেতেন তিনি। বিশ্ব বক্সিং চ্যাম্পিয়নশিপে ২০০১-এ নেমে প্রথম বার রুপো পান তিনি। এশীয় বক্সিং চ্যাম্পিয়নশিপে পাঁচবার সোনা আর একবার রুপো পেয়েছেন। এশিয়ান গেমসে একবার সোনা (ইঞ্চিয়ন, ২০১৪), এক বার ব্রোঞ্জ (২০১০, গুয়াংঝু)। কমনওয়েলথ গেমসে চলতি বছরেই গোল্ডকোস্টে সোনা পান। ২০১২ লন্ডন অলিম্পিক্সে ফ্লাইওয়েট বিভাগে (৫১ কেজি) ব্রোঞ্জ পেয়েছেন। ছবি: পি টি আই

২৬ নভেম্বর রাজ্যে বেআইনি খাদান বন্ধ করতে নির্দেশ দিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। ঝাড়গ্রামের প্রশাসনিক সভায় তিনি এই নির্দেশ দেন। উল্লেখ্য, ঝাড়গ্রাম, বাঁকুড়া, পুরুলিয়া, আসানসোল প্রভৃতি এলাকায় বেআইনি বালি খাদান, পাথর-খাদান ও খনি ব্যবসা নিয়ে শাসক দলের বিরুদ্ধে অভিযোগ ওঠায় মুখ্যমন্ত্রী এই পদক্ষেপ করলেন। মুখ্যমন্ত্রী এ দিন বালি ও পাথর খাদানের কথাই বলেছেন। সরাসরি কয়লা খাদানের প্রসঙ্গ তোলেননি। কিন্তু যেহেতু তিনি সব অবৈধ খাদানই বন্ধ করার স্পষ্ট নির্দেশ দিয়েছেন তাই সব ক্ষেত্রেই তা প্রযোজ্য হবে বলে প্রশাসনিক মহলের অভিমত।

ছত্তীসগঢ়ে নিরাপত্তাবাহিনীর সঙ্গে গুলির লড়াইয়ে নিহত হল ৯ জন মাওবাদী। রায়পুর থেকে প্রায় পাঁচশো কিলোমিটার দূরে তেলেঙ্গানায় কিস্তারাম জঙ্গলে সংঘর্ষের ঘটনাটি ঘটে। 'অপারেশন প্রহার-৪' নামের ওই অভিযানে নিরাপত্তাবাহিনীর ১২০০ জওয়ান অংশগ্রহণ করেন।

২৭ নভেম্বর জম্মু-কাশ্মীরের রাজ্যপালের কথায় নতুন বিতর্ক ছড়াল রাজনৈতিক মহলে। রাজ্যপাল সত্যপাল মালিক জানিয়ে দিলেন, নরেন্দ্র মোদী সরকারের কথা শুনে তাঁকে সিদ্ধান্ত নিতে হলে জম্মু-কাশ্মীরের সরকার গড়তে পিপলস কনফারেন্সের চেয়ারম্যান সাজ্জাদ লোনকেই ডাকতে হত। কিন্তু ইতিহাসে একজন 'নির্লজ্জ' মানুষ হিসেবে চিহ্নিত হতে চাননি তিনি। ফলে কাউকেই সরকার গড়তে না দিয়ে বিধানসভা ভেঙে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছেন তিনি। গোয়ালিয়রের একটি কলেজে রাজ্যপালের এমন মন্তব্যে বিতর্কের সৃষ্টি হয়েছে। কংগ্রেস মুখপাত্র রণদীপ সিং সুরজেওয়ালা বলেছেন, 'রাজ্যপালের কথায় নরেন্দ্র মোদী সরকারের চক্রান্ত ফাঁস হয়ে গিয়েছে।'

জম্মু-কাশ্মীরের পুলওয়ামার ত্রালে নিরাপত্তাবাহিনীর সঙ্গে সংঘর্ষে নিহত হয়েছে আই এস কম্যান্ডার শাকির হাসান দার। কুলগামের রেডওয়ানি এলাকায় সংঘর্ষে নিহত হয়েছে লস্কর জঙ্গি এজাজ আহমেদ মাকরু ও ওয়ারিস আহমেদ মালিক। নিহত হন প্রকাশ যাদব নামে এক জওয়ানও।

বায়ুদূষণ রোধে নিষ্ক্রিয়তার জন্য রাজ্য সরকারকে পাঁচ কোটি টাকা জরিমানা করল জাতীয় পরিবেশ আদালত। দু'বছর আগেকার নির্দেশের অধিকাংশই রাজ্য সরকার পালন করেনি বলে ক্ষোভ প্রকাশ করেছে পরিবেশ আদালত। এই গাফিলতির জন্য মুখ্যসচিব-সহ সংশ্লিষ্ট আমলাদের জেলে পাঠানো উচিত বলে মন্তব্য করেছে ডিভিশন বেঞ্চ। কলকাতা-হাওড়ার ভয়াবহ দূষণের মূল কারণ হিসেবে উঠে এসেছে গাড়ির ধোঁয়া, কংক্রিটের গুঁড়ো। উল্লেখ্য, এক দশক আগেই কলকাতা হাইকোর্ট নির্দেশ দিয়েছিল ১৫ বছরের পুরনো বাণিজ্যিক গাড়ি বাতিল করতে হবে। কিন্তু পরিবেশ কর্মীদের অভিযোগ, সেই নির্দেশ যথাযথ ভাবে পালন করা হয়নি।

২৮ নভেম্বর শান্তিপুরে বিষমদ পানে ১০ জনের মৃত্যু হল। শান্তিপুরের হরিপুর পঞ্চায়েতের চৌধুরি-পাড়ায় আগেরদিন চোলাই খেয়ে অনেকেই অসুস্থ হয়ে পড়েন। এ দিন রাত পর্যন্ত ১০জন মারা গিয়েছেন। মৃতদের মধ্যে রয়েছেন চোলাই কাণ্ডে অন্যতম অভিযুক্ত চন্দন ওরফে গুলবার মাহাতো। এ ছাড়া, শান্তিপুর স্টেট জেনারেল হাসপাতালে ২০ জন ভর্তি আছেন। অর্থ তথা আবগারি মন্ত্রী অমিত মিত্র বিধানসভায় বলেছেন, 'বিষাক্ত কিছু খেয়ে মৃত্যু হয়েছে।' তাঁর দাবি, 'রিপোর্ট আছে, বিহার ও ঝাড়খণ্ড থেকে ভ্যানে কিছু মাল ঢুকেছে, উপরে অন্য কিছু চাপা দিয়ে। কারা এ সব এনেছে, কোথা থেকে এনেছে, সিআইডি তদন্ত করবে।'

মঙ্গলে অবতরণ 'ইনসাইট'-এর



২৭ নভেম্বর: মঙ্গল গ্রহে অবতরণ করল নাসার যান 'ইনসাইট'। সঙ্গে নেমেছে দু'টি কৃত্রিম উপগ্রহও। সফল ল্যান্ডিংয়ের সিগন্যাল মিলেছে সেগুলি থেকেই। ৪৬ কোটি কিলোমিটারের যাত্রাপথ সাতমাসে অতিক্রম করে নির্ধারিত দিনেই মঙ্গলের মাটি ছুঁয়েছে রোবটিক মহাকাশযান 'ইনসাইট'। এই যানকে নিয়ন্ত্রণ করছে নাসার জেট প্রপালশন ল্যাবরেটরি। নাসা জানাচ্ছে, লালগ্রহের ছবি তোলাই শুধু 'ইনসাইট'-এর মূল কাজ নয়। এ বারের কাজ মঙ্গলকে পরখ করে দেখার। জানতে হবে মঙ্গলের কম্পনের মাত্রা কেমন? এই গ্রহ আদৌ কখনও প্রাণধারণের উপযুক্ত ছিল কি না? মঙ্গলের পাথর কী ভাবে তৈরি হয়েছে তাও জানতে হবে নাসার এই যানকে। প্রায় ১০০ কোটি ডলারে তৈরি 'ইনসাইট' যানে রয়েছে ফ্রান্স, জার্মানি ইত্যাদি ছাড়াও আরও কয়েকটি দেশের যন্ত্রপাতিও।

প্রয়াত জাফর শরিফ

২৫ নভেম্বর: প্রবীণ কংগ্রেস নেতা ও প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী সি কে জাফর শরিফ (৮৫) প্রয়াত হলেন। নমাজ পড়ে বেরিয়ে গাড়িতে ওঠার সময়ে হৃদরোগে আক্রান্ত হন তিনি। কর্নাটকের মুখ্যমন্ত্রী এইচ ডি কুমারস্বামী বলেন,'সংখ্যালঘু সম্প্রদায়ের মধ্যে আটকে থাকেননি শরিফ। সব ধর্মের মানুষের নেতা ছিলেন।' পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়, কংগ্রেস সভাপতি রাহুল গান্ধী প্রমুখ নেতা-নেত্রীরাও শোকপ্রকাশ করেছেন প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রীর মৃত্যুতে।

ছবি: পি টি আই

প্রয়াত বের্নার্দো বের্তোলুচি

২৬ নভেম্বর: 'লাস্ট ট্যাঙ্গো ইন প্যারিস', 'দ্য কনফর্মিস্ট', 'দ্য লাস্ট এম্পেরর'-এর স্রষ্টা প্রখ্যাত ইতালীয় চলচ্চিত্র পরিচালক বের্নার্দো বের্তোলুচি (৭৭) প্রয়াত হলেন। তিনি আরেক বিখ্যাত পরিচালক পিয়ের পাওলো পাসোলিনির সহকারী হিসেবে কেরিয়ার শুরু করেন। ১৯৭০ সালে 'দ্য কনফর্মিস্ট' ছবির সৌজন্যে আন্তর্জাতিক চলচ্চিত্রে প্রথম সারিতে উঠে আসেন। তাঁর 'লাস্ট ট্যাঙ্গো ইন প্যারিস' ছবিটির বেশ কিছু দৃশ্যের জন্য বিতর্ক সৃষ্টি হয়। অনেক দেশই ছবিটিকে সেন্সরের মুখে ফেলে। তাঁর সবচেয়ে বিখ্যাত ছবিগুলির অন্যতম 'দ্য লাস্ট এম্পেরর' (১৯৮৭) ন'টি অস্কার জেতে। নব্বইয়ের দশকে 'লিটল বুদ্ধ' ছবির জন্য বের্তোলুচি বেশ কিছুদিন ভারতেও কাটিয়েছেন।

শিখ পুণ্যার্থীদের জন্য খুলল করতারপুর করিডোর

২৮ নভেম্বর: ভারতের গুরুদাসপুরে ডেরা বাবা নানক থেকে পাকিস্তানের করতারপুরে দরবার সাহিব পর্যন্ত করিডোরের উদ্বোধন হল। এই ভিসামুক্ত করিডোর দিয়ে যাতায়াত করতে পারবেন শিখ পুণ্যার্থীরা। উদ্বোধনী অনুষ্ঠানে হাজির ছিলেন পাক প্রধানমন্ত্রী ইমরান খান, সে দেশের সেনাপ্রধান, বিদেশমন্ত্রী সহ প্রথম সারির নেতৃবর্গ। অনুষ্ঠানে ভারত থেকে উপস্থিত ছিলেন দুই কেন্দ্রীয় মন্ত্রী হরসিমরত কৌর বাদল, হরদীপ সিং পুরী এবং পঞ্জাবের মন্ত্রী নভজ্যোৎ সিং সিধু। বক্তৃতায় ইমরান জানান, অতীত ভুলে ভারতের সঙ্গে পাকিস্তানের সম্পর্ককে এগিয়ে নিয়ে যেতে চান তাঁরা। ইমরানের কথায়, 'ফ্রান্স ও জার্মানির অনেকবার যুদ্ধ হয়েছে। কিন্তু তার পরেও তাদের মধ্যে শান্তি ফিরেছে। তবে ভারত-পাকিস্তানের মধ্যে শান্তি ফিরবে না কেন?' তবে ইমরান খান উদ্বোধনী অনুষ্ঠানে কাশ্মীর প্রসঙ্গ তোলায় ভারতও পাল্টা বার্তায় জানায়, কাশ্মীরের কথা টেনে একটি পবিত্র অনুষ্ঠানকে রাজনীতির রং দেওয়ার চেষ্টা করছে পাকিস্তান। এ ছাড়া অনুষ্ঠানে খালিস্তানি নেতা গোপাল সিং চাওলার উপস্থিতিও বিতর্ক তৈরি করেছে। করিডোরের উদ্বোধনী অনুষ্ঠানে তার সঙ্গে পাক সেনাপ্রধানের ছবি ভাইরাল হয়। অমৃতসরে সাম্প্রতিক হামলার পেছনে এই নেতার সক্রিয় ভূমিকা ছিল বলে দিল্লি মনে করে। ভারতের শীর্ষ প্রশাসনিক মহলের মতে, এ থেকেই বোঝা যাচ্ছে পাকিস্তান সন্ত্রাসে মদতের প্রশ্নে তাদের অবস্থান বদল করেনি। তবে, পাকিস্তানের শান্তির বার্তাকে সম্পূর্ণ অগ্রাহ্য করাও ভারতের ত্রুটিপূর্ণ বিদেশনীতির প্রতিফলন বলে তথ্যাভিজ্ঞ মহল মনে করছেন।

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

জীবিকাজিজ্ঞাসা

এই বিভাগে প্রতি সপ্তাহে পাওয়া চিঠি থেকে প্রথম আসা চিঠিগুলি উত্তর দেওয়ার জন্য বেছে নেওয়া হয়। তার পরও খুব জরুরি কোনও চিঠি থাকলে বা যে প্রশ্নের উত্তর বহু পাঠকের কাজে লাগবে এমন কিছু চিঠিও উত্তরের জন্য বাছা হয়। অনুগ্রহ করে একসঙ্গে একটির বেশি প্রশ্ন পাঠাবেন না। প্রশ্নের সঙ্গে অবশ্যই নীচের কুপনটি পূরণ করে পাঠাবেন। খামের ওপরে 'জীবিকাজিজ্ঞাসা' কথাটি লিখে আপনার প্রশ্ন
এই ঠিকানায় পাঠান: কর্মক্ষেত্র, ২৯/১-এ ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।

এস এস সি

☐ *স্টাফ সিলেকশন কমিশন আয়োজিত 'স্টেনোগ্রাফারস (গ্রেড 'সি' ও 'ডি') এক্সামিনেশন'-এর ক্ষেত্রে প্রার্থী বাছাই পদ্ধতি কীরকম হয়ে থাকে? —সৈকত মান্না, বেলুট, বাঁকুড়া।*

☐☐ স্টাফ সিলেকশন কমিশন আয়োজিত 'স্টেনোগ্রাফারস (গ্রেড 'সি' ও 'ডি') এক্সামিনেশন'-এর ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হয়ে থাকে লিখিত পরীক্ষা এবং স্কিল টেস্টের মাধ্যমে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের স্টেনোগ্রাফির দক্ষতা যাচাইয়ের জন্য স্কিল টেস্ট নেওয়া হয়। লিখিত পরীক্ষায় থাকে ৫০ নম্বরের জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, ৫০ নম্বরের জেনারেল অ্যাওয়্যারনেস ও ১০০ নম্বরের ইংলিশ ল্যাঙ্গুয়েজ অ্যান্ড কম্প্রিহেনশন। পরীক্ষার সময়সীমা ২ ঘণ্টা। অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। নেগেটিভ মার্কিং আছে। স্কিল টেস্টে ১০ মিনিট ধরে ডিক্টেশন দেওয়া হবে। এই ডিক্টেশন ইংরেজি বা হিন্দিতে নেওয়া হয়। গ্রেড 'সি'-র প্রার্থীদের ক্ষেত্রে মিনিটে ১০০টি শব্দ এবং গ্রেড 'ডি'-র প্রার্থীদের ক্ষেত্রে মিনিটে ৮০টি শব্দের গতিতে শর্টহ্যান্ডে লিখতে হয়। শর্টহ্যান্ডে নেওয়া ডিক্টেশন গ্রেড 'সি'-র প্রার্থীদের ক্ষেত্রে ইংরেজিতে ৪০ মিনিটে (হিন্দিতে ৫৫ মিনিটে) এবং গ্রেড 'ডি'-র প্রার্থীদের ক্ষেত্রে ইংরেজিতে ৫০ মিনিটে (হিন্দিতে ৬৫ মিনিটে) কম্পিউটারে টাইপ করতে হয়। বিস্তারিত জানতে দেখুন এই ওয়েবসাইট: www.ssconline.nic.in

☐ *স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের অধীনস্থ বিভিন্ন সংস্থায় ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট ও ফিল্ড অ্যাটেন্ড্যান্ড (মাল্টি-টাস্কিং) পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? এ বছরের বিজ্ঞপ্তি কবে প্রকাশিত হবে? —অনিমেষ ঠাকুর, কলকাতা।*

☐☐ স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের অধীনস্থ বিভিন্ন সংস্থায় ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা হিসেবে উচ্চমাধ্যমিক পাশ করে থাকতে হবে। সেক্ষেত্রে অন্যতম বিষয় হিসেবে বায়োলজি পড়ে থাকা বাধ্যতামূলক। পাশাপাশি, হিন্দি ভাষায় লিখতে ও পড়তে জানলে অথবা জুলজিক্যাল ল্যাবরেটরিতে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার পাওয়া যাবে। ফিল্ড অ্যাটেন্ড্যান্ট (মাল্টি-টাস্কিং) পদের ক্ষেত্রে মাধ্যমিক উত্তীর্ণ হতে হবে। হিন্দি ভাষায় লিখতে ও পড়তে জানলে কিংবা পতঙ্গ সংরক্ষণ, ট্যাক্সিডার্মি সংক্রান্ত বিষয়ে কোনও জুলজিক্যাল ল্যাবরেটরি বা প্রতিষ্ঠানে কাজের অভিজ্ঞতা থাকলে অথবা মাছ সংরক্ষণ ও প্রদর্শনী এবং মাছের খাদ্য সম্পর্কে জ্ঞান থাকলে অগ্রাধিকার। এই সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশিত হলে 'কর্মক্ষেত্র'-য় জানানো হবে। বিস্তারিত জানতে দেখতে পারেন এই ওয়েবসাইট: www.sscer.org

নেট/সেট

☐ *ইউ জি সি নেট পরীক্ষা সম্পর্কে বিশদে জানতে চাই। —প্রবীর সরকার, সোনারপুর, দক্ষিণ ২৪ পরগনা।*

☐☐ ইউ জি সি নেট পরীক্ষা তিনটি পেপারের হয়ে থাকে। আলাদা আলাদা সেশনে, একই দিনে। তিনটি পেপারেই প্রশ্ন হবে অবজেক্টিভ টাইপ। পেপার-ওয়ানে রিজনিং এবিলিটি, কম্প্রিহেনশন, ডাইভারজেন্ট থিঙ্কিং এবং জেনারেল অ্যাওয়্যারনেস-এর দক্ষতা যাচাই হবে। ৬০টি মাল্টিপল চয়েস প্রশ্ন থাকবে। এর মধ্যে ৫০টির উত্তর করতে হবে। প্রতিটি প্রশ্নের মান ২। অর্থাৎ পেপার ওয়ানের মোট নম্বর ১০০। পেপার-টু-এর প্রশ্ন হবে সংশ্লিষ্ট বিষয় থেকে। ৫০টি অবজেক্টিভ টাইপ প্রশ্ন হবে। প্রতিটি প্রশ্নের মান ২। অর্থাৎ পেপার-টু-এর মোট নম্বর ১০০। পেপার-থ্রি-র পরীক্ষাতেও প্রশ্ন হবে সংশ্লিষ্ট বিষয় থেকে। ৭৫টি অবজেক্টিভ টাইপ প্রশ্ন হবে। প্রতিটি প্রশ্নের মান ২। অর্থাৎ পেপার থ্রি-র মোট নম্বর ১৫০। কোনও পেপারেই নেগেটিভ মার্কিং নেই। খুঁটিনাটি জানতে দেখুন এই ওয়েবসাইট: www.cbsenet.nic.in

কোর্স, ট্রেনিং

☐ *রাজস্থানের জয়পুরের ন্যাশনাল ইনস্টিটিউট অব এগ্রিকালচারাল মার্কেটিংয়ে এগ্রি-বিজনেস ম্যানেজমেন্টের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স বিষয়ে বিস্তারিত জানাবেন। —অর্ণব দাস, নারায়ণপুর, দক্ষিণ ২৪ পরগনা।*

☐☐ এগ্রি-বিজনেস ম্যানেজমেন্টের ২ বছরের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সে ভর্তি নেবে রাজস্থানের জয়পুরের ন্যাশনাল ইনস্টিটিউট অব এগ্রিকালচারাল মার্কেটিং। শিক্ষাগত যোগ্যতা: এগ্রিকালচার সায়েন্স বা এগ্রিকালচার সংক্রান্ত বিষয়ে স্নাতক। অথবা হিউম্যানিটিজ বা সোশ্যাল সায়েন্স বা পিওর সায়েন্স বা ইঞ্জিনিয়ারিং বা কমার্সে স্নাতক। উভয় ক্ষেত্রেই মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ স্নাতক। সঙ্গে ২০১৮ সালের কমন অ্যাডমিশন টেস্ট (ক্যাট) বা ২০১৯-এর কমন ম্যানেজমেন্ট অ্যাডমিশন টেস্টে (সি-ম্যাট) স্কোর করে থাকতে হবে। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও শর্তসাপেক্ষে আবেদনের যোগ্য। এগ্রিকালচার সংশ্লিষ্ট বিষয়গুলি হল: এগ্রি বিজনেস ম্যানেজমেন্ট, কমার্শিয়াল এগ্রিকালচার, এগ্রিকালচারাল মার্কেটিং অ্যান্ড কো-অপারেশন, এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং, এগ্রিকালচারাল ইনফর্মেশন টেকনোলজি, ফুড প্রসেসিং ইঞ্জিনিয়ারিং, ফরেস্ট্রি, হর্টিকালচার, সেরিকালচার, ভেটেরিনারি সায়েন্স অ্যান্ড অ্যানিম্যাল হাজবেন্ড্রি। কোর্স ফি: ৩,৯০,০০০ টাকা। প্রার্থী বাছাই করা হবে ক্যাট বা সি-ম্যাট পরীক্ষায় প্রাপ্ত স্কোর, গ্রুপ ডিসকাশন এবং পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে। অফলাইন-অনলাইন উভয় পদ্ধতিতেই আবেদন করা যাবে। অনলাইন আবেদন করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ccsniam.gov.in অথবা আবেদনপত্র ডাউনলোড করে নিতে পারেন উপরোক্ত ওয়েবসাইট থেকেই। উভয় ক্ষেত্রেই পূরণ করা আবেদনপত্র পাঠাতে হবে নির্দিষ্ট ঠিকানায়। অনলাইনে ফর্ম পূরণ করে প্রিন্ট আউট নিয়ে নেবেন। ফি বাবদ ডিমান্ড ড্রাফটের মাধ্যমে দিতে হবে ১,২০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ৬০০ টাকা)। ড্রাফটটি 'Director General, NIAM'-এর অনুকূলে জয়পুরে প্রদেয় হতে হবে। ২৮ ফেব্রুয়ারির মধ্যে আবেদনপত্র পৌঁছতে হবে এই ঠিকানায়: Dean-PGDM (ABM), CCS NATIONAL INSTITUTE OF AGRICULTURAL MARKETING, Kota Road, Bambala, Pratap Nagar, Jaipur-302033 (Rajasthan).

☐ *কলকাতা বিশ্ববিদ্যালয়ে ফিনান্সিয়াল ম্যানেজমেন্টের এম বি এ কোর্সে ভর্তি হতে চাই। বিস্তারিত জানাবেন। —সুবীর সাধুখাঁ, ঝাড়গ্রাম।*

☐☐ ফিনান্সিয়াল ম্যানেজমেন্টের এম বি এ কোর্সে ভর্তি নিচ্ছে কলকাতা বিশ্ববিদ্যালয়ের বাণিজ্য বিভাগ। ২০১৮ সালের ক্যাট বা ম্যাট পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। কোর্সের মেয়াদ ২ বছর। আসনসংখ্যা: ৩৮। শিক্ষাগত যোগ্যতা: ৫০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক। সঙ্গে ২০১৮ সালের কমন অ্যাডমিশন টেস্ট (ক্যাট) বা জুন, সেপ্টেম্বর এবং ডিসেম্বর মাসের ম্যানেজমেন্ট অ্যাপ্টিটিউড টেস্ট (ম্যাট) পরীক্ষার বৈধ স্কোর কার্ড থাকতে হবে। কোর্স ফি: সেমেস্টার প্রতি ৪০,০০০ টাকা। প্রার্থী বাছাই করা হবে শিক্ষাক্ষেত্রে প্রার্থীর প্রাপ্ত নম্বর (১০০ নম্বর), ২০১৮ সালের ক্যাট অথবা ম্যাট পরীক্ষায় প্রাপ্ত স্কোর (৫০ নম্বর), গ্রুপ ডিসকাশন (২০ নম্বর), ইন্টারভিউ (২০ নম্বর) ও কাজের অভিজ্ঞতার (১০ নম্বর) মাধ্যমে। নগদ ১,০০০ টাকার (তফসিলিদের ক্ষেত্রে ৫০০ টাকা) বিনিময়ে যে-কোনও কাজের দিনে আবেদনপত্র সংগ্রহ করতে পারেন বিশ্ববিদ্যালয়ের সেলস কাউন্টার থেকে সকাল ১১টা থেকে বিকেল ৩টের মধ্যে। আবেদনের ফর্ম ডাউনলোডও করতে পারেন এই ওয়েবসাইট থেকে: www.caluniv.ac.in ডাউনলোড করা ফর্মের ক্ষেত্রে ফি দিতে হবে ডিমান্ড ড্রাফটের মাধ্যমে। ড্রাফটটি 'Coordinator, MBA in Finance, Calcutta University'-র অনুকূলে কলকাতায় প্রদেয় হতে হবে। আবেদনপত্র ২৮ ফেব্রুয়ারির মধ্যে জমা দিতে হবে এই ঠিকানায়: The Office of the MBA in Finance, Department of Commerce, Calcutta University, Kolkata-700 073.

অন্যান্য চাকরি

☐ *নয়াদিল্লি ই এস আইয়ে সিভিল শাখায় জুনিয়র ইঞ্জিনিয়ার পদে দরখাস্ত করতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —নীলাদ্রী বসু, বলাগড়, হুগলি।*

☐☐ নয়াদিল্লি ই এস আইয়ে সিভিল শাখায় জুনিয়র ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিগ্রি বা ডিপ্লোমা, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা। প্রার্থী বাছাই করা হবে কম্পিউটারভিত্তিক লিখিত পরীক্ষার মাধ্যমে। ২০০ নম্বরের পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, জেনারেল অ্যাওয়ারনেস এবং জেনারেল ইঞ্জিনিয়ারিং (সিভিল/ইলেক্ট্রিক্যাল) বিষয়ে। নেগেটিভ মার্কিং আছে। ১৫ ডিসেম্বরের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.esic.nic.in

☐ *বার্নপুরের ইসকো স্টিল প্লান্টে মেকানিক্যাল শাখায় অপারেটর-কাম-টেকনিশিয়ান ট্রেনি পদে দরখাস্ত করতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও দৈহিক মাপজোক থাকা প্রয়োজন? ট্রেনিং চলাকালীন কোনও স্টাইপেন্ড পাওয়া যাবে কি? —প্রসূন মালাকার, জঙ্গিপুর, মুর্শিদাবাদ।*

☐☐ বার্নপুরের ইসকো স্টিল প্লান্টে মেকানিক্যাল শাখায় অপারেটর-কাম-টেকনিশিয়ান ট্রেনি পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। সঙ্গে মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর-সহ সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ৩ বছর মেয়াদের ডিপ্লোমা। এর পাশাপাশি, উচ্চতা থাকতে হবে ১৫৫ সেমি। ওজন হতে হবে অন্তত ৪৫ কেজি। ২ বছরের ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড পাওয়া যাবে প্রথম বছরে প্রতি মাসে ১০,৭০০ টাকা এবং দ্বিতীয় বছরে প্রতি মাসে ১২,২০০ টাকা। ওয়েবসাইট: www.sail.co.in

☐ *মুর্শিদাবাদ জেলা আদালতে লোয়ার ডিভিশন ক্লার্ক পদে নিয়োগের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —অশোক বিশ্বাস, কীর্তিপুর, মুর্শিদাবাদ।*

☐☐ মুর্শিদাবাদ জেলা আদালতে লোয়ার ডিভিশন ক্লার্ক পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল। সঙ্গে কম্পিউটার ট্রেনিংয়ে সার্টিফিকেট কোর্স করে থাকতে হবে এবং কম্পিউটার অপারেশনে দক্ষ হতে হবে। এর পাশাপাশি কম্পিউটারে ইংরেজিতে প্রতি মিনিটে ৩৫টি শব্দ এবং বাংলায় প্রতি মিনিটে ২৫টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। প্রার্থী বাছাই করা হবে দু'পর্যায়ের লিখিত পরীক্ষা, কম্পিউটার টেস্ট ও পার্সোন্যালিটি টেস্টের মাধ্যমে। প্রথম পর্যায়ের লিখিত পরীক্ষায় ১০০ নম্বরের অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে ইংলিশ, জেনারেল স্টাডিজ এবং অ্যারিথমেটিক বিষয়ে। সময়সীমা দেড় ঘণ্টা। দ্বিতীয় পর্যায়ের লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে ইংরেজি ও বাংলা বিষয়ে। সময়সীমা ১ ঘণ্টা। ১৫ ডিসেম্বরের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.drcmurshidabad.in

☐ *ওয়েস্ট বেঙ্গল স্টেট হেলথ অ্যান্ড ফ্যামিলি ওয়েলফেয়ার সমিতির মাধ্যমে রাজ্যের বিভিন্ন জেলায় ন্যাশনাল প্রোগ্রাম ফর প্রিভেনশন অ্যান্ড কন্ট্রোল অব ডিফনেসে দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য ইনস্ট্রাক্টর পদে নিয়োগের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? —গোপাল পাল, কাটোয়া, পূর্ব বর্ধমান।*

☐☐ রাজ্যের বিভিন্ন জেলায় ন্যাশনাল প্রোগ্রাম ফর প্রিভেনশন অ্যান্ড কন্ট্রোল অব ডিফনেসে দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য ইনস্ট্রাক্টর পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: হিয়ারিং ইম্পেয়ারমেন্টে স্পেশ্যালাইজেশন-সহ ডি এড ইন স্পেশ্যাল এডুকেশন। অথবা হিয়ারিং ইম্পেয়ারমেন্টে স্পেশ্যালাইজেশন-সহ আর্লি চাইল্ডহুড স্পেশ্যাল এডুকেশনে ডিপ্লোমা অথবা হিয়ারিং ইম্পেয়ারমেন্টে স্পেশ্যালাইজেশন-সহ বি এড ইন স্পেশ্যাল এডুকেশন। খুঁটিনাটি জানতে দেখুন এই ওয়েবসাইট: www.wbhealth.gov.in

নাম : ....
ঠিকানা : ....
....
....
আপনি কি 'পেশাপ্রবেশ' পড়েন? হ্যাঁ/না

চাই সুবিচার

আপনি কি চাকরির পরীক্ষা দিচ্ছেন? কোনও পেশাদারি কোর্স করছেন? নিজের উদ্যোগে ছোটখাটো কোনও ব্যবসা করছেন? কোনও অবিচারের সম্মুখীন হলে বা দুর্ভোগের শিকার হলে এই বিভাগে চিঠি লিখুন। উপযুক্ত তথ্য-প্রমাণ সহ সংক্ষেপে লিখবেন। আপনার চিঠি প্রকাশ করা হবে 'চাই সুবিচার' বিভাগে। চিঠিতে নিজের পুরো নাম-ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়:
চাই সুবিচার, 'কর্মক্ষেত্র', ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০০১৯
ই-মেল পাঠাতে পারেন এই ঠিকানায়: karmakshetra@swarnakshar.in
পাঠাতে পারেন ফেসবুকেও। এই ঠিকানায়: www.facebook.com/karmakshetra

বেশি বয়সের কারণে বিশ্ববিদ্যালয়ে প্রবেশ নিষিদ্ধ! ব্যবস্থা নিক প্রশাসন

গত ৫ অক্টোবরের 'কর্মক্ষেত্র'-র পাঁচের পাতায় 'কী পড়বেন, কোথায় পড়বেন' বিভাগে প্রকাশিত হয়েছিল 'কলকাতা বিশ্ববিদ্যালয়ে দেশি-বিদেশি ভাষার কোর্স' শীর্ষক সংবাদটি। এই সংবাদটি পড়ে আমি আগ্রহী হয়ে কোর্সটিতে ভর্তি হব বলে মনস্থির করি। এই বিষয়ে আমার এক শ্রদ্ধেয় শিক্ষকের সঙ্গে আলোচনা এবং কয়েক জন বন্ধুর সঙ্গে পরামর্শ করার পর সিদ্ধান্ত নিই পালি ভাষা এবং সাহিত্য বিষয়ে কোর্স করব।

এর মধ্যে দুর্গাপুজো শুরু হয়ে যায়। পুজোর পর ২৬ অক্টোবর (শুক্রবার) আমি কলকাতা বিশ্ববিদ্যালয়ের কলেজ স্ট্রিট ক্যাম্পাসে হাজির হলাম ফর্ম তোলার জন্য। বিল্ডিংয়ের বাইরের ইনফর্মেশন কাউন্টারে ফর্মের জন্য খোঁজ নিতে গেলে কাউন্টারের ভারপ্রাপ্ত ব্যক্তি জানান, এখানে ভাষাশিক্ষার ফর্ম পাওয়া যাবে না। উনি আমায় ইন্টারনেট থেকে ফর্ম ডাউনলোড করে নিতে বলেন। কিন্তু 'কর্মক্ষেত্র'-র বিজ্ঞপ্তিতে ইন্টারনেট থেকে ফর্ম ডাউনলোড করার কোনও তথ্য দেওয়া ছিল না। আমি সে-কথা জানালেও উনি তা মানতে চাইলেন না। আমার সঙ্গে 'কর্মক্ষেত্র' ছিল। সংবাদটি ফের পড়ে দেখলাম, তাতে লেখা রয়েছে, আশুতোষ বিল্ডিংয়ের তৃতীয় তলের ভাষা বিভাগ থেকে ফর্ম পাওয়া যাবে। সেই মোতাবেক আমি বিশ্ববিদ্যালয়ে ঢুকতে উদ্যত হলাম। অনেক পড়ুয়াই ঢুকছে-বেরচ্ছে। তাদের দেখাদেখি আমিও প্রবেশ করতে যেতেই বিশ্ববিদ্যালয়ের দ্বাররক্ষী আমার পথ আটকে জিজ্ঞাসা করলেন, আমি কোথায় যাব? আমি জানালাম, ভাষা বিভাগে যাব কোর্সের ফর্ম তুলতে। উনি আমাকে ভেতরে ঢুকতে দিলেন না। বাইরের ইনফর্মেশন কাউন্টারে যোগাযোগ করতে বললেন। আমি জানালাম, ওখান থেকে ফর্ম দিচ্ছে না। ভাষা বিভাগেই আমায় যেতে হবে। এই সময়েই ভাষা বিভাগের এক অধ্যাপককে দেখতে পেয়ে দ্বাররক্ষী ওঁর সঙ্গে কথা বলে আমায় জানান, ফর্ম ইনফর্মেশন কাউন্টারেই পাওয়া যাবে। আমি ফের কাউন্টারে গেলাম এবং আবারও একই কথা শুনলাম। দীর্ঘ সময় এদিক-ওদিক কাটিয়ে বিকেল ৩টে নাগাদ আরও একবার চেষ্টা করলাম বিশ্ববিদ্যালয়ে ঢোকার। কিন্তু ফের দ্বাররক্ষী আমায় আটকালেন এবং চিনতে পেরে রীতিমতো ধমক দিয়ে বললেন, আমার নিশ্চয়ই কোনও অসদুদ্দেশ্য আছে। আমি তাঁকে প্রশ্ন করলাম, সবাই ঢুকছে আমাকেই আটকাচ্ছেন কেন? উত্তরে উনি বললেন, আমার বয়স বেশি। তাই বিশ্ববিদ্যালয়ে ঢোকার অনুমতি নেই। এই অদ্ভুত যুক্তির কী উত্তর দেব বুঝে পেলাম না। আমি ফিরে এলাম। পরের দিন আমার বিশ্ববিদ্যালয়ের এক বন্ধুর সাহায্যে ফর্ম তুলে এনে নির্ধারিত দিনের মধ্যেই জমা দিতে সমর্থ হই।

> আমি বিশ্ববিদ্যালয়ে ঢুকতে উদ্যত হলাম। অনেক পড়ুয়াই ঢুকছে-বেরচ্ছে। তাদের দেখাদেখি আমিও প্রবেশ করতে যেতেই বিশ্ববিদ্যালয়ের দ্বাররক্ষী আমার পথ আটকে জিজ্ঞাসা করলেন, আমি কোথায় যাব? আমি জানালাম, ভাষা বিভাগে যাব কোর্সের ফর্ম তুলতে। উনি আমাকে ভেতরে ঢুকতে দিলেন না।

আমার প্রশ্ন, বিশ্ববিদ্যালয়ে গন্ডগোল আটকাতে অবাঞ্ছিত 'বহিরাগত'দের প্রবেশে কিছু বিধিনিষেধ আরোপ করেছিল রাজ্য প্রশাসন। কিন্তু যাঁদের সত্যিকারের প্রয়োজন, তাঁরাও বিশ্ববিদ্যালয়ে প্রবেশে কেন বাধা পাবেন? অযৌক্তিক এই হেনস্থার বিরুদ্ধে প্রশাসন দ্রুত কোনও সদর্থক পদক্ষেপ নিক। সুবিচারের আশায় রইলাম।

প্রদীপ সামন্ত, হরিহরপুর, দক্ষিণ ২৪ পরগনা।

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

উত্তর-মধ্য রেলে ২০৪ তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং

প্রথম পাতার পর

(সাধারণ ৭, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪)। **মেশিনিস্ট:** ১২টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। **পেইন্টার:** ১৭টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫)। **ইলেক্ট্রিশিয়ান:** ১২টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। **প্রোগ্রামিং অ্যান্ড সিস্টেম অ্যাডমিনিস্ট্রেশন অ্যাসিস্ট্যান্ট:** ৩টি (সাধারণ ২, ও বি সি ১)।

শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক বা সমতুল। সেইসঙ্গে সংশ্লিষ্ট বা সমতুল ট্রেডে এন সি ভি টি স্বীকৃত আই টি আই সার্টিফিকেট থাকতে হবে।

বয়স: ১-১২-২০১৮ তারিখে ১৫ থেকে ২৪ বছরের মধ্যে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে মাধ্যমিক ও আই টি আই পরীক্ষায় পাওয়া নম্বরের ভিত্তিতে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান টাইপ করিয়ে নেবেন এ-ফোর মাপের সাদা কাগজে। পূরণ করবেন যথাযথভাবে। আবেদনপত্র পূরণের আগে প্রার্থীকে অবশ্যই অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.apprenticeship.gov.in আবেদনপত্র পূরণের সময় রেজিস্ট্রেশন নম্বরের প্রয়োজন হবে।

পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন

✓ দু'কপি পাসপোর্ট মাপের রঙিন ফটো। ফটো দু'টি গেজেটেড অফিসার কর্তৃক প্রত্যয়িত করে আবেদনপত্র ও কল লেটারের নির্দিষ্ট জায়গায় সেঁটে দেবেন।
✓ ফি বাবদ ১০০ টাকার ডিমান্ড ড্রাফ্‌ট। এটি 'Workshop Accounts Officer, Jhansi'-র অনুকূলে প্রদেয় হতে হবে। তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও মহিলাদের ফি দিতে লাগবে না।
✓ বয়সের প্রমাণপত্র হিসেবে মাধ্যমিকের সার্টিফিকেটের প্রত্যয়িত নকল।
✓ শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রয়োজনীয় নথিপত্রের প্রত্যয়িত নকল।
✓ কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের প্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
✓ দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে মেডিক্যাল সার্টিফিকেটের প্রত্যয়িত নকল।
✓ প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ডিসচার্জ সার্টিফিকেটের প্রত্যয়িত নকল।
✓ নিজের নাম-ঠিকানা লেখা ১১×৫ ইঞ্চি মাপের দু'টি খাম। একটি খামে ২৭ টাকা মূল্যের ডাকটিকিট সেঁটে দেবেন। তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও মহিলা প্রার্থীদের ডাকটিকিট সাঁটাতে হবে না।
✓ যথাযথভাবে পূরণ করা কল লেটার।

৩১ ডিসেম্বরের মধ্যে সাধারণ ডাকে আবেদনপত্র পৌঁছতে হবে এই ঠিকানায়: Recruitment Section, Personnel Branch, Office of the Chief Workshop Manager, Wagon Repair Workshop, North Central Railway, Jhansi (Uttar Pradesh), Pin Code 284003. *দরখাস্তের বয়ান:*

Application Format

Application for engagement of Act Apprentices under Apprentices Act' 1961 for the year 2018-19 in North Central Railway, Wagon Repair Workshop Jhansi Notification No.01/218/WAGON REPAIR WORKSHOP / N. C. RLY/JHANSI

To,
Chief Workshop Manager (Personnel)
North Central Railway,
Wagon Repair Workshop, Jhansi

Passport Size Photo attested by gazetted officer

Trade (In capital letter)...

Please tick (✓) the category to which you belong-

Gen	SC	ST	OBC	PH Handicapped	Ex serviceman

1. Full Name (in capital letter) ....
2. Father's Name & Occupation ....
3. Nationality ....
4. Religion ....
5. Date of birth (in Figure ....
(in words) ....
(Attested copy of 10th certificate should be attached)
6. Correspondence address ....
(in capital letter)
7. Permanent address ....
(in capital letter) with mobile No. and email address
8. Community / Category

UR	OBC	SC	ST

9. Ex-Serviceman | Yes | | No | |
(Attested copy of certificate should be attached)
10. Physically Handicapped | Yes | | No | |
(Attested copy of certificate should be attached)
11. Educational Qualifications

High School or equivalent	Year of passing	Board / Educational Institute	Subjects

Maximum Marks	Marks Obtained	Percentage of Marks obtained

(Attested Copies of certificates should be attached)
12. Technical Qualification

ITI (from NCVT)	Year of passing	Board/Education/ Technical Institute	Trade

Maximum Marks	Marks Obtained	Percentage of Marks obtained

(Attested Copies of certificate should be attached

13. Registration number on website www.apprenticeship.gov.in
....
14. Two personal Identification marks (i) .... (ii) ....
15. No. of enclosures (With detail of all certificates) ....
16. **Declaration:** I do hereby declare that the information given in the application form are true, complete and correct to the best of my knowledge and belief. I understand that in the event of any particular Information given above is found false or incorrect at any stag, my candidature will be liable to be rejected. I also fully understand that the obligation under Apprentices Act' 1961, on the part of the Railway is to provide me only training in the alloted trade and I will have no claim for employment in Railways. I have registered my application on website www.apprenticeship .gov.in

Place:
Date: Thumb Impression (LTI) Signatue of Candidate

Engagement of Act Apprentices under Apprentices Act' 1961 for the year 2018-19 in North Central Railway, Wagon RepairWorkshop, Jhansi (To be Filled in by the Applicant in his/her own hand writing in capital letters)

Notification No. : 01/2018/WAGON REPAIR WORKSHOP / N. C. RLY / JHANSI

1. Name of the Candidate ....
2. Father's Name ....
3. Correspondence Address ....
With police station ....
4. Nearest Railway station ....
5. Registration number on website www.apprenticeship.gov.in
....

Passport Size Photo attested by gazetted officer

(To be filled by office)

You are directed to report for verification of your original educational testimonials and medical examination for physical fitness in Recruitment section of Personnel branch, Wagon Repair Workshop, Jhansi on .... if the candidate fails to attend on the given date and time, he/she will not be given another chance. No TA/DA will be given.

Date: ....

Seal & Signatues of Authority

এয়ার ইন্ডিয়ায় ট্রেনি কেবিন ক্রু

প্রথম পাতার পর

ডিগ্রি বা ডিপ্লোমা কোর্স করে থাকলে, বিমানে কেবিন ক্রু হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে এবং ফার্স্ট এইড সার্টিফিকেট কোর্স করে থাকলে অগ্রাধিকার।

বয়স: ১-১২-২০১৮ তারিখে ২২ বছরের মধ্যে হতে হবে।

ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড বাবদ পাওয়া যাবে নির্দিষ্ট মাসিক ১০,০০০ টাকা। সফলভাবে ট্রেনিংয়ের পর বেতন ৩৬,৬৩০ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.airindiaexpress.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদনের শেষ তারিখ ২৮ ডিসেম্বর।

এই নিয়োগের বিশদ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। বিস্তারিত তথ্যের জন্য আগ্রহী প্রার্থীরা দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

দি জর্জ টেলিগ্রাফ ট্রেনিং ইনস্টিটিউট
ESTD.-1920
ট্রেনিং পার্টনার অফ
ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশন (N.S.D.C)
Skill India
N·S·D·C National Skill Development Corporation — Transforming the skill landscape

TEXMACO GEORGE TELEGRAPH Centre Of Excellence BELGHARIA : 9830780280
DAIKIN Centre Of Excellence SEALDAH : 8336939682
AUTOMOBILE ENGINEERING Centre of Excellence SALAP (Howrah) : 9903967142 • RAJARHAT : 9903967146
■* COURSES JOINTLY WITH NETAJI SUBHAS OPEN UNIVERSITY (RECOGNISED BY UGC-DEB)

• ইলেকট্রনিক্স অ্যাণ্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং
• কম্পিউটার হার্ডওয়্যার অ্যাণ্ড অ্যাডভান্সড নেটওয়ার্ক ইঞ্জিনিয়ারিং #
• নেটওয়ার্ক এক্সপার্ট *
• রাউটিং সুইচিং এক্সপার্ট *
• ইলেকট্রিক্যাল অ্যাণ্ড ইলেকট্রনিক্স অ্যাপ্লায়েন্সেস ইঞ্জিনিয়ারিং *
• মোবাইল অ্যাণ্ড টেলিফোন রিপেয়ারিং টেকনিশিয়ান
• স্মার্টফোন রিপেয়ারিং টেকনিশিয়ান *
• অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং
• এসি অ্যাণ্ড রেফ্রিজারেশন ইঞ্জিনিয়ারিং #
• ইলেকট্রিক্যাল টেকনিশিয়ান
• সিভিল কনস্ট্রাকশন টেকনোলজি
• সিভিল ড্রাফ্‌টসম্যানশিপ (ক্যাড সহ)
• সিসিটিভি টেকনিসিয়ান *

যোগ্যতা ক্লাস X/XII বোর্ড পরীক্ষা

• চিপ লেভেল ল্যাপটপ রিপেয়ারিং *
• অফিস ম্যানেজমেন্ট (ফ্রন্ট অ্যাণ্ড ব্যাক) *
• প্রফেশনাল এক্সিকিউটিভ সেক্রেটারী #
• সার্টিফায়েড প্রফেশনাল অ্যাকাউন্ট্যান্ট * (Tally.ERP9 সহ) (গ্রাজুয়েট)
• কম্পিউটার অ্যাপ্লিকেশন অ্যাণ্ড প্রোগ্রামিং #
• কম্পিউটার অ্যাপ্লিকেশন অ্যাণ্ড অফিস ম্যানেজমেন্ট *#
• স্টেনোগ্রাফি *
• অ্যাডভান্সড এক্সেল *
• ডট নেট টেকনোলজি *
• ডিপ্লোমা কোর্স ইন রিটেল ম্যানেজমেন্ট
• সার্টিফিকেট কোর্স ইন রিটেল ম্যানেজমেন্ট
• অ্যাডভান্স ডিপ্লোমা ইন কসমেটোলজি *
• অ্যাডভান্স ডিপ্লোমা ইন বিউটি *

• অ্যাডভান্স ডিপ্লোমা ইন মেকআপ *
• ডিপ্লোমা ইন মেডিক্যাল ল্যাবোরেটরি টেকনিশিয়ান
• ডিপ্লোমা ইন রিনাল ডায়েলেসিস টেকনিশিয়ান
• ডিপ্লোমা ইন অপারেশন থিয়েটার টেকনিশিয়ান
} স্টেট মেডিক্যাল ফ্যাকাল্টি, পঃ বঃ সরকার দ্বারা অনুমোদিত
• ইন্টিরিয়র ডিজাইন, ডেকোরেশন অ্যাণ্ড সাইট সুপারভাইজার (Godrej Interio)
• ডিপ্লোমা ইন প্রফেশনাল ইন্টিরিয়র ডিজাইন
• অ্যাডভান্স ডিপ্লোমা ইন প্রফেশনাল ইন্টিরিয়র ডিজাইন
} পার্ক স্ট্রিট কেন্দ্র
• আই এফ বি ইলেকট্রনিক্স অ্যাপ্লায়েন্সেস ইঞ্জিনিয়ারিং (IFB দ্বারা পরিচালিত)
• টিভিএস অটোমোবাইল টেকনিসিয়ান (TVS Motor Co. Ltd. দ্বারা পরিচালিত)
• গোদরেজ অ্যাডভান্স কোর্স ইন এসি, রেফ্রিজারেশন অ্যান্ড ওয়াশিং মেশিনস (Godrej দ্বারা পরিচালিত)
• ক্যারিয়র মাইডিয়া এয়ার কন্ডিশনারস এণ্ড এ্যাপ্লায়েন্সেস কোর্স (Carrier Midea, India দ্বারা পরিচালিত)
• অটোমোবাইল ইলেকট্রনিক্স এসি অ্যান্ড ইলেকট্রিক্যাল টেকনিশিয়ান (BOSCH দ্বারা পরিচালিত)
• ডাইকিন এয়ার কন্ডিশনিং ইঞ্জিনিয়ারিং (DAIKIN দ্বারা পরিচালিত)

অনলাইন অ্যাডমিশনে স্কলারশিপ www.georgetelegraph.org
6/12/24 EMI, Zero Processing Fee (Only Sealdah Centre) BAJAJ FINSERV
Dhaka(Bangladesh) : 01709380048

প্রধান ট্রেনিং সেন্টার শিয়ালদা ✆ 8336939682/83/84/85, 033 22272605/24851214 অ্যাডমিশন হেল্পলাইন : 9836428285 • WhatsApp 8336939684

CENTRES

আগরতলা	9436139307
■ আলিপুর দুয়ার	9836408027
■ আন্দুল	8334975533
■ আসানসোল	0341 2302897
বেলঘড়িয়া (টেক্সম্যাকো)	9830780280
■ বাগনান	9051110638
■ বালুরঘাট	9674165418
■ বোলপুর	9073333262
■ বারাসাত (টাকী রোড)	9674165589
■ বারাসাত (যশোর রোড)	8336911041
■ বেহালা	9836616668
■ বহরমপুর	9674165587
■ বনগাঁ	9836717783
বাঁকুড়া	9932870010
ব্যারাকপুর (চিড়িয়া মোড়)	9830596844
বর্ধমান	0342 2560398
■ কন্টাই	9674165582
■ কুচবিহার	9674165586
কটক	0671 2312666
■ দুর্গাপুর	9051111246
ডাকঘর	8017522288
ডায়মণ্ড হারবার	8017522287
গুয়াহাটি	9127066277
গার্ডেনরিচ	9230613574
■ হরিপাল	9874136799
হাবরা	9093037766
হলদিয়া	9732727609
■ জয়নগর	9836666773
জলপাইগুড়ি	9434154082
■ কল্যাণী	9674165588
■ কৃষ্ণনগর	9674162462
কোন্নগর	9007129736
খোসবাগ (বাঁকুড়া)	9635735382
কাকদ্বীপ	9830077802
■ খড়গপুর	9073610876
■ লিলুয়া (হাওড়া)	9830136688
■ মালবাজার	9674165584
■ মালদা	9674165585
■ মেদিনীপুর	8335062606
মেমারি	8777687853
পাণ্ডুয়া	9831840004
■ পুরুলিয়া	9051110498
■ রায়গঞ্জ	9830680900
রাজারহাট	6290271014
■ শিলিগুড়ি	8335051715
■ সোনারপুর	9830720005
সিউড়ি	9475074332
তমলুক	9735521383
ঠাকুরপুকুর	8017522286
Interior Design	
পার্ক স্ট্রিট	9073610877
Beauty	
■ ভবানীপুর	9073952154
গার্ডেনরিচ	6290939559
জলপাইগুড়ি	8158806115
নাকতলা (গড়িয়া)	9831166575
Paramedical	
বারাসাত	9073952156
■ বেহালা	8336911653
কামারকুণ্ডু	9434021033
সোনারপুর	9073727474
■ লিলুয়া	9830136688
Smart Centre	
দমদম	9748999933
গড়িয়া (বড়াল)	9903660200
■ শ্রীরামপুর	9073610884
■ বর্ধমান	8335053588
নাকতলা (গড়িয়া)	9831166575

e-mail : queries@georgetelegraph.org
Website : www.georgetelegraph.org

Franchise enquiry : 9051921190 • e-mail: atcoperations@georgetelegraph.org

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

কর্মক্ষেত্র কর্মসহায়ক

নানা কারণে বহু চেষ্টাতেও যাঁরা এখনও মনের মতো কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্যই এই বিভাগ। নিজের দক্ষতা ও যোগ্যতা অনুযায়ী সাফল্যের দিকে এগিয়ে যাওয়ার সুনির্দিষ্ট পথনির্দেশ। এখনই কী উদ্যোগ নিতে পারেন এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা কীভাবে নেবেন, রইল তার সুলুকসন্ধান।

যদি তুমি মনেপ্রাণে বিশ্বাস করো, তুমি পারবে, তাহলে তুমি পারবেই।
— ভার্জিল
(রোমান কবি)

✓ বি কম পাশ করেছি এবছরই। ৬৪ শতাংশ নম্বর আছে ডিগ্রিতে। বর্তমানে একটি প্রতিষ্ঠানে অ্যাকাউন্টিং সফটওয়্যারের ব্যবহার শিখছি। চাকরির খবর দেবেন।

সুপ্রিয় মুখোপাধ্যায়, বরানগর, কলকাতা-৩৬।

☐ আপনি গ্র্যাজুয়েট যোগ্যতার বিভিন্ন চাকরির জন্যই আবেদন করতে পারবেন। কোনও কোনও রাষ্ট্রায়ত্ত সংস্থার অ্যাকাউন্টস বিভাগের জন্য বি কম ডিগ্রিধারী প্রার্থী নেওয়া হয়। 'কর্মক্ষেত্র'-য় চোখ রাখুন, এধরনের বিভিন্ন চাকরির খবর পাবেন।

এখনই আবেদন করতে পারেন: ভারতীয় বিমানবাহিনী অ্যাকাউন্টস-সহ বিভিন্ন বিভাগে ট্রেনিং দিয়ে অফিসার নিয়োগ করবে। বি কমে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর থাকলে আবেদন করা যাবে। প্রার্থীর উচ্চতা হতে হবে অন্তত ১৫৭.৫ সেমি। 'কর্মক্ষেত্র'-র ৩০ নভেম্বর সংখ্যায় 'বিমানবাহিনীতে ট্রেনিং দিয়ে ১৬৩ অফিসার' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। আপনি আবেদন করতে পারেন। ৩০ ডিসেম্বরের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই দুই ওয়েবসাইটের কোনও একটির মাধ্যমে: www.careerindianairforce.cdac.in, http://afcat.cdac.in

ভারতীয় বিমানবাহিনী অ্যাকাউন্টস-সহ বিভিন্ন বিভাগে ট্রেনিং দিয়ে অফিসার নিয়োগ করবে। বি কমে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর থাকলে আবেদন করা যাবে। প্রার্থীর উচ্চতা হতে হবে অন্তত ১৫৭.৫ সেমি। 'কর্মক্ষেত্র'-র ৩০ নভেম্বর সংখ্যায় 'বিমানবাহিনীতে ট্রেনিং দিয়ে ১৬৩ অফিসার' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে।

পরে আবেদন করতে পারবেন: কেন্দ্রীয় সরকারের অফিসার গ্রেডের চাকরির জন্য কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষায় বসতে পারেন। পশ্চিমবঙ্গ সরকারের অফিসার গ্রেডের চাকরির জন্য মিসেলেনিয়াস সার্ভিসেসের পরীক্ষায় বসতে পারবেন। রেলে অ্যাসিস্ট্যান্ট স্টেশন মাস্টার, গুডস গার্ড, ট্রাফিক অ্যাপ্রেন্টিস, কমার্শিয়াল অ্যাপ্রেন্টিস পদের পরীক্ষায় বসতে পারবেন। রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলির ক্লার্ক, প্রবেশনারি অফিসার এবং রাষ্ট্রায়ত্ত গ্রামীণ ব্যাঙ্কগুলির অফিসার ও অফিস অ্যাসিস্ট্যান্ট পদের পরীক্ষায় বসতে পারবেন। রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলিতে অ্যাসিস্ট্যান্ট ও অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার পদে আবেদন করতে পারবেন।

✓ আমি ইংরেজি অনার্সের প্রথম বর্ষে পড়ছি। সরকারি প্রতিষ্ঠানে হোটেল ম্যানেজমেন্ট পড়তে চাই। কীভাবে এটা সম্ভব জানালে উপকৃত হব।

সোহিনী সরকার, দুর্গাপুর, বর্ধমান।

☐ ন্যাশনাল কাউন্সিল ফর হোটেল ম্যানেজমেন্ট অ্যান্ড কেটারিং টেকনোলজির প্রবেশিকা পরীক্ষা দিয়ে হসপিটালিটি অ্যান্ড হোটেল অ্যাডমিনিস্ট্রেশনের বি এসসি কোর্স পড়া যায় বিভিন্ন সরকারি প্রতিষ্ঠানে। কলকাতায় এই কোর্সটি পড়া যায় তারাতলার ইনস্টিটিউট অব হোটেল ম্যানেজমেন্টে। সর্বভারতীয় প্রবেশিকা পরীক্ষাটি আয়োজিত হবে ২৭ এপ্রিল। আপনি এই পরীক্ষায় বসার জন্য আবেদন করতে পারেন। অনলাইন আবেদন করা যাবে ১৫ জানুয়ারি থেকে, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nta.ac.in এই কোর্স সম্পর্কিত বিশদ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। আগ্রহী প্রার্থীদের অবগতির জন্য 'কর্মক্ষেত্র'-র ৩০ নভেম্বর সংখ্যায় 'হসপিটালিটি ও হোটেল অ্যাডমিনিস্ট্রেশনের স্নাতক কোর্সে ভর্তির প্রবেশিকা পরীক্ষা ২৭ এপ্রিল' শীর্ষক সংবাদে আগাম এই পরীক্ষার কথা জানানো হয়েছে। পরীক্ষার সিলেবাস, পাবেন উপরোক্ত ওয়েবসাইটে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখবেন এই ওয়েবসাইটটিই।

✓ ৬৭ শতাংশ নম্বর-সহ মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা করেছি। চাকরির চেষ্টা চলছে। চাকরির খোঁজ দেবেন।

অম্বর মৈত্র, ঢাকুরিয়া, কলকাতা-৩১।

☐ মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমাধারীদের চাহিদা আছে বিভিন্ন রাষ্ট্রায়ত্ত সংস্থায়। চাকরির পরীক্ষার জন্য প্রস্তুতি নিতে থাকুন।

এখনই আবেদন করতে পারেন: ১২৬ জন অপারেটর-কাম-টেকনিশিয়ান (ট্রেনি) নেবে বার্নপুরের ইসকো স্টিল প্ল্যান্ট। ইঞ্জিনিয়ারিংয়ের বিভিন্ন ডিসিপ্লিন থেকে নিয়োগ হবে। অন্যতম ডিসিপ্লিন মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং। ডিপ্লোমায় মোট অন্তত ৫০ শতাংশ নম্বর থাকলে মেকানিক্যাল, মেটালার্জি, ইলেক্ট্রিক্যাল, কেমিক্যাল, সিভিল ও সেরামিকস ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমাধারীরাও আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ২৩ নভেম্বর সংখ্যায় 'বার্নপুরের ইসকো স্টিল প্ল্যান্টে ১৫৬ ট্রেনি টেকনিশিয়ান' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। আপনি আবেদন করতে পারেন। অনলাইন দরখাস্ত করতে হবে ১৪ ডিসেম্বরের মধ্যে, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.sail.co.in

পরে আবেদন করতে পারবেন: রেলে জুনিয়র ইঞ্জিনিয়ার পদে আবেদন করতে পারবেন। আগ্রহ থাকলে রেলের অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদেও আপনি আবেদন করতে পারবেন। 'কর্মক্ষেত্র'-য় চোখ রাখুন, আরও বিভিন্ন চাকরির সন্ধান পাবেন।

✓ উচ্চমাধ্যমিক পাশ করার পর থেকেই একটি বেসরকারি সংস্থায় অফিস স্টাফের কাজ করছি ২ বছর যাবৎ। এরমধ্যে কম্পিউটারের ৬ মাসের সার্টিফিকেট কোর্স করেছি। ইংরেজি ও বাংলা টাইপিং জানি। চাকরির খোঁজ পেতে চাই।

তাপস রায়, রাজারহাট, উত্তর ২৪ পরগনা।

☐ উচ্চমাধ্যমিক যোগ্যতার কিছু চাকরির জন্য আপনি আবেদন করতে পারবেন। ইংরেজি এবং সেইসঙ্গে বাংলা টাইপিং জানা থাকায় চাকরি পেতে সুবিধা হবে। চাকরির পরীক্ষার জন্য প্রস্তুতি নিতে থাকুন।

এখনই আবেদন করতে পারেন: মুর্শিদাবাদ কোর্টে কিছু ক্লার্ক নেওয়া হবে। কম্পিউটারের অন্তত একটি সার্টিফিকেট কোর্স করা থাকলে এবং ইংরেজি ও বাংলা টাইপিং জানা থাকলে আবেদন করা যাবে। 'কর্মক্ষেত্র'-র ৩০ ডিসেম্বর সংখ্যায় 'মুর্শিদাবাদ কোর্টে স্টেনোগ্রাফার, লোয়ার ডিভিশন ক্লার্ক ও গ্রুপ 'ডি' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। ১৫ ডিসেম্বরের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.drcmurshidabad.in আপনি আবেদন করতে পারেন।

মুর্শিদাবাদ কোর্টে কিছু ক্লার্ক নেওয়া হবে। কম্পিউটারের অন্তত একটি সার্টিফিকেট কোর্স করা থাকলে এবং ইংরেজি ও বাংলা টাইপিং জানা থাকলে আবেদন করা যাবে। 'কর্মক্ষেত্র'-র ৩০ ডিসেম্বর সংখ্যায় 'মুর্শিদাবাদ কোর্টে স্টেনোগ্রাফার, লোয়ার ডিভিশন ক্লার্ক ও গ্রুপ 'ডি' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। ১৫ ডিসেম্বরের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.drcmurshidabad.in

কলেজস্তর থেকেই চাকরির পরীক্ষার প্রস্তুতি শুরু করুন

শান্তনু বন্দ্যোপাধ্যায়
প্রাক্তন প্রধান, স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া লার্নিং সেন্টার, কলকাতা

সরকারি চাকরি পাওয়ার জন্য সবার প্রথমে যেটা দরকার তা হল, একটা নাছোড় মানসিকতা। চাকরি আমাকে পেতে হবেই, এই রোখটা থাকতে হবে। তারপরে পড়াশোনা, অনুশীলন, প্রস্তুতি।

প্রস্তুতি নিয়েও প্রথম প্রথম কয়েকটি চাকরির পরীক্ষায় হয়তো সফল হওয়া গেল না। অনেকে এ-সময়ে হাল ছেড়ে দেন। না, সেটা করলে চলবে না। এখানেই একরোখা মানসিকতার দরকার হয়। প্রত্যেকটি পরীক্ষাই একটা করে অভিজ্ঞতা। কোন কোন প্রশ্নের উত্তর করতে পারলেন না, প্রশ্নের প্যাটার্ন কেমন, সেগুলো বিচার করে দেখা, দুর্বলতার জায়গাগুলো মেরামত করে নেওয়ার মধ্য দিয়ে কিন্তু আপনার প্রস্তুতি আরও জমাট বাঁধবে। আপনি সাফল্যের পথে আরেক কদম এগোবেন।

প্রস্তুতির ক্ষেত্রে দুটো জিনিসের দরকার। পরিশ্রম ও নিয়মানুবর্তিতা। এক পা এগোতেও তো একটু পরিশ্রমের দরকার হয়। একটা ভালো চাকরি পাওয়ার জন্য খানিকটা পরিশ্রম তো করতেই হবে।

নিয়মানুবর্তিতা একটা গুরুত্বপূর্ণ বিষয়। যে চাকরির পরীক্ষায় বসবেন বলে স্থির করলেন, তার জন্য পড়াশোনা ও অনুশীলন করে যেতে হবে নিয়মিতভাবে। একদিন এজন্য অনেকটা সময় দিলেন, তারপর তিন-চারদিন আর ওমুখো হলেন না, এমনটা করলে চলবে না। একদিন একটা মক টেস্ট দিলেন। পাঁচটা প্রশ্নের উত্তর করতে পারলেন না। অনতিবিলম্বে ওই পাঁচটি প্রশ্নের উত্তর খোঁজাটাই হবে আপনার কাজ। আপনি যদি মনে করেন, অন্য আরেকদিন দেখব, তাহলে কাজটা পড়ে থাকবে, যে দ্রুততায় আপনি উত্তরগুলো খুঁজে পেতে পারতেন এবং তাগিদের কারণে উত্তরগুলো মগজস্থ করতে পারতেন, তা পরে হবে না। তাই প্রস্তুতির ক্ষেত্রে ধারাবাহিকতা এবং তৎপরতার দরকার হয়।

আমি দীর্ঘদিন ব্যাঙ্কের প্রবেশনারি অফিসারদের প্রশিক্ষণের সঙ্গে যুক্ত ছিলাম। সেই সুবাদে ব্যাঙ্কের চাকরির বিষয়ে একটু বলি। মূলত ইংরেজি, রিজনিং ও কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউডের প্রশ্ন হয় ব্যাঙ্কের চাকরির পরীক্ষায়। আপনি যদি সারাদিন সময় নিয়ে প্রশ্নগুলো সলভ করার চেষ্টা করেন, তাহলে দেখবেন অনেক প্রশ্নেরই আপনি সমাধান করতে পেরেছেন। কিন্তু পরীক্ষায় তো সময় নির্দিষ্ট করা থাকে প্রশ্নের উত্তর করার জন্য। এক্ষেত্রে টাইম ম্যানেজমেন্ট একটা গুরুত্বপূর্ণ বিষয়। আপনি যত প্র্যাক্টিস করবেন, ততই টাইম ম্যানেজমেন্টের ব্যাপারে দক্ষ হয়ে উঠবেন। ধারাবাহিক প্র্যাক্টিসের জন্য খানিকটা সময়ের দরকার হয়। আমি বলব, ব্যাঙ্কের চাকরিই যদি আপনার লক্ষ্য হয়ে থাকে, তবে কলেজস্তর থেকেই পড়াশোনা ও প্র্যাক্টিস শুরু করে দিন। ব্যাঙ্কের চাকরির ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা স্নাতক। আপনি যদি কলেজের দ্বিতীয় বর্ষ থেকে প্রস্তুতি শুরু করেন, তবে গ্র্যাজুয়েট ডিগ্রির পরেই চাকরির পরীক্ষায় বসার জন্য প্রস্তুত হয়ে যাবেন। কলেজের পড়াশোনার পাশাপাশি চাকরির পরীক্ষার প্রস্তুতির জন্য দিনে নিয়মিত একটি ঘণ্টা সময় দিন। তাই-ই যথেষ্ট। পরীক্ষা খুব কঠিন কিছু হয় না। শুধু ব্যাঙ্ক বলে নয়, চাকরির ধরনটা যদি স্থির করে নিতে পারেন, তবে সংশ্লিষ্ট চাকরির পরীক্ষার প্রস্তুতি শুরু করে দিন আগেভাগেই। দেখবেন, আপনি ঠিক সফল হবেন।

পরে আবেদন করতে পারবেন: কেন্দ্রীয় সরকারে এবং পশ্চিমবঙ্গ সরকারে ক্লার্ক পদে আবেদন করতে পারবেন। রেলে ক্লার্ক পদে আবেদন করতে পারবেন। বিভিন্ন আদালতে ক্লার্ক পদে আবেদন করতে পারবেন। রাজ্যের সরকারি সাহায্যপ্রাপ্ত স্কুলগুলিতে ক্লার্ক পদের চাকরির জন্য স্কুল সার্ভিস কমিশনের পরীক্ষায় বসতে পারবেন। মাধ্যমিকে অন্তত ৫০ শতাংশ নম্বর থাকলে পুরসভা, জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতিতে অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। এই সবক'টি চাকরিতেই টাইপিংয়ের দক্ষতা কাজে লাগবে। এছাড়াও কেন্দ্রীয় সরকারে মাল্টিটাস্কিং স্টাফ পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারের খাদ্য ও সরবরাহ বিভাগে সাব-ইনস্পেক্টর পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারে কৃষিপ্রযুক্তি সহায়ক পদে আবেদন করতে পারবেন। উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর থাকলে রেলে টিকিট এক্সামিনার ও ট্রেন'স ক্লার্ক পদে আবেদন করতে পারবেন।

✓ ৬০ শতাংশ নম্বর-সহ প্লাম্বার ট্রেডে আই টি আই পাশ করেছি। অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিতে চাই। প্লাম্বার ট্রেডে অ্যাপ্রেন্টিসশিপের ট্রেনিংয়ের সংবাদ বিশেষ পাই না। প্রশিক্ষণের সংবাদ দিলে উপকৃত হব।

সুব্রত ঘোষ, টালিগঞ্জ, কলকাতা।

☐ **এখনই আবেদন করতে পারেন:** বিশাখাপত্তনমের ন্যাভাল ডকইয়ার্ডে বিভিন্ন ট্রেডে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেওয়া হবে। প্লাম্বার ট্রেডেও ট্রেনিং দেওয়া হবে, আপনি এখনই আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ৩০ নভেম্বর সংখ্যায় 'ন্যাভাল ডকইয়ার্ডে ২৭৫ তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ' শীর্ষক সংবাদে এই ট্রেনিং-সম্পর্কিত বিশদ তথ্য জানানো হয়েছে। আবেদন করার জন্য ৫ ডিসেম্বরের মধ্যে অনলাইনে নাম নথিভুক্ত করাতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.apprenticeship.gov.in পরবর্তী পদক্ষেপের জন্য 'কর্মক্ষেত্র'-র সংবাদটি দেখুন। তথ্যের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইটটি: www.joinindiannavy.nic.in নথিপত্র-সহ দরখাস্ত ডাকে ১২ ডিসেম্বরের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Officer-in-Charge (for Apprenticeship), Naval Dockyard Apprentices School, VM Naval Base S.O., P.O., Visakhapatnam - 530 014, Andhra Pradesh

কর্মক্ষেত্র পড়ে এখনও যাঁরা কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্য

কর্মক্ষেত্র কর্মসহায়ক

আপনার সম্পূর্ণ জীবনপঞ্জি (C.V.) ও নীচের প্রশ্নগুলির উত্তর সহ আমাদের লিখে জানান আপনার কাজ খোঁজার অভিজ্ঞতা।
আমরাও সাধ্যমতো চেষ্টা করব আপনার উপযুক্ত কাজের হদিশ দিতে।

- ✓ আগে কোথায় চাকরির দরখাস্ত করেছেন?
- ✓ জীবনপঞ্জি কীভাবে লিখেছেন? (যে-কোনও একটার কপি-সহ)
- ✓ ইন্টারভিউয়ের মুখোমুখি হয়েছেন কি কখনও? সেখানে কোন প্রশ্নের উত্তরে কী বলেছেন?

আপনার নাম, ফোন নম্বর ও সম্পূর্ণ ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়: (নথিপত্রের কপি পাঠাবেন না)

কর্মক্ষেত্র (কর্মসহায়ক বিভাগ)
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: karmakshetra@swarnakshar.in

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

রঙিন মাছের চাষ ও বিপণনের মাধ্যমে ভালো উপার্জনের সুযোগ –পৃঃ ১৩

কর্মক্ষেত্র

জীবিকার আটঘাট

স্বনির্ভরতার লক্ষ্যে কর্মক্ষেত্র পুরস্কার প্রতি মাসেই ৫০০০ টাকা
পুরস্কৃত প্রবন্ধ ১১ পাতায়

সিঁদুরির ভেষজ রঙে দেখা দিচ্ছে বাণিজ্যিক সম্ভাবনা

সিঁদুরি, লটকান, আনোত্তো, লিপস্টিক ট্রি— বিবিধ নাম তার দেশে-বিদেশে। আদতে দক্ষিণ আমেরিকার গাছ। গাছটির ফলের বীজ থেকে সংগৃহীত রং ব্যবহার করা যেতে পারে প্রসাধন সামগ্রী, এমনকী খাদ্যেও। সিঁদুরির ভালো চাষ হতে পারে পশ্চিমবঙ্গ জুড়ে। বীজ পাওয়া যাচ্ছে ফুলিয়ার কৃষি প্রশিক্ষণ কেন্দ্রে।

নিজস্ব প্রতিনিধি: শান্তিনিকেতনের কলাভবন চত্বরের একটি গাছ অগস্ট থেকে অক্টোবরে হালকা গোলাপি ফুলে ছেয়ে থাকে। ফল আসে ডিসেম্বর মাস নাগাদ। খানিকটা লিচুর মত দেখতে সেই ফল। পাকলে ফলগুলো ফেটে যায়। বেরিয়ে আসে ফলের মধ্যে থাকা কতগুলো বীজ। ওই বীজ হাতে নিয়ে ঘষলে দু'হাত রেঙে ওঠে লাল-কমলা রঙে। জানা যায়, রবীন্দ্রনাথ ঠাকুরকে গাছটি উপহার দিয়েছিলেন আঙ্কোরভাটের রাজা।

সিঁদুরির রং শরীরের পক্ষে নিরাপদ। প্রসাধনী ও খাদ্য প্রক্রিয়াকরণ শিল্পে সিঁদুরির ভেষজ রঙের দারুণ চাহিদা তৈরি হতে পারে বলে মানছেন বিশেষজ্ঞরা। রাজ্যের কৃষিমন্ত্রী আশিস বন্দ্যোপাধ্যায় বাণিজ্যিক সম্ভাবনার কথা বিবেচনা করে ইতিমধ্যেই চাষিদের সিঁদুরি চাষে আগ্রহী করে তোলার উদ্যোগ নিয়েছেন।

দক্ষিণবঙ্গে বর্তমানে এরকম কয়েকটিমাত্র গাছ আছে। কোথাও এর নাম সিঁদুরি, কোথাও লটকান। সাঁওতালি ভাষায় গাছটির নাম সিঁদুয়ারি।

নদিয়ার ফুলিয়ায় পশ্চিমবঙ্গ সরকারের কৃষি বিভাগের প্রশিক্ষণ কেন্দ্রের প্রাঙ্গণে এই গাছ লাগিয়েছেন সহকারী কৃষি অধিকর্তা অনুপম পাল। 'রূপবৃক্ষ' হিসেবে ইতিমধ্যেই সুনাম ছড়িয়েছে এ গাছের। মহিলাদের ওষ্ঠরঞ্জনী হিসেবে এই গাছের বীজ ব্যবহার করতে দেখা যাচ্ছে। না, তাতে ক্ষতি কিছু নেই। বরং বাজারচলতি নানা লিপস্টিকের তুলনায় নিরাপদ সিঁদুরি গাছের ভেষজ রং। গাছটি 'লিপস্টিক ট্রি' নামেও খ্যাত।

সিঁদুরি বা লিপস্টিক ট্রি'র বিজ্ঞানসম্মত নাম বিক্সা অরিলেনা। দক্ষিণ আমেরিকার কলম্বিয়া, মেক্সিকো, ইকুয়েডর, পেরু প্রভৃতি দেশে দীর্ঘকাল ধরেই এর বীজ থেকে সংগৃহীত রং শরীরচিত্রণে এবং খাদ্যরঞ্জক হিসেবে ব্যবহৃত হয়ে আসছে। এইসব দেশে গাছটি আনোত্তো নামে পরিচিত। পেরু, ব্রাজিল, কেনিয়া বাণিজ্যিকভাবে আনোত্তো থেকে ভেষজ রং তৈরির ক্ষেত্রে অগ্রবর্তী দেশ।

বাংলায় সিঁদুরির সম্ভাবনা

বাণিজ্যিকভাবে প্রসাধনী ও বিভিন্ন খাদ্যে ব্যবহারযোগ্য ভেষজ রঙের জোগান দিতে পারে সিঁদুরি গাছের বীজ। অনুপমবাবু জানালেন, বাংলার আবহাওয়া এই বৃক্ষটি চাষের পক্ষে অনুকূল। রাজ্যজুড়ে এর চাষ হতে পারে।

সিঁদুরি বীজ থেকে সংগৃহীত রং ব্যবহার করা যাবে প্রসাধন সামগ্রী, সাবান, আইসক্রিম, চকোলেট, পানীয়, মাখন, মার্জারিন, চিজ, বেকারির খাবার এবং মিষ্টিতে। সিঁদুরির রং শরীরের পক্ষে নিরাপদ। প্রসাধনী ও খাদ্য প্রক্রিয়াকরণ শিল্পে সিঁদুরির ভেষজ রঙের দারুণ চাহিদা তৈরি হতে পারে বলে মানছেন বিশেষজ্ঞরা। রাজ্যের কৃষিমন্ত্রী আশিস বন্দ্যোপাধ্যায় বাণিজ্যিক সম্ভাবনার কথা বিবেচনা করে ইতিমধ্যেই চাষিদের সিঁদুরি চাষে আগ্রহী করে

এরপর পনেরোর পাতায়

নিখরচায় চাকরি ও ব্যবসার উপযোগী ৯ প্রশিক্ষণ

নিখরচায় চাকরি ও ব্যবসার উপযোগী ৯টি ট্রেডে প্রশিক্ষণ দিচ্ছে মা সারদা স্বনির্ভর কেন্দ্র। সবক'টি ট্রেডের প্রশিক্ষণই পশ্চিমবঙ্গ সোসাইটি ফর স্কিল ডেভেলপমেন্ট এবং পশ্চিমবঙ্গ স্বরোজগার নিগম কর্তৃক অনুমোদিত। ট্রেনিং শেষে যাতায়াতের খরচ বাবদ ভাতা পাওয়ার সুযোগ আছে। আগ্রহীরা এখনই আবেদন করতে পারেন।

নিজস্ব প্রতিনিধি: বর্তমানে দেশজুড়ে পেশাদারি শিক্ষার উপর বিশেষ জোর দেওয়া হচ্ছে। এর জন্য জাতীয় স্তরে তৈরি হয়েছে ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশন। রাজ্যস্তরেও গঠন করা হয়েছে নানা সংস্থা। পশ্চিমবঙ্গ সোসাইটি ফর স্কিল ডেভেলপমেন্ট ও স্বরোজগার নিগম লিমিটেড এ রাজ্যের তরুণ-তরুণীদের পেশাদারি কর্মদক্ষতা বৃদ্ধির জন্য নানা পরিকল্পনা নিয়েছে। উচ্চতর শিক্ষাগত যোগ্যতা না থাকলেও হাতে-কলমে কাজের উপযোগী প্রশিক্ষণ নিয়ে নিজেদের কর্মদক্ষ হিসেবে গড়ে তোলার সুযোগ পাচ্ছেন এ রাজ্যের তরুণ-তরুণীরা।

কোথায় প্রশিক্ষণ

নিখরচায় ৯টি ট্রেডে প্রশিক্ষণ দিচ্ছে মা সারদা স্বনির্ভর কেন্দ্র। এটি বাগবাজার রামকৃষ্ণ মঠের একটি শাখা। ট্রেড অনুসারে পঞ্চম শ্রেণি থেকে স্নাতক যোগ্যতার তরুণ-তরুণীরা প্রশিক্ষণ নিতে পারেন। প্রশিক্ষণ নেওয়ার জন্য কোনও ফি লাগে না। কর্তৃপক্ষের তরফে জানানো হয়েছে, প্রশিক্ষণ চলাকালীন প্রশিক্ষার্থীদের জন্য দুপুরে বিনামূল্যে খাওয়ার ব্যবস্থা করা হয়। প্রশিক্ষণ শেষে ট্রাভেলিং অ্যালাউন্স পাওয়ার সুযোগ আছে।

সবক'টি ট্রেডের প্রশিক্ষণই পশ্চিমবঙ্গ সোসাইটি ফর স্কিল ডেভেলপমেন্ট এবং স্বরোজগার নিগম লিমিটেড কর্তৃক অনুমোদিত।

প্রশিক্ষণের বিষয়, যোগ্যতা, মেয়াদ

- **ফিল্ড টেকনিশিয়ান (এসি):** এই প্রশিক্ষণে এসি ইনস্টলেশন, রিপেয়ারিং ও সার্ভিসিং শেখানো হয়। শিক্ষাগত যোগ্যতা অন্তত মাধ্যমিক। মোট ৩০০ ঘণ্টার প্রশিক্ষণ।
- **সোয়িং মেশিন অপারেটর:** পুরুষ ও মহিলাদের পোশাক তৈরির জন্য বিভিন্ন ধরনের আধুনিক সেলাই মেশিন চালানোর প্রশিক্ষণ এটি। অন্তত ক্লাস ফাইভ পাশ হলেই প্রশিক্ষণ নেওয়ার জন্য আবেদন করা

এরপর চোদ্দোর পাতায়

অনলাইনেও গ্রাহক হওয়া যায়
www.swarnakshar.in

কলেজে পড়তে পড়তেই নিয়মিত পড়ুন
পেশাপ্রবেশ
আর স্নাতক হয়েই যে কোনও চাকরির পরীক্ষা দিন নিশ্চিন্তে

- 'পেশাপ্রবেশ'-এর বিভিন্ন বিভাগ স্ব স্ব ক্ষেত্রে অভিজ্ঞ ও বিশেষজ্ঞ শিক্ষকমণ্ডলীর দ্বারা প্রস্তুত।
- 'পেশাপ্রবেশ' গভীর জ্ঞান ও নিরন্তর গবেষণার ফসল।
- 'পেশাপ্রবেশ'-এ বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার জটিল সিলেবাস ও কঠিন বিষয় সরল ও সুপাঠ্য হয়ে ওঠে।
- পাঁচমেশালি পরীক্ষার ভাসাভাসা প্রস্তুতি নয়, 'পেশাপ্রবেশ' মানেই প্রত্যেক পরীক্ষার পূর্ণাঙ্গ প্রস্তুতি।
- 'পেশাপ্রবেশ'-এর পাতায় পাতায় পরীক্ষার মহড়াও যেন আনন্দের।

ঘরে বসে নিয়মিত 'পেশাপ্রবেশ' পেতে ২৩০ (ক্যুরিয়ারে ৪৯০) টাকার চেক/ড্রাফট নীচের ঠিকানায় পাঠিয়ে বার্ষিক গ্রাহক হোন:

Swarnakshar Prakasani Pvt. Ltd.
29/1-A, Old Ballygunge 2nd Lane, Kolkata-19
Ph: 2283-2320 □ E-mail: info@swarnakshar.in

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

কৃষিবিজ্ঞান নিয়ে পড়াশোনা

ভারতে কৃষিসম্পদের রপ্তানিতে জোর দেওয়া হচ্ছে, বাড়তি ফলনের জন্য ব্যবহৃত হচ্ছে উন্নত প্রযুক্তি এবং বীজ। ভালো ফসল উৎপাদনের নেপথ্যে কৃষিবিজ্ঞানের পেশাদারদের গুরুত্বপূর্ণ ভূমিকা থাকে। অধ্যাপনা, গবেষণা, ব্যাঙ্ক, বিমা, কৃষিক্ষেত্রে ব্যবহৃত যন্ত্রপাতি নির্মাণকারী সংস্থা— সব ক্ষেত্রেই চাহিদা রয়েছে কৃষিবিজ্ঞানীদের। বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক পাশের পরই পড়া যায় কৃষিবিজ্ঞান।

নিজস্ব প্রতিনিধি: ভারতের মোট জাতীয় উৎপাদনে কৃষির অবদান এখনও ১৮ শতাংশের মতো। তারও চেয়ে বড় কথা, দেশের ৫০ শতাংশ মানুষ এখনও জীবিকা অর্জনের জন্য কৃষির উপরই নির্ভর করেন। সেজন্য বাজেটে কৃষিকে বিশেষ গুরুত্ব দেওয়া হয়। দীর্ঘমেয়াদে কৃষি ও কৃষিপণ্যের উন্নতির লক্ষ্যে ইন্ডিয়ান কাউন্সিল অব এগ্রিকালচারাল রিসার্চ ইতিমধ্যেই তৈরি করেছে একটি রূপরেখা, 'আই সি এ আর-ভিশন ২০৩০'। সেচ ব্যবস্থার উন্নতি ঘটিয়ে কৃষিজমির পরিমাণ বৃদ্ধির জন্য প্রধানমন্ত্রী কৃষি সিঁচাই যোজনায় ২৮ হাজার হেক্টর জমিকে কৃষিকাজের আওতায় আনার লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে। সেইসঙ্গে ভাবা হচ্ছে বিদেশে খাদ্যশস্য রপ্তানির পরিকাঠামোকে আরও উন্নত করে গড়ে তোলার কথাও। জোর দেওয়া হচ্ছে কৃষিসংক্রান্ত গবেষণায়, প্রযুক্তির প্রয়োগ ঘটিয়ে উৎপাদন বৃদ্ধিতে। গবেষণাগারে তৈরি করা, রোগ প্রতিরোধ ক্ষমতাসম্পন্ন জেনেটিক্যালি মডিফায়েড উচ্চফলনশীল বীজ এখন এদেশেও ব্যাপক হারে প্রচলিত। বীজ বপন থেকে বিপণন পর্যন্ত কৃষির সব স্তরেই ছোঁয়া লেগেছে আধুনিকতার। আর এই গোটা কর্মকাণ্ডের প্রতিটি ধাপেই প্রয়োজন হচ্ছে কৃষিবিজ্ঞানের পেশাদারদের।

কত ধরনের কোর্স

●বি এসসি (অনার্স) ইন এগ্রিকালচার: এটি ৪ বছরের কোর্স। আবেদনের যোগ্যতা: বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক। উচ্চমাধ্যমিকে ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি এবং ইংরেজি পড়ে থাকতে হবে। ভোকেশনাল শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছাত্রছাত্রীরাও পড়তে পারেন এই কোর্স। অন্তত ১৬ বছর বয়স হতে হবে।

●বি টেক ইন এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং: কোর্সের মেয়াদ ৪ বছর। আবেদনের যোগ্যতা: বিজ্ঞান শাখায় অন্তত ৪৫ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক, সঙ্গে ওয়েস্ট বেঙ্গল জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষায় বৈধ র‌্যাঙ্ক করে থাকতে হবে। অন্তত ১৭ বছর বয়স হতে হবে।

●এম এসসি ইন এগ্রিকালচার: কোর্সের সময়সীমা ২ বছর। স্পেশ্যালাইজেশন করা যায় এগ্রিকালচারাল ইকনমিক্স, এগ্রিকালচারাল এন্টোমোলজি, জেনেটিক্স অ্যান্ড প্ল্যান্ট ব্রিডিং-সহ বিভিন্ন বিষয়ে। আবেদনের যোগ্যতা: এগ্রিকালচারে বি এসসি।

●এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট-এর পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা: কোর্সের মেয়াদ ২ বছর। আবেদনের যোগ্যতা: অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ এগ্রিকালচার বা সমতুল বিষয়ে স্নাতক। সঙ্গে ক্যাট (কমন অ্যাডমিশন টেস্ট), ম্যাট (ম্যানেজমেন্ট অ্যাপ্টিটিউড টেস্ট), সি-ম্যাট (কমন ম্যানেজমেন্ট অ্যাডমিশন টেস্ট) বা জেভিয়ার্স অ্যাপ্টিটিউড টেস্টের মত সর্বভারতীয় পরীক্ষায় বৈধ স্কোর করে থাকতে হবে।

কোথায় পড়বেন

কৃষিবিজ্ঞান বা এগ্রিকালচারাল সায়েন্স নিয়ে পড়ার সুযোগ রয়েছে আই সি এ আর এবং এ আই সি টি ই স্বীকৃত দেশের বিভিন্ন শিক্ষা-প্রতিষ্ঠানে।

পশ্চিমবঙ্গে এগ্রিকালচারে বি এসসি (অনার্স) পড়ার সুযোগ রয়েছে এইসব বিশ্ববিদ্যালয়ে—

●উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়। ওয়েবসাইট: www.ubkv.ac.in ফোন: ০৩৫৮২-২৭০০১২।

●বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়, মোহনপুর, নদিয়া-৭৪১ ২৫২। ওয়েবসাইট: www.bckv.edu.in ফোন: ০৩৪৭৩-২২২২৬৯।

●পল্লীশিক্ষা ভবন ইনস্টিটিউট অব এগ্রিকালচারাল সায়েন্স, বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়, শান্তিনিকেতন, বীরভূম। ওয়েবসাইট: www.visvabharati.ac.in ফোন: ০৩৪৬৩-২৬৪৭৭৯।

পশ্চিমবঙ্গে এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিংয়ের বি টেক কোর্স পড়ার

উষ্ণায়নের প্রভাব থেকে কৃষিজ সম্পদ রক্ষা করতে পারেন কৃষিবিজ্ঞানীরাই

তপনকুমার হাত
ডিন, ফ্যাকাল্টি অব এগ্রিকালচার, উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়

উন্নতমানের বীজ তৈরি থেকে শুরু করে চাষের প্রক্রিয়া, কীটপতঙ্গ রোধ ও নাশ করা, মাটির মান বিশ্লেষণ করা, কৃষিকার্যে ব্যবহৃত যন্ত্রপাতি উদ্ভাবন করা এবং ফসল তোলার পর সেটিকে দ্রুত পচনের হাত থেকে রক্ষা করা— সবক্ষেত্রেই অবদান থাকে একজন কৃষিপ্রযুক্তিবিদের। এই মুহূর্তে কৃষিকাজকে প্রায়শই ব্যাহত করছে অতিবৃষ্টি, খরা ইত্যাদি। বিশ্বজুড়েই দেখা যাচ্ছে একই ছবি। মনে করা হচ্ছে পরিবেশের উষ্ণায়নই এর জন্য দায়ী। কৃষিকাজকে এই ধরনের ক্ষতির হাত থেকে বাঁচাতে পারেন কৃষিবিজ্ঞানীরাই। কৃষিক্ষেত্রে বিজ্ঞানীদের ভূমিকাকে স্বীকৃতি দিয়েই ২০১৭-য় কেন্দ্রের এগ্রিকালচারাল রিসার্চ অ্যান্ড এডুকেশন মিনিস্ট্রি এবং ইন্ডিয়ান কাউন্সিল অব এগ্রিকালচারাল রিসার্চ (আই সি এ আর) যৌথভাবে কৃষিবিজ্ঞানকে প্রফেশনাল কোর্স হিসেবে ঘোষণা করেছে। এর ফলে জাতীয় ও আন্তর্জাতিক ক্ষেত্রে কৃষিবিজ্ঞানীদের প্রাসঙ্গিকতা অনেকটাই বেড়েছে। আগামীদিনে কৃষিবিদদের চাকরির সুযোগও বাড়তে চলেছে। রাজ্য সরকার এখনই প্রতি ব্লকে একজন কৃষি আধিকারিক নিয়োগ করে। এছাড়াও আই সি এ আর-এর অধীনস্থ কৃষি বিশ্ববিদ্যালয়, গবেষণাকেন্দ্রে অধ্যাপনা ও গবেষণার সুযোগ রয়েছে। সরকারি বিভিন্ন প্রকল্প, ব্যাঙ্ক, বিমা সংস্থা, বীজ, জৈব-অজৈব সার ও কীটনাশক প্রস্তুতকারী সংস্থাতেও নিয়োগ পান কৃষিবিদরা।

কৃষিবিজ্ঞান নিয়ে পড়াশোনার পর চাকরির সুযোগ রয়েছে সরকারি ও বেসরকারি স্তরে। স্নাতকস্তরের পড়াশোনা শেষ করার পর ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশন দ্বারা পরিচালিত পরীক্ষার মাধ্যমে বিভিন্ন ব্যাঙ্কে নিয়োগ করা হয় এগ্রিকালচারাল ফিল্ড অফিসার পদে। ন্যাশনাল ব্যাঙ্ক ফর এগ্রিকালচার অ্যান্ড রুর‌্যাল ডেভেলপমেন্ট (নাবার্ড)-এ চাকরি হতে পারে এগ্রিকালচার ইকনমিক্স, এগ্রিকালচার, এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং এবং অ্যাগ্রোনমি শাখায় স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রিধারীদের।

এগ্রিকালচার নিয়ে পড়াশোনা করে গড়তে পারেন অন্য রকম কেরিয়ার

ডঃ রামবিলাস মল্লিক
অ্যাসোসিয়েট প্রফেসর, ডিপার্টমেন্ট অব অ্যাগ্রোনমি
ইনস্টিটিউট অব এগ্রিকালচারাল সায়েন্স,
কলকাতা বিশ্ববিদ্যালয়

স্বাধীনতার পর থেকেই দেশের বিভিন্ন রাজ্যে গড়ে উঠতে থাকে কৃষি বিশ্ববিদ্যালয়। উদ্দেশ্য ছিল গ্রামীণ ভারতের কৃষিব্যবস্থার সার্বিক উন্নয়ন। দেশের ৬৪টি কৃষি বিশ্ববিদ্যালয় এবং সেগুলির অধীনস্থ কলেজে এগ্রিকালচার নিয়ে স্নাতকস্তরে পড়াশোনা করা যায়।

পশ্চিমবঙ্গের ছাত্রছাত্রীরা ভিন-রাজ্যের কৃষি বিশ্ববিদ্যালয়ে স্নাতক কোর্স পড়তে চাইলে তাঁদের দিতে হবে একটি সর্বভারতীয় প্রবেশিকা পরীক্ষা। একইভাবে ইন্ডিয়ান এগ্রিকালচারাল রিসার্চ ইনস্টিটিউট ও ইন্ডিয়ান এগ্রিকালচারাল স্ট্যাটিস্টিক্স রিসার্চ ইনস্টিটিউটের মত প্রতিষ্ঠানে এগ্রিকালচারাল স্ট্যাটিস্টিক্স, এগ্রিকালচারাল ইকনমিক্স-সহ বিভিন্ন বিষয়ে এম এসসি ও পি এইচ ডি করার সুযোগ পেতে চাইলেও সর্বভারতীয় স্তরের পরীক্ষা দিতে হয়। জাতীয় স্তরের এইসব পরীক্ষা নিয়ে থাকে ইন্ডিয়ান কাউন্সিল অব এগ্রিকালচারাল রিসার্চ। বি এসসি, এম এসসি এবং পি এইচ ডি-র জন্য বছরের বিভিন্ন সময়ে পরীক্ষার বিজ্ঞপ্তি প্রকাশিত হয়। আগ্রহীরা দেখতে পারেন আই সি এ আর-এর এই ওয়েবসাইটটি: https://icar.org.in

কৃষি নিয়ে পড়াশোনা করতে ইচ্ছুক ছাত্রছাত্রীদের বলব, এটি এমনই একটি বহুমুখী বিষয় যা নিয়ে উচ্চশিক্ষা এবং গবেষণার সুযোগ রয়েছে দেশে ও বিদেশে। যাঁরা উচ্চশিক্ষা গ্রহণে আগ্রহী তাঁরা কেরিয়ার গড়তে পারেন কৃষি বিশ্ববিদ্যালয়ে অধ্যাপক বা গবেষক হিসেবে কিংবা অ্যাগ্রো ইন্ডাস্ট্রি, এগ্রিকালচারাল ম্যানেজমেন্ট, কৃষি-সংক্রান্ত পরিষেবা প্রদানকারী সংস্থায়। আবার স্নাতকস্তরের পড়াশোনা শেষ করার পরই যোগ দেওয়া যায় সরকারি-বেসরকারি চাকরিতে।





জীবনে আমি চাকরি পাইনি ব'লে দুঃখ ছিল। ফলে, 'কর্মক্ষেত্র' আমি গোগ্রাসে গিলি। প'ড়ে বুঝেছি, চাকরি পেতে যে এলেম দরকার আমার তা নেই। প্রশ্নোত্তরগুলো রপ্ত করার চেষ্টা করি। পরে বুঝি, খুব দেরি ক'রে ফেলেছি। কী করব, আমাদের বয়সকালে তো 'কর্মক্ষেত্র' জন্মায়নি। স্বনিযুক্তি প্রকল্পগুলো আত্মস্থ ক'রে তবু লাখপতি হওয়ার স্বপ্ন দেখি। এ বয়সেও হয়তো একবার কপাল ঠুকে দেখা যেতে পারে। তার চেয়েও বড় কথা হল, 'কর্মক্ষেত্র' আমাকে কাজ না দিলেও অনেক কিছু শেখায় পড়ায়।

কর্মক্ষেত্র
বাঙালির কর্মজীবনের প্রবেশপথ
ইন্টারনেটে কর্মক্ষেত্র www.ekarmakshetra.com

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

স্বনির্ভরতার লক্ষ্যে কর্মক্ষেত্র পুরস্কার

নভেম্বর মাসের প্রতিযোগিতায় বিজয়ী প্রতনু ঘোষ ও বিজয়কুমার মাহাত

দু'জনেই পেলেন ২,৫০০ টাকা পুরস্কার

বিচার করেছেন এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউটের ডিরেক্টর এবং বেঙ্গল ন্যাশনাল চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজের ডেপুটি সেক্রেটারি এম এন মাইতি

ভুট্টা চাষ

বিজয়কুমার মাহাত, কালিয়াবাসা-হুড়া, পুরুলিয়া

বিচারক: পড়াশোনার পাশাপাশি ভুট্টা চাষ করছেন। চাষের পদ্ধতি সম্পর্কে বিস্তৃত লিখেছেন। এবছর আরও জমি লিজ নিয়ে ভুট্টার চাষ বাড়াতে চান।

পুরুলিয়ার হুড়া থানার অন্তর্গত কালিয়াবাসা গ্রামের বাসিন্দা। কৃষক পরিবারের ছেলে। কলেজের প্রথম বর্ষের ছাত্র। আমাদের নিজস্ব ২০ কাঠা জমি থাকায় পড়াশোনার পাশাপাশি প্রতি বছর ভুট্টার চাষ করে থাকি।

কেন এই চাষ

এই চাষ খুব কম পরিশ্রমে ও কম খরচে করা যায়, কম সময়ে ফলন পাওয়া যায়। এই চাষে লোকসান হওয়ার সম্ভাবনাও খুব কম। চাষের জন্য খুব উর্বর জমিরও প্রয়োজন হয় না। মনসা দেবীর পুজোর সময় ভুট্টার প্রচুর চাহিদা হয়। দামও ভালো পাওয়া যায়। এছাড়া অন্য সময়েও ভুট্টার চাহিদা থাকে।

কীভাবে এগোব

আমাদের নিজস্ব ২০ কাঠা জমি থাকায় প্রত্যেক বছর ভুট্টার চাষ করে থাকি। এবছর কৃষাণ ক্রেডিট কার্ড থেকে লোন পাওয়ায় আরও ১০ কাঠা জমি লিজে নেব ও ভুট্টা চাষকে একটু বাড়াব বলে মনস্থির করেছি।

এই চাষ খুব কম পরিশ্রমে ও কম খরচে করা যায়, কম সময়ে ফলন পাওয়া যায়। এই চাষে লোকসান হওয়ার সম্ভাবনাও খুব কম। চাষের জন্য খুব উর্বর জমিরও প্রয়োজন হয় না। মনসা দেবীর পুজোর সময় ভুট্টার প্রচুর চাহিদা হয়। দামও ভালো পাওয়া যায়। এছাড়া অন্য সময়েও ভুট্টার চাহিদা থাকে। আমাদের নিজস্ব ২০ কাঠা জমি থাকায় প্রত্যেক বছর ভুট্টার চাষ করে থাকি। এবছর কৃষাণ ক্রেডিট কার্ড থেকে লোন পাওয়ায় আরও ১০ কাঠা জমি লিজে নেব ও ভুট্টা চাষকে একটু বাড়াব বলে মনস্থির করেছি।

চাষের উপকরণ

জমি ছাড়াও এই চাষের জন্য যা প্রয়োজন তা হল: লাঙল, মই, পুরনো শুকনো গোবর সার, পটাশ, জৈবসার (ট্রাসকো খইল), ফেরাডল, উন্নত মানের হাইব্রিড বীজ (পায়োনিয়ার, কাঞ্চন, অঙ্কুর), কোদাল, ইউরিয়া (শক্তিমান) ইত্যাদি।

বীজ বপনের সময়

জুন মাসের প্রথম/দ্বিতীয় সপ্তাহের মধ্যে।

চাষের পদ্ধতি

প্রথমে তিন থেকে চারবার মাটি কর্ষণ করে মাটি ঝুরঝুরে করে নিতে হবে। তারপর মাটিকে মই দিয়ে লেভেল করে নিতে হবে। সেই লেভেল করা জমির উপর ট্রাসকো খইল ও পুরনো শুকনো গোবর একসঙ্গে মিশিয়ে ছড়িয়ে দিতে হবে। এরপর এক থেকে দেড় ফুট অন্তর নালা করতে হবে। প্রত্যেকটি নালার

ভেতর পটাশ, ডি এ পি, ফেরাডল একসঙ্গে মিশিয়ে ছড়িয়ে দিতে হবে। সব শেষে লাইনের ভেতর দেড় ফুট অন্তর একটি করে বীজ দিতে হবে।

বীজ বোনার কাজ শেষ হলে হালকাভাবে মই দিয়ে মাটি লেভেল করে নিতে হবে। বর্ষার জল যখন পাবে তখন ৫-৬ দিনের ভিতর অঙ্কুর বার হবে। অঙ্কুর বার হওয়ার ১০-১৫ দিন পর কোদাল দিয়ে সমস্ত জমিটিকে কুঁড় দিতে হবে, ২৫-৩০ দিনের মধ্যে প্রত্যেক গাছের গোড়ায় মাটি দিতে হবে যাতে হাওয়ায় না পড়ে যায়। যখন গাছের ডগায় ফুল (ধানশিসের মতো) দেখা যাবে তখন ২৫ কেজি শক্তিমান ইউরিয়া সমস্ত জমিতে সমানভাবে ছড়িয়ে দিতে হবে।

আয়-ব্যয় ও লাভের হিসাব

প্রাথমিক মূলধন

জমি কর্ষণ	৮০০	টাকা
কোদাল ৪টি	৪০০	"
শ্রমিক	১,০০০	"
মোট	২,২০০	টাকা

কার্যকরী মূলধন

বীজ (কাঞ্চন) দেড় কেজি	১৫০	টাকা
সার ২৫ কেজি	৬২৫	"
পটাশ ১০ কেজি	১২০	"
ফেরাডল ২ কেজি	২০০	"
গোবর	৪০০	"
ট্রাসকো খইল ২৫ কেজি	২৫০	"
ইউরিয়া ২৫ কেজি	২৫০	"
মোট	১,৯৯৫	টাকা

সর্বমোট খরচ প্রাথমিক মূলধন + কার্যকরী মূলধন
= ২,২০০ + ১,৯৯৫ টাকা = ৪,১৯৫ টাকা।

লাভের হিসাব

২০ কাঠা জমিতে ১ কেজি ৫০০ গ্রাম বীজ বপন করে ৮-১০ কুইন্টাল ভুট্টা পাওয়া যাবে। প্রতি কিলোগ্রাম ভুট্টার পাইকারি দর যদি ১৫ টাকা ধরি, তাহলে ৮ কুইন্টাল ভুট্টার বিক্রয়মূল্য হবে ১০০ × ৮ × ১৫ = ১২,০০০ টাকা।
সুতরাং মোট লাভ = ১২,০০০ - ৪,১৯৫ টাকা
= ৭,৮০৫ টাকা।

ভুট্টা চাষ সম্পর্কিত তথ্য জানতে ফোন করতে পারেন এই নম্বরে: ৯৩৮২৫-১৪৪১৫।

রঙিন মাছের চাষ

প্রতনু ঘোষ, পাকুড়িয়া, হাওড়া

বিচারক: নিজস্ব উদ্যোগে পড়াশোনার পাশাপাশি রঙিন মাছের চাষ লাভজনকভাবে করছেন। রঙিন মাছের সঙ্গে অ্যাকুয়ারিয়ামের বিভিন্ন জিনিস পাইকারি দরে কিনে বিক্রি করার পরিকল্পনাটি বেশ ভালো।

হাওড়ার ডোমজুর থানার অন্তর্গত পাকুড়িয়া গ্রামের বাসিন্দা। বাবা একজন সাধারণ ব্যবসায়ী। বর্তমানে বি কম তৃতীয় বর্ষের ছাত্র। বাড়িতে অল্প পুঁজির সাহায্যে রঙিন মাছের চাষ শুরু করেছি। আগে কয়েকবছর এ কাজ আমি করেছিলাম, তবে ব্যবসায়িক উদ্যোগে নয়। আমার অভিজ্ঞতা থেকে বলতে পারি, কম পুঁজি এবং খুব কম পরিশ্রমে এর চেয়ে ভালো কোনও ব্যবসা আর নেই।

ব্যবসাটি বাছার কারণ

রঙিন মাছের জনপ্রিয়তা দিন দিন বাড়ছে। শুধু দেশে নয় বিদেশেও এর চাহিদা অনেক। রঙিন মাছের মধ্যে গোল্ড ফিশ গ্রুপের মাছ খুব সহজে চৌবাচ্চায় পালন করা যায়। খুব অল্প পুঁজিতে এবং খুব অল্প পরিশ্রমে এই কাজ করা যায়। অন্য পেশার সঙ্গে যুক্ত থেকেও এই ব্যবসা করা সম্ভব।

কীভাবে এগোলাম

এই ব্যবসা করতে গেলে প্রয়োজন পূর্ব অভিজ্ঞতা ও পর্যাপ্ত জলের ব্যবস্থা। সৌভাগ্যবশত আমার বাড়িতে চারটি অব্যবহৃত চৌবাচ্চা ছিল যেগুলির প্রতিটির আয়তন ৫ ফুট বাই ৩ ফুট। পূর্ব অভিজ্ঞতা ছিল কিছুটা। ফলে বাড়ির স্বাভাবিক জলের ব্যবস্থাকে কাজে লাগিয়ে আমার এই ব্যবসা শুরু।

পদ্ধতি

পড়াশোনা করছি বলেই, স্থায়ীভাবে কোনও পেশাকে এখনও গ্রহণ করতে পারিনি। কিন্তু এই ব্যবসায় তেমন শ্রম লাগে না। চৌবাচ্চায় জল ভর্তি করে তাতে মাছের পোনা ছাড়লাম। আমি শুধু রেড ক্যাপ মাছই চাষ করেছিলাম। প্রত্যেকদিন পর্যাপ্ত পরিমাণ খাবার দেওয়া এবং ৩০ দিন অন্তর চৌবাচ্চার ৭৫% জল পালটানো ছাড়া বিশেষ যত্ন নেওয়ার প্রয়োজন নেই। প্রতিদিন ২ ঘণ্টা করে সময় দেওয়াই যথেষ্ট। প্রায় ৬ মাস পরে মাছ বিক্রি করার উপযোগী হবে এবং ১ বছরের মধ্যে দৈর্ঘ্য ৩.৫ ইঞ্চি হয়ে যাবে।

মোট খরচ ও লাভ (আনুমানিক):

চারা মাছ (৮০০ × ৫ টাকা)	৪,০০০	টাকা
খাবার (১০ কিলো, প্রতি কিলো ৬০ টাকা)	৬০০	"
কেঁচো	৩০০	"
অন্যান্য খরচ	৫০০	"
মোট খরচ	৫,৪০০	টাকা

একটি ৩.৫ ইঞ্চি দৈর্ঘ্যের মাছের মূল্য কমপক্ষে ২০ টাকা। ৪.৫ ইঞ্চির বড় মাছের দাম অন্তত ৫০ টাকা। আমার ২০টি মাছ মারা গিয়েছিল, বাকি বিক্রয় করে পাই (৭৫০ × ২০) + (৩০ × ৫০) = ১৬,৫০০ টাকা।

লাভের পরিমাণ (১৬,৫০০ - ৫,৪০০) টাকা = ১১,১০০ টাকা।

সাবধানতা

জলে ক্লোরিনের মাত্রা বেশি হলে মাছের ক্ষতি হয়। এছাড়া মাছের রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়াতে জল পাল্টাবার সঙ্গে সঙ্গে অ্যাকুয়ারিয়াম সল্ট প্রয়োগ করতে হয়। চৌবাচ্চায় মাছ মরতে থাকলে জল পাল্টে ফেলা উচিত। অনেক মাছ একসঙ্গে রাখলে মাছের বৃদ্ধি কমে যায়।

ভবিষ্যৎ পরিকল্পনা

চাহিদার কথা মাথায় রেখে ব্যবসাটি বাড়ানো যায়। তবে ব্যবসা বাড়াতে চাইলে সময় ও মূলধনের পরিমাণ বাড়াতে হবে। ভবিষ্যতে অ্যাকুয়ারিয়ামের বিভিন্ন দ্রব্য পাইকারি দরে কিনে মাছের সঙ্গে বিক্রয় করার ইচ্ছা আছে। সেইসঙ্গে কৃত্রিম প্রজনন পদ্ধতিতে নানাপ্রকার রঙিন মাছের চারা প্রস্তুত এবং রপ্তানি করার ইচ্ছাও আছে।

স্বনির্ভরতার লক্ষ্যে পাঠকদের জন্য কর্মক্ষেত্র পুরস্কার

প্রতি মাসেই ৫০০০ টাকা

আপনাকে কী করতে হবে?

'কর্মক্ষেত্র'র প্রতি সংখ্যায় ব্যবসা-সংক্রান্ত বিভিন্ন সুলুকসন্ধান, পরামর্শ ও পথনির্দেশ প্রকাশিত হয়। এভাবে প্রতি মাসে প্রকাশিত ব্যবসার আলোচনা থেকে আপনার পছন্দমতো ব্যবসাটি বেছে নিন। এই ব্যবসাটি বেছে নেওয়ার পক্ষে আপনার যুক্তি, কীভাবে এগোবেন ও এ বিষয়ে আপনার যোগ্যতাই বা কী— এইসব বিবৃত করে একটি প্রবন্ধ লিখুন। ১,০০০ শব্দের মধ্যে।

এবার খামের ওপর 'স্বনির্ভরতার লক্ষ্যে কর্মক্ষেত্র পুরস্কার' লিখে পাঠিয়ে দিন। ব্যস, এ-ই।

জানুয়ারি-এর প্রতিযোগিতার জন্য ডিসেম্বর মাসের 'কর্মক্ষেত্র'-য় প্রকাশিত ব্যবসার আলোচনাগুলি থেকে আপনার পছন্দসই ব্যবসাটি বাছতে হবে।

লিখবেন কাগজের একপিঠে, পরিষ্কার হস্তাক্ষরে। প্রথম পৃষ্ঠার ওপরে ও প্রতি পৃষ্ঠার বাঁদিকে চওড়া মার্জিন রেখে। সঙ্গে নিজের একটি পাসপোর্ট মাপের ছবিও পাঠিয়ে দেবেন।

এভাবে প্রতি মাসেই যাঁর প্রবন্ধ শ্রেষ্ঠ বিবেচিত হবে, তাঁকে ৫,০০০ টাকা পুরস্কার দেওয়া হবে। প্রবন্ধটি 'কর্মক্ষেত্র'য় প্রকাশিত হবে। আমরা আশা করব, পুরস্কৃত পাঠক স্বনির্ভরতার লক্ষ্যে তাঁর মনোমতো ব্যবসাটির গোড়াপত্তনে পুরস্কারের অর্থ কাজে লাগাবেন। কোনও একজনের প্রবন্ধ শ্রেষ্ঠ বিবেচিত না হলে একাধিক প্রতিযোগীকে যুগ্মভাবে বিজয়ী ঘোষণা করা হবে এবং মোট পুরস্কারমূল্য বিজয়ীদের মধ্যে সমানভাবে ভাগ করে দেওয়া হবে। পুরস্কৃত প্রবন্ধের বাইরেও সম্পাদকীয় বিচারে প্রশংসিত প্রবন্ধগুলি 'কর্মক্ষেত্র'য় প্রকাশিত হতে পারে।

আপনার লেখাটি ১০ জানুয়ারি-এর মধ্যে পৌঁছনো চাই। পাঠাবেন এই ঠিকানায়:
সম্পাদক, কর্মক্ষেত্র, ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

পোশাক তৈরির প্রশিক্ষণ নিয়ে স্বনির্ভর হোন

নিজের হাতে তৈরি করতে চান অভিনব ও ফ্যাশনেবল পোশাক? শুরু করতে চান নিজস্ব ব্যবসা? তাহলে হাতেকলমে শিখে নিতে পারেন পোশাক তৈরির পদ্ধতি। ন্যূনতম ক্লাস এইট যোগ্যতাতেই নিতে পারেন প্রশিক্ষণ। টেলরিং ও ড্রেস ডিজাইনিংয়ের প্রশিক্ষণ দিচ্ছে নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের স্কুল অব ভোকেশনাল স্টাডিজ। রাজ্যের বিভিন্ন জেলায় রয়েছে একাধিক প্রশিক্ষণ কেন্দ্র। ভর্তির জন্য আবেদন করতে পারেন এখনই।

নিজস্ব প্রতিনিধি: নিত্যনতুন ডিজাইনের পোশাকে নিজেকে আর আশপাশের মানুষজনকে সাজিয়ে তুলতে ভালোবাসেন? তাহলে শিখে নিতে পারেন পোশাক তৈরির খুঁটিনাটি পদ্ধতি। তারপর তৈরি করতে পারেন নিজস্ব টেলরিং ইউনিট। একটু বড় আকারে ব্যবসা করতে চাইলে সঙ্গে নিতে পারেন বাড়ির আশেপাশের মহিলাদেরও। ব্যবসার জন্য সরকারি ঋণ পাওয়া যায়।

পোশাক তৈরির কাজে সৃজনশীলতা ও সৌন্দর্যবোধ তো অবশ্যই দরকার, সেইসঙ্গে ব্যবসা শুরু করতে চাইলে ড্রেস ডিজাইনিং ও টেলরিং-সংক্রান্ত ট্রেনিং নেওয়াটাও খুবই জরুরি। টেলরিং অ্যান্ড ড্রেস ডিজাইনিংয়ের বেসিক, অ্যাডভান্সড সার্টিফিকেট এবং অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্স করায় নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের স্কুল অব ভোকেশনাল স্টাডিজ। কোর্সগুলি করানো হয় বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ স্টাডি সেন্টারগুলিতে। ভর্তির জন্য এখনই আবেদন করা যাচ্ছে।

কত ধরনের কোর্স

বেসিক কোর্স: ক্লাস এইট উত্তীর্ণরা ভর্তি হতে পারেন এই কোর্সে। কোর্সের মেয়াদ ৬ মাস। কোর্স ফি ৩,০০০ টাকা।

অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স: অন্তত মাধ্যমিক পাশ হতে হবে। কোর্সের মেয়াদ ১ বছর। কোর্স ফি ৬,০০০ টাকা।

অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্স: এই কোর্সের মেয়াদ ২ বছর। যে-কোনও শাখার স্নাতকরা ভর্তি হতে পারেন এই কোর্সে। কোর্স ফি ২১,০০০ টাকা।

কী শিখবেন

প্রণবানন্দ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট অ্যান্ড টেকনোলজির কোর্স কোঅর্ডিনেটর আশিস মণ্ডল জানালেন, যে-কোনও পোশাক তৈরির নির্দিষ্ট প্যাটার্ন বা ছাঁদ থাকে। সেই নির্দিষ্ট প্যাটার্ন মেনেই নতুন ডিজাইনের পোশাক তৈরি করা শেখানো হয় এই কোর্সে। সেলাই মেশিনের ব্যবহার, ক্রস স্টিচ, চেন স্টিচ, ব্যাক স্টিচের মত বিভিন্ন ধরনের সেলাইয়ের মাধ্যমে কাপড়ে ডিজাইন ফুটিয়ে তোলার পদ্ধতি, কাপড়ে অ্যাপ্লিকের ব্যবহার, ফ্যাব্রিক পেইন্টিং এমনকী পুতুল তৈরির পদ্ধতিও পাঠক্রমের অন্তর্ভুক্ত। এর পাশাপাশি পাইকারি বাজারে গিয়ে বিভিন্ন ধরনের কাপড়ের বুনন ও গুণগত মান চেনানো হয়, যার ফলে কোন পোশাক তৈরিতে কী কাপড় বাছাই করতে হবে সে সম্পর্কে ধারণা তৈরি হয় ছাত্রছাত্রীদের।

কোর্স চলাকালীন আরও শিখবেন, বাঁধনি, বাটিক এবং টাই-অ্যান্ড-ডাইয়ের মাধ্যমে কাপড় রাঙানোর পদ্ধতি, আধুনিক ও ঐতিহ্যবাহী নকশার কাজ। হাতে এঁকে নকশা তৈরি ছাড়াও সাহায্য নেওয়া হয় আধুনিক কম্পিউটার সফটওয়্যারের।

কোর্স চলাকালীন ব্যবসার খুঁটিনাটি সম্পর্কেও অবহিত করা হয় ছাত্রছাত্রীদের। পাইকারি বাজারে গিয়ে কাঁচামাল সংগ্রহ, ব্যাঙ্কে ঋণের জন্য কীভাবে আবেদন করতে হবে, পোশাক বিপণনের পদ্ধতি, পোশাকের দাম স্থির করা, এক কথায় ব্যবসা চালানোর সম্পূর্ণ প্রক্রিয়া বিশদে শেখানো হয় ছাত্রছাত্রীদের। শেখানো হয় মার্কেট রিসার্চ এবং মার্কেট সার্ভে করতে।

> নারী শিক্ষা সমিতির ফ্যাকাল্টি অস্মিতা দাস জানালেন, টেলরিং অ্যান্ড ড্রেস ডিজাইনিংয়ের অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্সটি বি এড কোর্সের সমতুল এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন দ্বারা স্বীকৃত। ফলে, রাজ্য স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে বিভিন্ন সরকারি স্কুলে ওয়ার্ক এডুকেশনের অ্যাসিস্ট্যান্ট টিচার পদে চাকরি পাওয়া যায়।

স্বনির্ভরতা ও চাকরির সুযোগ

টেলরিং অ্যান্ড ড্রেস ডিজাইনিংয়ের কোর্সটি সম্পূর্ণ করার পর ছাত্রছাত্রীরা সরকারি- বেসরকারি উভয়ক্ষেত্রেই প্রশিক্ষক হিসেবে চাকরি পেতে পারেন। এছাড়াও রয়েছে নিজস্ব ব্যবসা শুরু করার সুযোগ। বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ স্টাডি সেন্টার নারী শিক্ষা সমিতির ফ্যাকাল্টি অস্মিতা দাস জানালেন, টেলরিং অ্যান্ড ড্রেস ডিজাইনিংয়ের অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্সটি বি এড কোর্সের সমতুল এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন দ্বারা স্বীকৃত। ফলে, রাজ্য স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে বিভিন্ন সরকারি স্কুলে ওয়ার্ক এডুকেশনের অ্যাসিস্ট্যান্ট টিচার পদে চাকরি পাওয়া যায়। বেসরকারি আই টি আই কলেজে, স্বেচ্ছাসেবী সংস্থায় এবং স্বনির্ভর গোষ্ঠীতে প্রশিক্ষক হিসেবেও চাকরির সুযোগ রয়েছে। প্রশিক্ষণ শেষে যদি কেউ ব্যবসা শুরু করতে চান তাও করতে পারেন।

কোথায় পড়বেন

নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের স্কুল অব ভোকেশনাল স্টাডিজের অধীনস্থ স্টাডি সেন্টারগুলি হল: (১) প্রণবানন্দ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট অ্যান্ড টেকনোলজি (ভারত সেবাশ্রম সংঘ)। পড়ানো হবে এই সব ব্রাঞ্চে: ভি-৩৭: ডায়মন্ড হারবার, দক্ষিণ ২৪ পরগনা। ফোন: ৯৩৩১২-৫৬৯৩৪। ভি-৫৩: প্রণবকান্য সংঘ, হৃদয়পুর, উত্তর ২৪ পরগনা। ফোন: ৯৮৩০২১৬০৫৬, ৮৩৩৪০৭৯৬৬৯। ভি-৫৫: দেবীনগর, রায়গঞ্জ, উত্তর দিনাজপুর। ফোন: ৯৮৫১০৬৮০৮৩। ভি-৫৭: পূর্ব বর্ধমান। ওয়েবসাইট: www.pimtonline.com

(২) নারী শিক্ষাসমিতি (ভি-২৪), বাণীভবন, ২৯৪/৩ আচার্য প্রফুল্লচন্দ্র রোড, কলকাতা-৭০০ ০০৯। ফোন: ৯৪৩৩০-৫৪৯৯৬, ২৩৫৪-৪৯৯৬।

(৩) নারী শিক্ষাসমিতি, ঝাড়গ্রাম, পশ্চিম মেদিনীপুর। ফোন: ৯৪৩৩০-৫৪৯৯৬, ০৩২২১-২৫৫১৩৭।

(৪) শ্রীনিকেতন-শান্তিনিকেতন ডেভেলপমেন্ট (ভি-০১), প্রান্তিক টাউনশিপ, পো: বোলপুর, বীরভূম। ফোন: ৯৫৩১৭-৮৬৫১৪।

(৫) শান্তিদেবী বিদ্যানিকেতন (ভি-১০), পলাশি, বড়চাঁদঘর, নদিয়া। ফোন: ৯৮০০২-০২১৮৪, ৯৭৩৩৬-৩৮৩৫৭।

(৬) বিবেকানন্দ এডুকেশনাল ইনস্টিটিউট (ভি-৫৬), ময়নাগুড়ি রোড, জলপাইগুড়ি। ফোন: ৮৯১৮৯-২৯৯৭৩।

এরপর চোদ্দোর পাতায়

ডিসেম্বর সংখ্যা প্রকাশিত
বেরিয়ে পড়ার আসল গাইড
ভ্রমণ
এখন নতুন রূপে : সম্পূর্ণ রঙিন ও আগাগোড়া রেশমি পাতা
কাছে-দূরে ২১টি বেড়াবার জায়গা
একডজন পিকনিক স্পট
এছাড়া আরও ৮ বিশেষ ভ্রমণ
শীতের পুরুলিয়া • দারিংবারি • কালনা • সিঙ্গি • পারাদ্বীপের সৈকতে • তাড়োবা আর পেঞ্চ • পাফিন দেখতে স্কটল্যান্ড • স্পেন
ও আরও অনেক কিছু

কারিগরি ভবনের নতুন উদ্যোগ

একগুচ্ছ স্বল্পকালীন প্রশিক্ষণ

নিজস্ব প্রতিনিধি: রাজ্য সরকারের কারিগরি দপ্তরের উদ্যোগে পশ্চিমবঙ্গের তরুণ-তরুণীদের পেশাদারি দক্ষতা বাড়ানোর জন্য স্বল্পমেয়াদের প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। এই স্বল্পমেয়াদি ট্রেনিং কোর্সগুলির কোনওটি তিন মাসের, কোনওটি আবার নির্দিষ্ট ঘণ্টা-ভিত্তিক। সবক'টি প্রশিক্ষণ কোর্সই পশ্চিমবঙ্গ সোসাইটি ফর স্কিল ডেভেলপমেন্টের (পিবিএসএসডি) 'উৎকর্ষ বাংলা' প্রকল্পের অধীনস্থ। এই প্রকল্পে একাধিক ট্রেডে মোট ৩৯৪ ধরনের ট্রেনিং কোর্স চলবে সারা বছর ধরে। কোর্স করানোর জন্য রাজ্যের বিভিন্ন প্রান্তে ৪০০ ট্রেনিং প্রোভাইডারকে বাছা হয়েছে। ট্রেনিংয়ের জন্য প্রার্থীও বাছাই করবে রাজ্য কারিগরি দপ্তর। সম্পূর্ণ বিনামূল্যে এই ট্রেনিং নেওয়া যাবে। সফল ট্রেনিং শেষে পাওয়া যাবে এন সি ভি টি অনুমোদিত সার্টিফিকেট।

কারিগরি দপ্তর সূত্রে জানা গিয়েছে, প্রত্যেক ট্রেনিং প্রোভাইডারকে বছরে ৩টি ট্রেনিং করাতে হবে। এর জন্য ট্রেনিং প্রোভাইডাররা সরকারের কাছ থেকে বার্ষিক নির্দিষ্ট অঙ্কের টাকা পাবেন। ট্রেনিং করানোর জন্য ৪টি কিস্তিতে এই টাকা দেওয়া হবে। শেষ কিস্তি মিলবে ট্রেনিং শেষে সফল ছেলেমেয়েদের ৭০ শতাংশের চাকরির সুযোগ করে দেওয়ার পর।



ট্রেনিংয়ের জন্য প্রার্থী বাছাইয়ের কাজটি অতীতে করতেন ট্রেনিং প্রোভাইডাররা। 'উৎকর্ষ বাংলা' প্রকল্পে এই নিয়ম বদলেছে। রাজ্যের কারিগরি দপ্তরের মন্ত্রী পূর্ণেন্দু বসু জানান, 'উৎকর্ষ বাংলা' প্রকল্পে কোন ছেলেমেয়েরা ট্রেনিং নেবেন, সেই সিদ্ধান্ত নেবে কারিগরি দপ্তর নিজেই।

অন্তত অষ্টম শ্রেণি পাশ ছেলেমেয়েরা এই প্রকল্পে ট্রেনিং নেওয়ার জন্য অনলাইন আবেদন করতে পারেন। কোন ট্রেডে ট্রেনিং নিতে চান অনলাইন আবেদনের সময়ই তা জানাতে হবে। আবেদনকারীদের তালিকা থেকে কারিগরি দপ্তর ট্রেনিংয়ের জন্য প্রার্থী বাছাই করবে।

কারিগরি দপ্তর সূত্রে জানা গিয়েছে ইতিমধ্যেই ট্রেনিংয়ের জন্য ২,১৯,০০০ আবেদনপত্র জমা পড়েছে। কোর্স করার জন্য নির্বাচন করা হয়েছে ১,৮৭,০০০ জনকে। ইতিমধ্যেই ১,৫২,০০০ জন বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ নিচ্ছেন।

ক্লাস-পিছু প্রত্যেক প্রার্থী খাওয়াখরচ বাবদ ৫০ টাকা করে পাবেন। ট্রেনিংয়ের শেষে সফল ছেলেমেয়েদের এন সি ভি টি অনুমোদিত সার্টিফিকেট দেওয়া হবে। এই সার্টিফিকেটধারীরা দেশের যে-কোনও সংস্থায় সংশ্লিষ্ট ক্ষেত্রে চাকরির জন্য আবেদন করতে পারবেন।

চাকরির বাজারের চাহিদা অনুযায়ী কয়েকটি কোর্সের উপর বিশেষ করে জোর দিচ্ছে সরকার। এই কোর্সগুলির মধ্যে উল্লেখযোগ্য— এগ্রিকালচার, হর্টিকালচার, পিসিকালচার, অ্যালায়েড হেলথ কেয়ার, অটোমোটিভ রিপেয়ার, ব্যাঙ্কিং ও অ্যাকাউন্টিং, ক্যুরিয়ার অ্যান্ড লজিস্টিক্স, ইলেক্ট্রিক্যাল ও ইলেক্ট্রনিক্স ফ্যাব্রিকেশন, গার্মেন্ট মেকিং, ট্রাভেল ও ট্যুরিজম, জেমস অ্যান্ড জুয়েলারি, সাইকোলজিক্যাল কাউন্সেলিং, ফিটনেস ট্রেনার, রিটেল প্রভৃতি।

কোনও প্রার্থী একটি বিষয়ের ট্রেনিং শেষ করে আরও একটি প্রশিক্ষণে ভর্তি হতে পারবেন। সব বিভাগেই স্পেশ্যালাইজেশন করার সুযোগ রয়েছে। তবে একটি বিষয়ের কোর্স শেষ করে তবেই পরবর্তী কোর্সের জন্য আবেদন করতে হবে। বিশদ জানতে দেখুন এই ওয়েবসাইট: www.pbssd.gov.in

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

স্বনির্ভরতার নানা পথ

রঙিন মাছের চাষ ও বিপণনের মাধ্যমে ভালো উপার্জনের সুযোগ

রঙিন মাছের বিরাট বাজার আছে দেশের মধ্যেই। সুযোগ আছে রপ্তানিরও। রঙিন মাছের চাষে উৎসাহ দিচ্ছে পশ্চিমবঙ্গ সরকার। সরকারি প্রকল্পে আর্থিক সহায়তা পাওয়ার সুযোগও আছে। আগ্রহীরা রঙিন মাছের চাষ ও বিপণনের উদ্যোগ নিতে পারেন এখনই।



নিজস্ব প্রতিনিধি: স্বচ্ছ কাচের বাক্সের জলে বহুবর্ণ আলোয় সাঁতার কাটছে নানা আকার ও রঙের মাছ। অ্যাকোয়ারিয়াম নিয়ে মানুষের শৌখিনতা বহু বছর পার করেও কমেনি, বরং বেড়েছে। ফলে রঙিন মাছকে কেন্দ্র করে বাণিজ্যও বেড়েছে। জানেন কি, সারা দেশে এই বাণিজ্যের সবচেয়ে বড় অংশের অংশীদার পশ্চিমবঙ্গ।

এ-দেশে উৎপাদিত মোট রঙিন মাছের ৮০ শতাংশই উৎপন্ন হয় পশ্চিমবঙ্গে। সেই মাছ পৌঁছে যায় দেশের বিভিন্ন প্রান্তে, বিদেশেও। রাজ্যের অর্নামেন্টাল ফিশ অ্যাকোয়ারিস্টস অ্যাসোসিয়েশনের সহকারী সচিব অশোক খান জানাচ্ছেন, রাজ্যের প্রায় ১০ লক্ষ মানুষ রঙিন মাছের চাষ, সরবরাহ ও বিপণনের সঙ্গে যুক্ত আছেন। শুধু হাওড়া জেলাতেই কম করে ৩ লক্ষ লোক রঙিন মাছের ব্যবসার সঙ্গে যুক্ত। গত কয়েক বছর ধরেই হাওড়ায় রঙিন মাছের চাষে দারুণ এক গতি এসেছে। ব্লকভিত্তিক প্রশিক্ষণের ব্যবস্থাও করা হয়েছে। হাওড়ায় উৎপাদিত রঙিন মাছ এখন শুধু দেশের বিভিন্ন রাজ্যেই নয়, পৌঁছে যাচ্ছে ইন্দোনেশিয়া, সিঙ্গাপুর, তাইল্যান্ড, প্রতিবেশী বাংলাদেশেও।

রঙিন মাছের বিরাট বাজার আছে দেশের মধ্যেই

হিন্দোল সাহু
রঙিন মাছের ব্যবসায়ী

আমি দেশের বিভিন্ন রাজ্যে রঙিন মাছ রপ্তানি করি। আমার সংস্থার নাম 'কিউট অ্যাকুয়াপেট'। রপ্তানির জন্য মেরিন প্রোডাক্টস এক্সপোর্ট ডেভেলপমেন্ট অথরিটির (এমপেডা) লাইসেন্সও রয়েছে। কিন্তু বিপণনের কাজটা শুরু করে দেখলাম, আমাদের রাজ্যে উৎপাদিত রঙিন মাছের এক বিরাট বাজার রয়েছে দেশের মধ্যেই। অভ্যন্তরীণ বাজারের চাহিদা মেটাতেই হিমশিম খেতে হয়। তাই এ পর্যন্ত রপ্তানির পথে যাইনি। আমি বেশি মাছ পাঠাই উত্তরপ্রদেশ ও উত্তরাখণ্ডে। অন্য কয়েকটি রাজ্যেও পাঠাই।

তবে আমি নিজে রঙিন মাছের চাষ করি না। মাছ সংগ্রহ করি এবং বিক্রি করি। চাহিদামতো মাছ সংগ্রহ করে ব্যবসায়ীদের কাছে পৌঁছে দিই। শিক্ষিত তরুণ-তরুণীরা রঙিন মাছ বিপণনের পেশায় অবশ্যই আসতে পারেন। দেশের মধ্যে ব্যবসায় হাত পাকিয়ে পরে রপ্তানি বাণিজ্যের কথা ভাবতে পারেন।

একটু ছোট আকারে স্থানীয় স্তরে ব্যবসা করতে চাইলে ৫০ হাজার টাকার পুঁজি নিয়েও এ ব্যবসায় নামা চলে। বড় পরিকাঠামো গড়ে বাণিজ্যিক লক্ষ্যে কাজ করার জন্য অন্তত ২ লক্ষ টাকার পুঁজির দরকার হবে। পরিকাঠামো বলতে এখানে মাছের স্টক মেন্টেনের কথা বলতে চাইছি। নিয়মিতভাবে এবং সময়মতো অন্য রাজ্যে মাছ পাঠানোর জন্য মাছ মজুত রাখার দরকার হয়। মাছ সংগ্রহ, মাছ মজুত, যথাযথ প্যাকেজিং এবং ট্রেনে সেই মাছ অন্য রাজ্যের ব্যবসায়ীদের কাছে পৌঁছে দেওয়া— ব্যবসার জন্য এই সরবরাহ শৃঙ্খলটা গড়ে তোলা জরুরি।

আমরা যাঁরা বেশ কিছুকাল যাবৎ রঙিন মাছের ব্যবসা করছি, তাঁদের উদ্যোগে অর্নামেন্টাল ফিশ অ্যাকোয়ারিস্টস ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশন তৈরি হয়েছে ২০১৭-য়। যাঁরা নতুন ব্যবসায় নামবেন, তাঁরা এই অ্যাসোসিয়েশন থেকেও রঙিন মাছের ব্যবসা-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য পাবেন। অ্যাসোসিয়েশনের ওয়েবসাইট: www.ofawa.in

> বেকার তরুণ-তরুণী এবং স্বনির্ভর গোষ্ঠীগুলি রঙিন মাছ চাষের উদ্যোগ নিলে কেন্দ্রীয় ও রাজ্য সরকারের তরফে আর্থিক সহায়তা পেতে পারেন। আমরা ১০০ দিনের কাজের আওতায় রঙিন মাছ চাষের জন্য চৌবাচ্চা গড়ে দেওয়ার ব্যবস্থা করা যায় কি না তা নিয়েও ভাবনাচিন্তা করছি। এখন প্রশিক্ষণ নেওয়ার সুযোগও বেড়েছে। আমরা ব্লকের প্রশিক্ষিত মাছচাষিদের মাধ্যমেও প্রশিক্ষণের ব্যবস্থা করছি।
>
> —নারায়ণ বাগ
> *উলুবেড়িয়ার ১ নম্বর ব্লকের মৎস্য সম্প্রসারণ আধিকারিক*

বাংলার সাফল্য দেখে রঙিন মাছের বাণিজ্যে দ্রুত উঠে আসছে কেরল। উদ্যোগী হয়েছে গুজরাত, মহারাষ্ট্র, অন্ধ্রপ্রদেশও। এই অবস্থায় রঙিন মাছ চাষের বর্তমান পরিকাঠামোকে পুঁজি করেই এগিয়ে আসতে পারেন বাংলার তরুণ-তরুণীরা। রঙিন মাছ চাষের বাণিজ্যিক সম্ভাবনাগুলিকে আরও বেশি করে কাজে লাগিয়ে অনায়াসে স্বনির্ভর হতে পারেন তাঁরা।

সুযোগ-সুবিধা

রঙিন মাছ চাষের জন্য কেন্দ্রীয় সরকারের নীল বিপ্লব প্রকল্পের

এরপর চোদ্দোর পাতায়

প্যাকেজিংয়ের সার্টিফিকেট কোর্স

নিজস্ব প্রতিনিধি: বর্তমান যুগে যে কোনও সামগ্রী বিপণনের ক্ষেত্রে একটা বড় ভূমিকা থাকে তার মোড়কের। মানুষের যেমন পরিচ্ছদ, পণ্যের তেমন প্যাকেজিং। আমরা যখন কিছু কিনি, তখন সবার আগে চোখে পড়ে পণ্যটির মোড়কে। প্যাকেজিং নিয়ে দুনিয়াজুড়ে পড়াশোনা ও গবেষণার শেষ নেই। প্যাকেজিং এখন হয়ে উঠেছে পুরোদস্তুর পেশাদারী বিষয়। প্যাকেজিংয়ের দক্ষ পেশাদারদের চাহিদাও খুব বেশি। ইন্ডিয়ান ইনস্টিটিউট অব প্যাকেজিংয়ে পড়া যায় প্যাকেজিং টেকনোলজির ৩ মাসের সার্টিফিকেট কোর্স। ইন্ডিয়ান ইনস্টিটিউট অব প্যাকেজিং কেন্দ্রীয় বাণিজ্য ও শিল্প বিভাগের অধীন একটি স্বশাসিত প্রতিষ্ঠান। কোর্সটি এশিয়ান প্যাকেজিং ফেডারেশন কর্তৃক স্বীকৃত এবং ওয়ার্ল্ড প্যাকেজিং অর্গানাইজেশন কর্তৃক অনুমোদিত। যে-কোনও শাখার গ্র্যাজুয়েট এবং ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজির ডিপ্লোমাধারীরা এবং প্যাকেজিংয়ে বিশেষ আগ্রহী হলে উচ্চমাধ্যমিক উত্তীর্ণরাও সার্টিফিকেট কোর্সে ভর্তির জন্য আবেদন করতে পারেন। কোর্স ফি ৫৫ হাজার টাকা। প্যাকেজিং নিয়ে পড়াশোনা করে চাকরির সুযোগ রয়েছে প্যাকেজিং, ফার্মাসিউটিক্যাল, কসমেটিক্স, খাদ্যপণ্য প্রস্তুতকারী সংস্থায়, পোশাক শিল্পে, ইলেক্ট্রনিক্স সরঞ্জাম শিল্প ও আরও নানা ক্ষেত্রে। সেইসঙ্গে আছে স্বনিযুক্তির সুযোগও। নিজের সংস্থা গঠন করেও প্যাকেজিংয়ের কাজ করা যায়।

ইন্ডিয়ান ইনস্টিটিউট অব প্যাকেজিংয়ের কলকাতা কেন্দ্রে ৩ মাসের সার্টিফিকেট কোর্সটি চলবে ১ জানুয়ারি ২০১৯ থেকে ৩১ মার্চ ২০১৯ পর্যন্ত। আগে এলে আগে সুযোগের ভিত্তিতে ভর্তি নেওয়া হবে। আবেদন করতে পারবেন অনলাইনে। বিস্তারিত জানা যাবে সংস্থার ওয়েবসাইটে। যোগাযোগ করতে পারেন এই ঠিকানায়: ইন্ডিয়ান ইনস্টিটিউট অব প্যাকেজিং টেকনোলজি (কলকাতা কেন্দ্র), ব্লক সি পি-১০, সেক্টর-ফাইভ, সল্টলেক, কলকাতা-৭০০ ০৯১। ফোন: ২৩৬৭-৬০১৬/০৭৬৩। ওয়েবসাইট: www.iip-in.com

স্বর্ণাক্ষরে ছোটদের বই

অমরেন্দ্র চক্রবর্তীর
গরিলার চোখ
মধ্য আফ্রিকার রোয়ান্ডার আদিম অরণ্যে গরিলাদের মুখোমুখি। কিশোর উপন্যাস। ₹৮০
সাহিত্য অকাদেমি (শিশুসাহিত্য) পুরস্কারপ্রাপ্ত

মহাশ্বেতা দেবীর
তুতুল ৩য় মুদ্রণ ₹৬০

কানাইলাল চক্রবর্তীর
কুমির হয়ে জলে গেল ₹৩০
চলো দেখে আসি ₹২০
চড়ুইয়ের সঙ্গে ₹১৫

মৈত্রেয়ী নাগের
আষাঢ়ে গল্প ₹৬০
নেকড়ের চোখ ₹৬০
বাঘ বেড়ালের ছড়া ছবি ₹৩০
প্রখ্যাত ফরাসি লেখক দানিয়েল পেনাক-এর L'OEIL DU LOUP বইয়ের অনুবাদ

সুভাষ মুখোপাধ্যায়ের বকবকম ₹১৫
পূর্ণেন্দু পত্রীর আমার ছেলেবেলা ₹১৮
পবিত্র সরকারের
কথামালা: ছড়ায় ঢালা ₹১৫

অমরেন্দ্র চক্রবর্তীর সব বয়সের ছোটদের বই

কলকাতার 'স্বর্ণাক্ষর' ও ঢাকার 'আলোঘর' থেকে একসঙ্গে বেরচ্ছে
দুরুদুরু

আমাজনের জঙ্গলে
আমাজনের গভীরে রহস্যে ঢাকা অরণ্যবাসীদের নিয়ে বিস্ময়কর কিশোর উপন্যাস। ৭ম মুদ্রণ ₹৭০

হীরু ডাকাত

পাগলকরা ছন্দে দম বন্ধ করা ডাকাতের গল্প। ১০ম মুদ্রণ ₹১২০

দু'ঘণ্টার অখণ্ড MP3 সিডি

চোখে দেখা গল্প
মোঙ্গোলিয়ায় যাযাবরদের তাঁবুতে, সিরিয়ায় মরুভূমিতে বেদুইনদের সঙ্গে, আফ্রিকার জঙ্গলে গরিলাদের মুখোমুখি, শ্রীলংকায় ভেলায় চড়ে ভারত মহাসাগর। চোখে দেখা সব সত্যি গল্প। যুধাজিৎ সেনগুপ্ত চিত্রিত ₹১৫০

বরফের বাগান
পরিমার্জিত ও পরিবর্ধিত সংস্করণ
দুঃসাহসিক সমুদ্র-অভিযানের রুদ্ধশ্বাস কাহিনি।
পাতায় পাতায় ছবি
₹১২০

শাদা ঘোড়া

ছোটদের স্বপ্ন আর যুদ্ধের রূপকথা। পাতায় পাতায় দেবব্রত ঘোষের ছবি। নানা ভাষায় অনূদিত। ৬ষ্ঠ মুদ্রণ ₹৬০

নতুন ছড়ার বই
জল-বাতাসা
প্রত্যেক পাতায় দেবব্রত ঘোষের প্রাণঢালা চিত্রাঙ্কন। মূল্য ৮০ টাকা

সঙ্গে বিনামূল্যে লেখকের জনপ্রিয় কিশোর উপন্যাস ঋষিকুমার

লেখকের অন্যান্য বই: লিচুবাগানের চৌকিদার ₹৮০ ছেঁড়াকাঁথার গল্প ₹৭৫ ঋষিকুমার ₹২০ ভূতের বাঁশি ₹৪০ পাখির খাতা ₹৪০ আমগাছের ভোজ্য ₹২০ মাকড়গাছের ভূত ₹৭৫ গৌর যাযাবর ₹১২০

স্বর্ণাক্ষরের বই সারা বছর পাবেন
অভিযান বুক স্টোর, ১০/২এ, রমানাথ মজুমদার স্ট্রিট, কলকাতা-৯ ☎ ৮০১৭০ ৯০৬৫৫ দে বুক স্টোর (আদি), দে বুক স্টোর (দীপু), বলাকা বুক স্টল ইত্যাদি। বাংলাদেশে চট্টগ্রাম ও ঢাকায় 'বাতিঘর' (☎ +৮৮০-১৯১১৫০৯৬৯৬/০১৭১৩৩০৪৩৪৪)

স্বর্ণাক্ষর Phone: +91 98363 09170 (11 AM-6 PM)
E-mail: swarnakshar.books@gmail.com

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

কৃষিবিজ্ঞান নিয়ে পড়াশোনা

দশের পাতার পর

সুযোগ রয়েছে— ●উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয় এবং ●বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ে।

কৃষিবিজ্ঞানের স্নাতকোত্তর ডিগ্রি কোর্স এইসব বিশ্ববিদ্যালয়ে—

●**উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়।** এই বিশ্ববিদ্যালয়ে স্পেশ্যালাইজেশন করা যায় এইসব বিষয়ে— এগ্রিকালচারাল ইকনমিক্স, এগ্রিকালচারাল এন্টোমোলজি, এগ্রিকালচারাল এক্সটেনশন, এগ্রিকাল-চারাল স্ট্যাটিস্টিক্স, অ্যাগ্রোনমি, জেনেটিক্স অ্যান্ড প্ল্যান্ট ব্রিডিং, প্ল্যান্ট প্যাথলজি এবং সয়েল সায়েন্স অ্যান্ড এগ্রিকালচারাল কেমিস্ট্রি।

●**বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়।** এই বিশ্ববিদ্যালয়ে স্পেশ্যালাইজেশন করা যায় এইসব বিষয়ে— এগ্রিকালচারাল ইকনমিক্স, এগ্রিকালচারাল এন্টোমোলজি, এগ্রিকালচারাল এক্সটেনশন, এগ্রিকাল-চারাল স্ট্যাটিস্টিক্স, অ্যাগ্রোনমি, জেনেটিক্স অ্যান্ড প্ল্যান্ট ব্রিডিং, প্ল্যান্ট প্যাথলজি এবং সয়েল সায়েন্স অ্যান্ড এগ্রিকালচারাল কেমিস্ট্রি, এগ্রিকালচারাল বায়োটেকনোলজি, এগ্রিকালচারাল মেটিওরোলজি অ্যান্ড ফিজিক্স, সয়েল অ্যান্ড ওয়াটার কনজারভেশন, প্ল্যান্ট ফিজিওলজি, এগ্রিকালচারাল কেমিস্ট্রি অ্যান্ড সয়েল সায়েন্স, এগ্রিকালচারাল বায়োকেমিস্ট্রি, এগ্রিকালচারাল কেমিস্ট্রি এবং সিড সায়েন্স অ্যান্ড টেকনোলজি।

●**বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়।** এই বিশ্ববিদ্যালয়ের পল্লীশিক্ষা ভবনে এম এসসি কোর্সে স্পেশ্যালাইজেশন করা যায় এইসব বিষয়ে— অ্যাগ্রোনমি, হর্টিকালচার, সয়েল সায়েন্স অ্যান্ড এগ্রিকালচারাল কেমিস্ট্রি এবং প্ল্যান্ট প্রোটেকশন।

●**কলকাতা বিশ্ববিদ্যালয়।** বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব এগ্রিকালচারাল সায়েন্সে স্পেশ্যালাইজেশন করা যায় এইসব বিষয়ে—এগ্রিকালচারাল কেমিস্ট্রি ও সয়েল সায়েন্স, অ্যাগ্রোনমি, সিড সায়েন্স অ্যান্ড টেকনোলজি, জেনেটিক্স অ্যান্ড প্ল্যান্ট ব্রিডিং, প্ল্যান্ট ফিজিওলজি এবং হর্টিকালচার। ওয়েবসাইট: www.caluniv.ac.in

●**রামকৃষ্ণ মিশন বিবেকানন্দ এডুকেশনাল অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউট।** এই প্রতিষ্ঠানে পড়ানো হয় এগ্রিকালচারাল বায়োটেকনোলজি এবং জেনেটিক্স অ্যান্ড প্ল্যান্ট ব্রিডিংয়ের এম এসসি কোর্স। ওয়েবসাইট: www.rkmvu.ac.in

●**বেনারস হিন্দু ইউনিভার্সিটি।** এই প্রতিষ্ঠানে স্নাতকোত্তরে স্পেশ্যালাইজেশন করা যায় এইসব বিষয়ে—এগ্রিকালচারাল ইকনমিক্স, অ্যাগ্রোনমি, এন্টোমোলজি অ্যান্ড এগ্রিকালচারাল জুলজি, এক্সটেনশন এডুকেশন, জেনেটিক্স অ্যান্ড প্ল্যান্ট ব্রিডিং, হর্টিকালচার, মাইকোলজি অ্যান্ড প্ল্যান্ট প্যাথলজি, প্ল্যান্ট ফিজিওলজি এবং সয়েল সায়েন্স অ্যান্ড এগ্রিকালচারাল কেমিস্ট্রি। ওয়েবসাইট: www.bhuonline.in

এগ্রিকালচারে বি এসসি ও এম এসসি পড়া যায়, এরকম আরও কিছু বিশ্ববিদ্যালয়—

●**আসাম এগ্রিকালচারাল ইউনিভার্সিটি।** ওয়েবসাইট: www.aus.ac.in

●**বিরসা এগ্রিকালচারাল ইউনিভার্সিটি।** ওয়েবসাইট: www.bauranchi.org

●**বিহার এগ্রিকালচারাল ইউনিভার্সিটি।** ওয়েবসাইট: www.bausabour.ac.in

●**আচার্য এন জি রঙ্গ এগ্রিকালচারাল ইউনিভার্সিটি।** ওয়েবসাইট: https://www.angrau.ac.in

●**সেন্ট্রাল এগ্রিকালচারাল ইউনিভার্সিটি।** ওয়েবসাইট: http://https://www.cau.ac.in

●**চন্দ্রশেখর আজাদ ইউনিভার্সিটি অব এগ্রিকালচার অ্যান্ড টেকনোলজি।** ওয়েবসাইট: http://www.csauk.ac.in

●**জওহরলাল নেহরু কৃষি বিশ্ববিদ্যালয়।** ওয়েবসাইট: http://www.jnkvv.org

●**গোবিন্দবল্লভ পন্থ ইউনিভার্সিটি অব এগ্রিকালচার অ্যান্ড টেকনোলজি।** ওয়েবসাইট: http://gbpuat.ac.in

●**ইন্দিরা গান্ধী কৃষি বিশ্ববিদ্যালয়।** ওয়েবসাইট: http://www.igau.edu.in

●**কেরালা এগ্রিকালচারাল ইউনিভার্সিটি।** ওয়েবসাইট: http://www.kau.edu

এগ্রিকালচারের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স পড়ানো হয় দেশের এইসব প্রতিষ্ঠানে—

●**রামকৃষ্ণ মিশন বিবেকানন্দ এডুকেশনাল অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউট।** পড়ানো হয় পোস্ট-হার্ভেস্ট অ্যান্ড ফুড টেকনোলজির স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স। ওয়েবসাইট: www.rkmvu.ac.in

●**ইন্টারন্যাশনাল এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট ইনস্টিটিউট, আনন্দ এগ্রিকালচারাল ইউনিভার্সিটি।** ওয়েবসাইট: www.aau.in

●**ন্যাশনাল অ্যাকাডেমি অব এগ্রিকালচারাল রিসার্চ ম্যানেজমেন্ট।** ওয়েবসাইট: www.naarm.org.in

●**চৌধুরি চরণ সিং ন্যাশনাল ইনস্টিটিউট অব এগ্রিকালচারাল মার্কেটিং।** ওয়েবসাইট: www.ccsniam.gov.in

●**বৈকুণ্ঠ মেহতা ন্যাশনাল ইনস্টিটিউট অব কো-অপারেটিভ ম্যানেজমেন্ট।** ওয়েবসাইট: www.vamnicom.gov.in

●**ন্যাশনাল ইনস্টিটিউট অব এগ্রিকালচারাল এক্সটেনশন ম্যানেজমেন্ট।** ওয়েবসাইট: www.manage.gov.in — এর সবক'টিতেই পড়ানো হয় এগ্রিবিজনেস ম্যানেজমেন্টের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স।

কাজের সুযোগ

কৃষিবিজ্ঞান নিয়ে পড়াশোনার পর চাকরির সুযোগ রয়েছে সরকারি ও বেসরকারি স্তরে। স্নাতকস্তরের পড়াশোনা শেষ করার পর ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশন দ্বারা পরিচালিত পরীক্ষার মাধ্যমে বিভিন্ন ব্যাঙ্কে নিয়োগ করা হয় এগ্রিকালচারাল ফিল্ড অফিসার পদে।

স্নাতকোত্তর স্তরের পড়াশোনার শেষে রয়েছে গবেষণার সুযোগ। দেশের বিভিন্ন কৃষি গবেষণা কেন্দ্রে সায়েন্টিস্ট এবং রাষ্ট্রীয় কৃষি বিশ্ববিদ্যালয়গুলিতে লেকচারার/অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদে নিয়োগের যোগ্যতামান যাচাইয়ের পরীক্ষা নেয় ইন্ডিয়ান কাউন্সিল অব এগ্রিকালচারাল রিসার্চ। পরীক্ষাটি পরিচালনা করে এগ্রিকালচারাল সায়েন্টিস্টস রিক্রুটমেন্ট বোর্ড।

ন্যাশনাল ব্যাঙ্ক ফর এগ্রিকালচার অ্যান্ড রুরাল ডেভেলপমেন্ট (নাবার্ড)-এ চাকরি হতে পারে এগ্রিকালচার ইকনমিক্স, এগ্রিকালচার, এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং এবং অ্যাগ্রোনমি শাখায় স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রিধারীদের। নিয়োগ হতে পারে অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদে। ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের এগ্রিকালচার, কো-অপারেশন অ্যান্ড ফার্মার্স ওয়েলফেয়ার বিভাগে চাকরি হয় অ্যাসিস্ট্যান্ট এগ্রিকালচারাল মার্কেটিং অফিসার পদে।

পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে নিয়োগ হয় অ্যাসিস্ট্যান্ট এগ্রিকালচার মেটিওরোলজিস্ট, অ্যাসিস্ট্যান্ট সয়েল কেমিস্ট, অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর অব এগ্রিমার্কেটিং-সহ বিভিন্ন পদে।

রঙিন মাছের চাষ ও বিপণনের মাধ্যমে ভালো উপার্জনের সুযোগ

তেরোর পাতার পর

আওতায় আর্থিক সহায়তা পাওয়ার সুযোগ আছে।

গত এক বছরে উলুবেড়িয়ার ১ নম্বর ব্লকে প্রায় এক হাজার মৎস্যচাষি রঙিন মাছের চাষ শুরু করেছেন। এই ব্লকের মৎস্য সম্প্রসারণ আধিকারিক নারায়ণ বাগ জানালেন, 'বেকার তরুণ-তরুণী এবং স্বনির্ভর গোষ্ঠীগুলি রঙিন মাছ চাষের উদ্যোগ নিলে কেন্দ্রীয় ও রাজ্য সরকারের তরফে আর্থিক সহায়তা পেতে পারেন। আমরা ১০০ দিনের কাজের আওতায় রঙিন মাছ চাষের জন্য চৌবাচ্চা গড়ে দেওয়ার ব্যবস্থা করা যায় কি না তা নিয়েও ভাবনাচিন্তা করছি।' নারায়ণবাবু জানান, 'এখন প্রশিক্ষণ নেওয়ার সুযোগও বেড়েছে। আমরা ব্লকের প্রশিক্ষিত মাছচাষিদের মাধ্যমেও প্রশিক্ষণের ব্যবস্থা করছি।'

সম্প্রতি রাজ্যের মৎস্যমন্ত্রী চন্দ্রনাথ সিংহও জানিয়েছেন, রাজ্যজুড়ে রঙিন মাছের চাষ উৎসাহ দিতে বিভিন্ন ব্লকে প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে। সরকারি উদ্যোগে আয়োজিত প্রশিক্ষণ-সংক্রান্ত তথ্যের জন্য নিজের নিজের এলাকার মৎস্য সম্প্রসারণ আধিকারিকের সঙ্গে যোগাযোগ করতে পারেন। ব্লক ডেভেলপমেন্ট অফিসে মৎস্য সম্প্রসারণ আধিকারিকের সাক্ষাৎ পাবেন। তথ্য-পরামর্শও পাবেন এই আধিকারিকের কাছ থেকেই।

শুধু হাওড়া জেলাতেই কম করে ৩ লক্ষ লোক রঙিন মাছের ব্যবসার সঙ্গে যুক্ত। হাওড়ার দাশনগরে সি টি আই এলাকায় এবং হাওড়ার কদমতলায় কালী কুণ্ডু লেনের পেট্রল পাম্প সংলগ্ন অঞ্চলে রঙিন মাছের পাইকারি বাজার বসে। প্রতিদিন সকাল ৮টা থেকে বিকেল ৫টা পর্যন্ত বাজার চলে। এই দুই বাজারের মাছ পাড়ি দেয় দেশের নানা রাজ্যে, বিদেশেও। রঙিন মাছের চাষ বা বিপণনে আগ্রহীরা বাজারদু'টি ঘুরে দেখতে পারেন। প্রয়োজনীয় অনেক তথ্য পাবেন।

শিক্ষাপ্রতিষ্ঠানে প্রশিক্ষণ

কল্যাণী বিশ্ববিদ্যালয়ের বয়স্ক শিক্ষাকেন্দ্রে রঙিন মাছ চাষের স্বল্পমেয়াদি প্রশিক্ষণ দেওয়া হয় বছরের বিভিন্ন সময়ে। প্রশিক্ষণ-সংক্রান্ত তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন এই ঠিকানায়: বয়স্ক শিক্ষাকেন্দ্র, কল্যাণী বিশ্ববিদ্যালয়, কল্যাণী (ট্রেনে ঘোষপাড়া স্টেশনে নেমে যেতে হবে), নদিয়া। ফোন: ২৫৮০-৮৩৭১, ৯৪৩৩৩-৪২২৮৬।

রঙিন মাছের বাজার

হাওড়ার দাশনগরে সি টি আই এলাকায় এবং হাওড়ার কদমতলায় কালী কুণ্ডু লেনের পেট্রল পাম্প সংলগ্ন অঞ্চলে রঙিন মাছের পাইকারি বাজার বসে। প্রতিদিন সকাল ৮টা থেকে বিকেল ৫টা পর্যন্ত বাজার চলে। এই দুই বাজারের মাছ পাড়ি দেয় দেশের নানা রাজ্যে, বিদেশেও। রঙিন মাছের চাষ বা বিপণনে আগ্রহীরা বাজারদু'টি ঘুরে দেখতে পারেন। প্রয়োজনীয় অনেক তথ্য পাবেন।

রপ্তানি সংক্রান্ত তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন এই ঠিকানায়: রিজিওনাল অফিস, মেরিন প্রোডাক্টস এক্সপোর্ট ডেভেলপমেন্ট অথরিটি (এমপেডা), ষষ্ঠ তল, টি বোর্ড বিল্ডিং, ১৪, বি টি এম সরণি, ব্র্যাবোর্ন রোড, কলকাতা ৭০০ ০০১। ফোন: ২২৮৭-৫৯০৮। ওয়েবসাইট: www.mpeda.gov.in

রঙিন মাছের চাষ-সংক্রান্ত তথ্য-পরামর্শের জন্য দরকারে উলুবেড়িয়ার ১ নম্বর ব্লকের মৎস্য সম্প্রসারণ আধিকারিক নারায়ণ বাগের সঙ্গে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ৮৭৬৮৬-৭৯১৭৬।

পোশাক তৈরির প্রশিক্ষণ নিয়ে স্বনির্ভর হোন

বারোর পাতার পর

(৭) অঞ্জলি অ্যাকাডেমি অব ম্যানেজমেন্ট অ্যান্ড টেকনোলজি (ভি-২৭), পাঁশকুড়া, পূর্ব মেদিনীপুর-৭২১ ১৫২। ফোন: ৯৭৩৩৭-৫২৯০৪, ৯৪৩৪৪-৫৩১৪৪।

(৮) আল-আমিন মেমোরিয়াল মাইনরিটি কলেজ, হাটপাড়া, জয়নগর, দক্ষিণ ২৪ পরগনা। ফোন: (০৩৩)৩২০২-৫৫২১, ৯৮৭৪২-১২০১৩।

(৯) বেঙ্গল ব্রতচারী সোসাইটি (ভি-৫৭), জোকা, ঠাকুরপুকুর, কলকাতা-১০৪। ফোন: (০৩৩) ২২৪১-১৮৩৯।

(১০) জয়গোপালপুর গ্রাম বিকাশ কেন্দ্র (ভি-৪১), বাসন্তী, দক্ষিণ ২৪ পরগনা। ফোন:৯৭৩২৫-২২৮৪৮ (সকাল সাড়ে ১০টা থেকে বিকেল ৫টা)।

উপরোক্ত কোর্সে ভর্তির জন্য ফি বাবদ নগদে ২০০ টাকার বিনিময়ে প্রসপেক্টাস-সহ আবেদনপত্র সংগ্রহ করা যাবে স্টাডিসেন্টারগুলি থেকে। আগে-এলে-আগে সুযোগের ভিত্তিতে ভর্তি নেওয়া হয়। আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ৩০ ডিসেম্বর। আগ্রহীরা দেখুন এই ওয়েবসাইট: www.wbnsou.ac.in

নিখরচায় চাকরি ও ব্যবসার উপযোগী ৯ প্রশিক্ষণ

নয়ের পাতার পর

যাবে। মোট ২৭০ ঘণ্টার প্রশিক্ষণ।

●**আগরবাতি প্যাকার:** ধূপকাঠি তৈরি ও প্যাকেজিংয়ের প্রশিক্ষণ দেওয়া হবে। শিক্ষাগত যোগ্যতা: অন্তত ক্লাস এইট পাশ। ২২০ ঘণ্টার প্রশিক্ষণ।

●**জুট প্রোডাক্ট স্টিচিং অপারেটর:** হাতে ও মেশিন ব্যবহার করে পাটজাত বিভিন্ন সামগ্রী তৈরির প্রশিক্ষণ এটি। অন্তত ক্লাস ফাইভ পাশ হলেই প্রশিক্ষণ নেওয়া যায়। প্রশিক্ষণের মেয়াদ ৩০০ ঘণ্টা।

●**ফ্লেবোটমি টেকনিশিয়ান:** প্যাথলজিক্যাল টেস্টের জন্য রক্তের নমুনা সংগ্রহ, সংরক্ষণ ইত্যাদির প্রশিক্ষণ দেওয়া হবে। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক। বিজ্ঞান শাখার উচ্চমাধ্যমিকরা অগ্রাধিকার পাবেন। ৬০০ ঘণ্টার প্রশিক্ষণ।

●**জেনারেল ডিউটি অ্যাসিস্ট্যান্ট:** নার্সিং অ্যাসিস্ট্যান্টের প্রশিক্ষণ এটি। একজন রোগীকে বিভিন্নভাবে সাহায্য করার এবং প্রশিক্ষিত নার্সকে তাঁর কাজে সহায়তা করার বিজ্ঞানসম্মত পদ্ধতি শেখানো হয় এই প্রশিক্ষণে। শিক্ষাগত যোগ্যতা অন্তত মাধ্যমিক। ৪২০ ঘণ্টার প্রশিক্ষণ।

●**চাকরি-সহায়ক প্রশিক্ষণ:** এই প্রশিক্ষণ কোর্সে কম্পিউটার শিক্ষার সঙ্গে, যোগাযোগের দক্ষতা তথা কমিউনিকেশন স্কিল, কর্পোরেট ক্ষেত্রে কাজের উপযোগী আচার-ব্যবহার সংক্রান্ত শিক্ষা, নেতৃত্ব প্রদানের দক্ষতা বৃদ্ধির উপর জোর দেওয়া হবে। থাকবে অঙ্ক ও রিজনিংয়ের দক্ষতা বৃদ্ধির পাঠও। শিক্ষাগত

সব ক্ষেত্রেই প্রার্থীর বয়স হতে হবে ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে। আগ্রহীরা এখনই ভর্তির জন্য আবেদন করতে পারেন। প্রশিক্ষণ চলে বছরভর। কোনও ব্যাচের আসন পূর্ণ হয়ে গেলে উদ্বৃত্ত প্রার্থীদের পরের ব্যাচের প্রশিক্ষণের জন্য ডেকে নেওয়া হয়।

ভর্তির সময় সঙ্গে নিয়ে যাবেন

✓সংক্ষিপ্ত জীবনপঞ্জি (বায়োডেটা)
✓আধার কার্ডের ৩টি প্রতিলিপি
✓ভোটার পরিচয়পত্রের ৩টি প্রতিলিপি
✓বয়স ও শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেটের প্রতিলিপি
✓ব্যাঙ্কের পাসবুকের প্রথম পৃষ্ঠার ৩টি প্রতিলিপি
✓তফসিলিদের ক্ষেত্রে কাস্ট সার্টিফিকেটের ৩টি প্রতিলিপি

যোগ্যতা: গ্র্যাজুয়েট। ২০১৬ থেকে ২০১৮-র মধ্যে যাঁরা স্নাতক ডিগ্রি পেয়েছেন, শুধু তাঁরাই আবেদনের যোগ্য। প্রশিক্ষণের মেয়াদ ২ মাস।

●**ড্রয়িং, পেন্টিং, বাটিক:** পোশাক ও বেডকভারে ফেব্রিক, বাটিক, ওয়াটার কালার ও মধুবনী চিত্রশৈলী ব্যবহারের প্রশিক্ষণ দেওয়া হবে এই ট্রেডে। শিক্ষাগত যোগ্যতা: ক্লাস এইট পাশ। প্রশিক্ষণের মেয়াদ ২০০ থেকে ২৪০ ঘণ্টা।

●**হ্যান্ড এমব্রয়ডারি:** শাড়ি ও বেডকভারে হাতে এমব্রয়ডারির কাজ শেখানো হবে। শিক্ষাগত যোগ্যতা: ক্লাস এইট পাশ। ২০০-২৪০ ঘণ্টার প্রশিক্ষণ।

সব ক্ষেত্রেই প্রার্থীর বয়স হতে হবে ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে।

প্রতিষ্ঠানের সেন্টার সুপারভাইজর সুশান্ত মল্লিক জানান, কাজের প্রক্রিয়াগুলো শিখে নিতে পারলে কাজ আছে। প্রশিক্ষণ শেষে চাকরি এবং ব্যবসার ব্যাপারে প্রতিষ্ঠান থেকে প্রয়োজনীয় তথ্য-পরামর্শ দেওয়া হবে।

কীভাবে ভর্তি

আগ্রহীরা এখনই ভর্তির জন্য আবেদন করতে পারেন। প্রশিক্ষণ চলে বছরভর। কোনও ব্যাচের আসন পূর্ণ হয়ে গেলে উদ্বৃত্ত প্রার্থীদের পরের ব্যাচের প্রশিক্ষণের জন্য ডেকে নেওয়া হয়।

ভর্তির সময় সঙ্গে নিয়ে যাবেন: সংক্ষিপ্ত জীবনপঞ্জি (বায়োডেটা), আধার কার্ডের ৩টি প্রতিলিপি, ভোটার পরিচয়পত্রের ৩টি প্রতিলিপি, বয়স ও শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেটের নকল, ব্যাঙ্কের পাসবুকের প্রথম পৃষ্ঠার ৩টি প্রতিলিপি, তফসিলিদের ক্ষেত্রে কাস্ট সার্টিফিকেটের ৩টি প্রতিলিপি।

সোম থেকে শুক্র সকাল সাড়ে ১০টা থেকে বেলা সাড়ে ৩টের মধ্যে সমস্ত নথিপত্র-সহ প্রতিষ্ঠানের ঠিকানায় যোগাযোগ করবেন।

যোগাযোগের ঠিকানা: মা সারদা স্বনির্ভর কেন্দ্র, ২০, প্রাণকৃষ্ণ মুখার্জি রোড, (চিৎপুর ব্রিজের ডানদিকে), কলকাতা-৭০০ ০০২। তথ্যের জন্য ফোন করতে পারেন এই নম্বরগুলিতে: ২৫৩৩-০০৮৪, ২৯৮৫-০২২৯, ৯০৭৩৮-২৬৮৪৭। ওয়েবসাইট: www.rkmswanirvar.org

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

বিদেশি ভাষা শিখে অনুবাদকের কাজ

দেশের জনপ্রিয় ঐতিহাসিক শহরগুলিতে পর্যটন বা বাণিজ্যের প্রয়োজনে আসছেন অগের তুলনায় অনেক বেশি সংখ্যক বিদেশি পর্যটক। তাঁরা এ দেশে এসে যাতে ভাষার সমস্যায় না পড়েন সেজন্য একমাত্র দোভাষীরাই ভরসা। বহুজাতিক তথ্যপ্রযুক্তি সংস্থাতেও চাহিদা রয়েছে বিদেশি ভাষা জানা কর্মীর। নতুন ভাষা শেখার আগ্রহ থাকলে পড়তে পারেন বিদেশি ভাষার সার্টিফিকেট ও ডিপ্লোমা কোর্স। ভর্তি নিচ্ছে যাদবপুর বিশ্ববিদ্যালয়। আবেদন করতে পারেন এখনই।

নিজস্ব প্রতিনিধি: নভেম্বরে কলকাতা আন্তর্জাতিক ফিল্ম ফেস্টিভ্যালে দেখানো হল ৭০টি দেশের ছবি। অধিকাংশ দেশের ভাষাই ছিল দর্শকদের অজানা। কিন্তু অজানা ভাষার সেই সংলাপকেই বোধগম্য করে তুলল স্ক্রিনের নীচের ইংরেজিতে লেখা সাব-টাইটল। এইসব ছবিই দেখানো হচ্ছে পৃথিবীর নানা প্রান্তে আয়োজিত বিভিন্ন চলচ্চিত্র উৎসবে। কিন্তু ইংরেজি সাব-টাইটল থাকায় কারওই বোঝার কোনও অসুবিধা হচ্ছে না। সেই ভাষা এবং ইংরেজি জানা পেশাদার অনুবাদকরা এভাবেই এক দেশের সংস্কৃতি-সভ্যতা-ইতিহাস-জীবনযাপনের ধরনকে পৌঁছে দিচ্ছেন অন্য দেশের মানুষের হৃদয়ে।

তবে, সিনেমার পর্দাতেই শুধু নয়, বাস্তবেও অনুবাদক বা দোভাষীরা ভাষাগত সমস্যার সমাধান করে থাকেন। পর্যটন বা বাণিজ্যের প্রয়োজনে যেসব বিদেশি আসেন, স্থানীয় মানুষজনের সঙ্গে কথোপকথন চালানোর জন্য তাঁদের ভরসা এই দোভাষীরাই। ভারতের মত অর্থনৈতিকভাবে সম্ভাবনাময় এবং পর্যটকপ্রিয় দেশে বাড়তে থাকা আতিথেয়তা শিল্পে দোভাষীদের চাহিদা দিনদিন বাড়ছে।

নতুন ভাষা শেখার একান্ত আগ্রহ থাকলে পেশাদার অনুবাদক বা দোভাষী হিসেবে নিজের কেরিয়ার গড়তেই পারেন। উচ্চমাধ্যমিকের পর প্রথাগত পড়াশোনার পাশাপাশি পড়া যায় বিভিন্ন বিদেশি ভাষার সার্টিফিকেট ও ডিপ্লোমা কোর্স।

কোথায় পড়বেন

দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও শিক্ষাপ্রতিষ্ঠানে বিদেশি ভাষার সার্টিফিকেট, ডিপ্লোমা ও স্নাতকস্তরের কোর্স পড়ানো হয়। এই মুহূর্তে একাধিক বিদেশি ভাষার কোর্সে ভর্তি নিচ্ছে যাদবপুর বিশ্ববিদ্যালয়।

●**যাদবপুর বিশ্ববিদ্যালয়:** ফরাসি, জার্মান, স্প্যানিশ-সহ বিভিন্ন বিদেশি ভাষার সার্টিফিকেট ও ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের স্কুল অব ল্যাঙ্গুয়েজেস অ্যান্ড লিঙ্গুইস্টিক্স। পড়ানো হবে এই সব ভাষা— ফরাসি, জার্মান, স্প্যানিশ, ইটালিয়ান, পর্তুগিজ, কোরিয়ান, জাপানি এবং চাইনিজ। এর মধ্যে ফরাসি এবং জাপানি ভাষায় অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্স করা যায়। প্রতিটি কোর্সের মেয়াদ ১ বছর। আবেদনের যোগ্যতা: উচ্চমাধ্যমিক উত্তীর্ণ।

কোর্স ফি: সার্টিফিকেট কোর্সের ক্ষেত্রে ৩,০০০ টাকা, ডিপ্লোমা কোর্সের ক্ষেত্রে ৪,০০০ টাকা এবং অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্সের ক্ষেত্রে ৪,৫০০ টাকা।

ক্লাস হবে সপ্তাহে দু'দিন বিকেল ৫টা থেকে রাত ৮টা।

বাছাই করা প্রার্থীদের তালিকা প্রকাশিত হবে ৫ জানুয়ারি।

আবেদনের পদ্ধতি: আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। নগদ ১০০ টাকার বিনিময়ে আবেদনপত্র সংগ্রহ করা যাবে বিশ্ববিদ্যালয়ের এনকোয়ারি অফিস থেকে। প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত ২৮ ডিসেম্বরের মধ্যে জমা দিতে হবে এই ঠিকানায়: Information Counter, Jadavpur University, 188, Raja Subodh Chandra Mallick Road, Kolkata 700 032.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: (০৩৩) ২৪৫৭-২৯৪৩।

●**রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়:** বিশ্ববিদ্যালয়ের স্কুল অব ল্যাঙ্গুয়েজেস অ্যান্ড কালচারে ফরাসি, জার্মান, চাইনিজ, জাপানি, স্প্যানিশ, ইতালিয়ান, তিব্বতি ও রুশ ভাষার সার্টিফিকেট এবং ডিপ্লোমা কোর্সে ভর্তি নেওয়া হয়।

আসনসংখ্যা: সার্টিফিকেট ও ডিপ্লোমা— উভয় কোর্সেই প্রতিটি ভাষায় ২০টি।

> রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়ের স্কুল অব ল্যাঙ্গুয়েজেস অ্যান্ড কালচারের ডিরেক্টর ডঃ আশিসকুমার দাস 'কর্মক্ষেত্র'কে জানালেন, পর্যটন, হোটেল ও বিমান পরিষেবা ক্ষেত্রে বিদেশি ভাষায় দক্ষ পেশাদাররা অগ্রাধিকার পেয়ে থাকেন। অনুবাদক পদে পেশাদারদের চাহিদা রয়েছে তথ্য ও সম্প্রচার, পর্যটন এবং বিদেশ মন্ত্রক-সহ বিভিন্ন কেন্দ্রীয় ও রাজ্য সরকারি দপ্তরগুলিতে। বিদেশি ভাষার শিক্ষকতাও করা যায়। জার্মান, পর্তুগিজ, স্প্যানিশ, রাশিয়ান, ফরাসি, আরবি, তিব্বতি-সহ বিভিন্ন বিদেশি ভাষার শিক্ষক-শিক্ষিকা নিয়োগ করে সেন্ট্রাল বোর্ড অব সেকেন্ডারি এডুকেশন (সি বি এস ই)-এর অধীনস্থ স্কুলগুলি। কেন্দ্রীয় বিদ্যালয়গুলিতেও পড়ানো হয় স্প্যানিশ, ফরাসি, চাইনিজ এবং জার্মান ভাষা। শিক্ষক প্রয়োজন হয় সেখানেও।

সার্টিফিকেট কোর্সের চারটি 'লেভেল' বা স্তর— বিগিনার্স, ইন্টারমিডিয়েট, লেভেল-৩ ও অ্যাডভান্সড। প্রতিটি লেভেলের মেয়াদ ৬ মাস। ডিপ্লোমা কোর্সের মেয়াদ ২ বছর। ডিপ্লোমা কোর্স চারটি সেমিস্টারে বিভক্ত। প্রতিটি সেমিস্টারের মেয়াদ ৬ মাস।

শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক বা সমতুল পাশ হলে সার্টিফিকেট কোর্সের জন্য আবেদন করা যাবে। ডিপ্লোমা কোর্সে ভর্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট ভাষায় সার্টিফিকেট কোর্সের চারটি লেভেলেই উত্তীর্ণ হতে হবে।

প্রতিষ্ঠানের তরফে জানানো হয়েছে পরবর্তী ব্যাচের ক্লাস শুরু হবে মার্চে। ভর্তির বিজ্ঞপ্তি প্রকাশিত হবে জানুয়ারি মাসে। তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ৯৮৭৪৮-২৪৩১৭ (দুপুর ১২টা থেকে সন্ধে ৬টা)। দেখতে পারেন রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়ের এই ওয়েবসাইট: www.rbu.ac.in

●**কলকাতা বিশ্ববিদ্যালয়:** বিভিন্ন বিদেশি ভাষার সার্টিফিকেট এবং ডিপ্লোমা কোর্স পড়ানো হয়। ভাষাগুলি হল— আরবি, চাইনিজ, ফরাসি, জার্মান, কোরিয়ান, রাশিয়ান, স্প্যানিশ, তিব্বতি, ফার্সি। এর মধ্যে কোরিয়ান ভাষার ক্ষেত্রে শুধুমাত্র সার্টিফিকেট কোর্স করা যাবে। বাকি ভাষাগুলির ক্ষেত্রে সার্টিফিকেট ও ডিপ্লোমা কোর্স— দুই'ই পড়ানো হয়। সার্টিফিকেট ও ডিপ্লোমা— উভয় কোর্সেরই মেয়াদ ১ বছর।

আবেদনের যোগ্যতা: যে-কোনও শাখায় ৫০ শতাংশ নম্বর-সহ স্নাতক। ডিপ্লোমা কোর্সে ভর্তির ক্ষেত্রে কলকাতা বিশ্ববিদ্যালয় বা অন্য কোনও প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট ভাষায় ১ বছরের সার্টিফিকেট কোর্স পাশ করে থাকতে হবে।

প্রার্থী বাছাই করা হয় সার্টিফিকেট কোর্সের ক্ষেত্রে একটি লিখিত পরীক্ষা (মোট নম্বর ১০০) এবং কাউন্সেলিংয়ের মাধ্যমে।ডিপ্লোমা কোর্সের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হয় শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে।

বিশদ তথ্যের জন্য আগ্রহীরা যোগাযোগ করতে পারেন এই ঠিকানায়: কলকাতা বিশ্ববিদ্যালয়, ভাষা বিভাগ, আশুতোষ বিল্ডিং (সেকেন্ড ফ্লোর), ৮৭/১ কলেজ স্ট্রিট, কলকাতা-৭০০ ০৭৩। ওয়েবসাইট: www.caluniv.ac.in

এছাড়াও কলকাতা এবং রাজ্যের অন্যত্র আরও কয়েকটি শিক্ষাপ্রতিষ্ঠানে বিভিন্ন বিদেশি ভাষা পড়ানো হয়—

●**রামকৃষ্ণ মিশন ইনস্টিটিউট অব কালচার, গোলপার্ক:** প্রতিষ্ঠানের স্কুল অব ল্যাঙ্গুয়েজেসে পড়ানো হয় ফরাসি, জার্মান, চাইনিজ, জাপানি, স্প্যানিশ, ইতালিয়ান, আরবি, কোরিয়ান, ল্যাটিন, পর্তুগিজ, পার্সি এবং রাশিয়ান ভাষার সার্টিফিকেট কোর্স। কোর্সের মেয়াদ ৬ মাস। উচ্চমাধ্যমিক বা সমতুল উত্তীর্ণরা ভর্তির জন্য আবেদন করতে পারেন। প্রতিষ্ঠানের তরফে জানানো হয়েছে, কোর্সগুলিতে ভর্তির বিজ্ঞপ্তি প্রকাশিত হবে ডিসেম্বরে। কোর্স সম্পর্কিত তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন এই নম্বরে: (০৩৩) ২৪৬৫-২৫৩২, ৪০৩০-১২৮১। ওয়েবসাইট: www.sriramakrishna.org

●**বিশ্ব ভারতী বিশ্ববিদ্যালয়:** প্রতিষ্ঠানের ইনস্টিটিউট অব ল্যাঙ্গুয়েজ, লিটারেচার অ্যান্ড কালচারে সার্টিফিকেট এবং ডিপ্লোমা কোর্স পড়ানো হয় এই সব বিদেশি ভাষায়: ফরাসি, জার্মান, ইতালিয়ান, রাশিয়ান, ফার্সি, তিব্বতি এবং আরবি। সার্টিফিকেট কোর্সে ভর্তির জন্য অন্তত মাধ্যমিক পাশ হলেই আবেদন করা যায়। ডিপ্লোমা কোর্সে ভর্তির ক্ষেত্রে বিশ্ব ভারতী বা অন্য কোনও শিক্ষাপ্রতিষ্ঠানে সংশ্লিষ্ট ভাষায় ২ বছরের সার্টিফিকেট কোর্স পাশ করে থাকতে হবে। এছাড়াও অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্স পড়ানো হয় ইতালিয়ান ও রাশিয়ান ভাষায়। সব ক্ষেত্রেই ভর্তির বিজ্ঞপ্তি প্রকাশিত হয় এপ্রিল মাসে। বিস্তারিত তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.visvabharati.ac.in

●**বর্ধমান বিশ্ববিদ্যালয়:** ফরাসি ও জার্মান ভাষার সার্টিফিকেট, ডিপ্লোমা এবং অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্স পড়ানো হয়। প্রতিটি কোর্সের মেয়াদ ১ বছর। যে-কোনও শাখার স্নাতকরাই ভর্তির জন্য আবেদন করতে পারেন। আগ্রহীরা কোর্স-সম্পর্কিত বিশদ তথ্যের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.buruniv.ac.in

●**রাশিয়ান কালচারাল সেন্টার, গোর্কি সদন:** শেখানো হয় রাশিয়ান ভাষা। ফোন: (০৩৩) ২২৮৩-২৭৪২।

●**অলিয়ঁস ফ্রাঁসেজ দু বেঙ্গল:** শেখানো হয় ফরাসি ভাষা। আগ্রহীরা যোগাযোগ করতে পারেন এই ফোন নম্বরে: (০৩৩) ৪০০৬-৪৮০১।

●**ইনস্টিটিউট দু চন্দননগর:** শেখানো হয় ফরাসি ভাষা। ফোন: ২৬৮৩-৯৬৬১।

●**গ্যেটে ইনস্টিটিউট :** কলকাতার ম্যাক্সমুলার ভবনের গ্যেটে ইনস্টিটিউটে শেখানো হয় জার্মান ভাষা। ফোন: (০৩৩) ২২৬৪-৬৩৯৮।

কাজের সুযোগ

রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়ের স্কুল অব ল্যাঙ্গুয়েজেস অ্যান্ড কালচারের ডিরেক্টর ডঃ আশিসকুমার দাস 'কর্মক্ষেত্র'কে জানালেন, পর্যটন, হোটেল ও বিমান পরিষেবা ক্ষেত্রে বিদেশি ভাষায় দক্ষ পেশাদাররা অগ্রাধিকার পেয়ে থাকেন। অনুবাদক পদে পেশাদারদের চাহিদা রয়েছে তথ্য ও সম্প্রচার, পর্যটন এবং বিদেশ মন্ত্রক-সহ বিভিন্ন কেন্দ্রীয় ও রাজ্য সরকারি দপ্তরগুলিতে।

বিদেশি ভাষার শিক্ষকতাও করা যায়। জার্মান, পর্তুগিজ, স্প্যানিশ, রাশিয়ান, ফরাসি, আরবি, তিব্বতি-সহ বিভিন্ন বিদেশি ভাষার শিক্ষক-শিক্ষিকা নিয়োগ করে সেন্ট্রাল বোর্ড অব সেকেন্ডারি এডুকেশন (সি বি এস ই)-এর অধীনস্থ স্কুলগুলি। কেন্দ্রীয় বিদ্যালয়গুলিতেও পড়ানো হয় স্প্যানিশ, ফরাসি, চাইনিজ এবং জার্মান ভাষা। শিক্ষক প্রয়োজন হয় সেখানেও।

বিভিন্ন বহুজাতিক সংস্থা এবং তথ্যপ্রযুক্তি সংস্থাতে বিদেশি ভাষা জানা ছেলেমেয়েরা নিয়োগের ক্ষেত্রে অগ্রাধিকার পেয়ে থাকেন। ইংরেজি ছাড়াও জাপানি, জার্মান, স্প্যানিশ এবং চিনা ভাষা জানা কর্মীর চাহিদা রয়েছে এই সব সংস্থায়। স্বাধীনভাবে বিদেশি বইয়ের অনুবাদ করার সুযোগ রয়েছে। অনলাইনেও রয়েছে অনুবাদভিত্তিক কাজের সুযোগ। এছাড়া বিদেশি দূতাবাসগুলিতেও অনুবাদক এবং দোভাষী হিসেবে কাজের সুযোগ পাওয়া যায়।

সিঁদুরির ভেষজ রঙে দেখা দিচ্ছে বাণিজ্যিক সম্ভাবনা

নয়ের পাতার পর

তোলার উদ্যোগ নিয়েছেন।

সিঁদুরি গাছ সাধারণত মাঝারি আকারের হয়। বীজ রোপণের দেড় থেকে দুই বছর পর গাছে ফুল ধরে। ফল হয় ডিসেম্বরে। ফল পাকতে চার-পাঁচ মাস সময় লাগে। ওই ফল থেকেই পাওয়া যায় বীজ। বীজের পাতলা আবরণটাই রঙের উৎস। ১০ ফুট দূরত্ব রেখে গাছগুলি বসাতে হবে। একটি গাছ থেকে বছরে ২-৩ কেজি পর্যন্ত বীজের ফলন পেয়েছেন অন্ধ্রপ্রদেশের কৃষকরা।

অনুপমবাবু জানিয়েছেন ল্যাটেরাইট মাটিতে গাছটি ভালো হবে। জমিতে জল দাঁড়ালে চলবে না।

বীজ কোথায় পাবেন

সিঁদুরি গাছের চাষে আগ্রহীরা বীজের জন্য ফুলিয়ার এগ্রিকালচারাল ট্রেনিং সেন্টারে যোগাযোগ করতে পারেন। অনুপমবাবু জানান, 'আমাদের কাছে কয়েক কেজি বীজ আছে। সত্যিই যাঁরা চাষে আগ্রহী তাঁদের বীজ বন্টন করা হবে। পরবর্তীকালে ভাঁড়ার শেষ হলে কোথা থেকে বীজ সংগ্রহ করা যাবে তার হদিশও আমরা দিয়ে দেব।'

যোগাযোগের ঠিকানা: এগ্রিকালচারাল ট্রেনিং সেন্টার, ফুলিয়া, নদিয়া-৭৪১ ৪০২। ফোন: (০৩৪৭৩) ২৩৪২৩৪।

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

জ্ঞান বিজ্ঞান

জানার জানালা

আমেরিকার উটা প্রদেশের অ্যাসপেন গাছ হারিয়ে যাচ্ছে



একটি গাছ নিয়েই জঙ্গল। যতদূর চোখ যায় ঘন জঙ্গলের পুরোটাই আসলে একটিই গাছ। মাটির নীচে শিকড় ছড়িয়ে পড়ে ১০০ একরেরও বেশি জায়গা জুড়ে মাথা তুলে দাঁড়িয়েছে শয়ে শয়ে হাজারে হাজারে শাখা। ক্যালিফোর্নিয়ার এই জায়ান্ট রেড উড পপুলাস গণ ভুক্ত অ্যাসপেন ট্রি-র সমারোহ দেখা যাবে উটা প্রদেশের মধ্যভাগে ফিশলেক ন্যাশনাল ফরেস্টে। অনায়াসেই বিশ্বের সবচেয়ে বড় জীব বলা চলে এই অ্যাসপেন গাছকে। কিন্তু একশো একরের বেশি জায়গা জুড়ে ছড়ানো অ্যাসপেন গাছের শাখার সংখ্যা ক্রমশ কমে আসছে। শুকিয়েও যাচ্ছে অনেক অংশে। জীববিজ্ঞানীরা বলছেন স্থানীয় গবাদিপশু আর বনের হরিণজাতীয় প্রাণীরা খেয়ে ফেলছে অ্যাসপেনের শাখা-প্রশাখাগুলি। অনেক জায়গায় গাছকে বাঁচাতে বেড়াজালে ঘিরে দেওয়া হয়েছে শাখাগুলিকে। তাও রক্ষা নেই।

হিমালয়ের শজারুর দেখা দক্ষিণবঙ্গেও

উত্তরবঙ্গে এবং উত্তর-পূর্ব ভারতে ঝুঁটিহীন শজারুদের (হিমালয়ান ক্রেস্টলেস পর্কুপাইন) স্বাভাবিক বাসস্থান বলে মনে করা হলেও দক্ষিণবঙ্গেও তারা স্বস্তিতেই বসবাস করছে বলে ট্র্যাপ ক্যামেরা থেকে পাওয়া ছবিতে জানা গেল। যদিও জুলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়ার (জেডএসআই) নথিতে রয়েছে পশ্চিমবঙ্গে শুধু তরাই অঞ্চলেই তাদের বাসভূমি সীমাবদ্ধ। কিন্তু হাওড়ার জগৎবল্লভপুর, পাঁচলা, ডোমজুড়, সাঁকরাইল ব্লক এবং হাওড়া লাগোয়া গ্রামাঞ্চলে সম্প্রতি নিয়মিত তাদের দেখা মিলছে। হুগলি জেলার কয়েকটি অঞ্চলেও তাদের দেখা গিয়েছে। এই দুই জেলায় বন্যপ্রাণ উৎসাহীরা সচেতনতার প্রচার চালাচ্ছেন। আশা করা যাচ্ছে দক্ষিণবঙ্গের আরও কিছু জেলায় তাদের বাসভূমি ছড়িয়ে দেওয়া যাবে।

অরুণাচলে বাঘ থাকার প্রমাণ মিলল

অরুণাচল প্রদেশে দীর্ঘদিন কোনও বাঘের দেখা পাওয়া যায়নি। কিন্তু সে রাজ্যের দিবাং ওয়াইল্ডলাইফ স্যাংচুয়ারিতে যে বাঘ আছে সম্প্রতি একটি জার্নালে লেখা প্রবন্ধে তার প্রমাণ দিলেন দুই গবেষক আইশো শর্মা অধিকারী ও জি ভি গোপি। পূর্ব হিমালয়ের বায়োডাইভারসিটি হটস্পট মিশমি পাহাড়ে বাঘ থাকার নজিরস্বরূপ দু'টি ছবি প্রকাশ করেছেন তাঁরা। দু'টি ছবিই ২০১৭ সালের। ২০১৫ থেকে '১৭ এই দু'বছর ধরে দিবাং ওয়াইল্ড লাইফ স্যাংচুয়ারি ও মিশমি পাহাড়ে বাঘ এবং অন্যান্য মাংসাশী ও তাদের খাদ্য হতে পারে এমন প্রাণীদের নিয়ে কাজ করেছেন তাঁরা। এই অঞ্চল সম্পর্কে প্রচুর নতুন তথ্যও তাঁদের হাতে এসেছে। তবে বাঘের উপস্থিতির প্রমাণ নিঃসন্দেহে তার মধ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ।



● ভারতে সিভিল সার্ভিস পরীক্ষা সর্বপ্রথম কে চালু করেন ?
উত্তর: লর্ড কর্নওয়ালিস

● নাগার্জুন সাগর প্রকল্পটি কোন নদীর গতিপথে গড়ে তোলা হয়েছে?
উত্তর: কৃষ্ণা

● ফ্লোরিজেন কী?
উত্তর: একপ্রকার উদ্ভিদ হরমোন

● পেরিয়ার অভয়ারণ্যটি কোন রাজ্যে অবস্থিত?
উত্তর: কেরল

● অ্যান্টার্কটিকার তুষার ঝড়কে কী বলে?
উত্তর: ব্লিজার্ড

● সর্বোৎকৃষ্ট কয়লা কোনটি?
উত্তর: অ্যানথ্রাসাইট

● কোন গ্রন্থির অস্বাভাবিক ক্ষরণে ডোয়ার্ফিজম রোগটি হয়?
উত্তর: পিটুইটারি গ্রন্থি

● বিশ্বের সবচেয়ে প্রাচীন রাজতন্ত্র কোনটি?
উত্তর: জাপান

● বাস্তিল দুর্গ কোথায় অবস্থিত?
উত্তর: ফ্রান্স

● ইস্ট্রোজেন হরমোনটি কোথা থেকে নিঃসৃত হয় ?
উত্তর: ডিম্বাশয়

● মোগাদিসু কোন রাষ্ট্রের রাজধানী?
উত্তর: সোমালিয়া

● ডায়নামো আবিষ্কার করেছিলেন:
উত্তর: মাইকেল ফ্যারাডে

● আগুন নেভাতে কোন গ্যাসের ব্যবহার হয়?
উত্তর: কার্বন ডাইঅক্সাইড

● হাওয়া মহল কোথায় অবস্থিত?
উত্তর: জয়পুর

● কোন খনিজের অভাবে গয়টার রোগটি হয়?
উত্তর: আয়োডিন

● দুধকে দইয়ে পরিণত করতে প্রয়োজন:
উত্তর: ল্যাকটোব্যাসিলাস ব্যাক্টেরিয়া

● নর্দার্ন রোডেশিয়ার বর্তমান নাম কী?
উত্তর: জাম্বিয়া

● কানাডার মুদ্রার নাম কী?
উত্তর: কানাডিয়ান ডলার

● মানবশরীরের কোন অঙ্গে রক্ত পরিস্রুত হয়?
উত্তর: বৃক্ক

● হ্যানয় কোন দেশের রাজধানী?
উত্তর: ভিয়েতনাম

● সাফ কাপ কোন খেলার সঙ্গে যুক্ত?
উত্তর: ফুটবল



● 'লাইফ অফ পাই' বইটি কার লেখা?
উত্তর: ইয়ান মারটেল

● যকৃতে গ্লুকোজ কীরূপে সঞ্চিত থাকে?
উত্তর: গ্লাইকোজেন

● কোন পদার্থের উপস্থিতির জন্য রক্ত জমাট বাঁধে না?
উত্তর: হেপারিন

● কোন দেশটিকে শ্বেতহস্তীর দেশ বলা হয়?
উত্তর: থাইল্যান্ড

● ফাইন লেগ কথাটি কোন খেলার সঙ্গে যুক্ত?
উত্তর: ক্রিকেট

● বিজয়ওয়াড়া শহরটি কোন নদীর তীরে গড়ে উঠেছে?
উত্তর: কৃষ্ণা

● শাল কী ধরনের বৃক্ষ ?
উত্তর: পর্ণমোচী

● সিন্ধুসভ্যতার প্রাচীন বন্দর কোনটি?
উত্তর: লোথাল

● 'অ্যাথলিট ফুট'— এই রোগটির জন্য দায়ী হল:
উত্তর: ছত্রাক

● 'যোগ্যতমের উদবর্তন'- এর প্রবক্তা হলেন:
উত্তর: চার্লস ডারউইন

● পাইন গাছ কোন ফ্যামিলি বা গোত্রের অন্তর্ভুক্ত ?
উত্তর: পাইনেসি (Pinaceae)

হীরের টুকরো

প্লাস্টিকখেকো জাহাজ

গবেষকদের হিসাব অনুযায়ী পৃথিবীতে বিভিন্ন সমুদ্রে মোট ৫০ হাজার কোটি প্লাস্টিকের টুকরো ভাসছে। গবেষণায় বিশ্বের সবচেয়ে নামী লবণের ব্র্যান্ডগুলির ৯২ শতাংশেই মিলেছে প্লাস্টিক দূষণের চিহ্ন। প্লাস্টিক দূষণ থেকে সমুদ্রকে বাঁচানোর সেই কঠিন লড়াইয়েই নেমেছে পুনের বছর বারোর এক কিশোর। তার হাতিয়ার নিজেরই তৈরি করা এক জাহাজের নকশা।

ছেলেটির নাম হাজিক কাজি। সে পুনের ইন্ডাস ইন্টারন্যাশনাল স্কুলের ছাত্র। স্কুলে তাকে একটি প্রোজেক্ট দেওয়া হয়েছিল, যার বিষয়, পৃথিবীর কোনও গুরুত্বপূর্ণ ঘটনা বেছে নিয়ে তার সমাধানের কথা ভাবা। আরও অনেকের মতই সেও বেছে নিয়েছিল প্লাস্টিক দূষণের বিষয়টি। কিন্তু তার সেই ভাবনার জল যে এতদূর গড়াবে, হাজিক নিজেই কি তা জানত!

প্রথমেই হাজিকের মনে যে-চিন্তার উদয় হয় তা হল, দূষিত সমুদ্র থেকে প্রথমেই প্লাস্টিকের জঞ্জাল সরাতে হবে। কিন্তু তা কী করে সম্ভব! ভাবতে থাকে সে। একদিন খাবার পর বেসিনে হাত ধুতে গিয়ে লক্ষ করে, জমা জল খুব দ্রুত বেসিনের ছিদ্রের দিকে জড়ো হয়ে বেরিয়ে যাচ্ছে। এই ধারণা থেকেই জন্ম নিল 'এরভিস'— একটি জাহাজ, যার খোলের মধ্যে থাকবে বড় চৌবাচ্চা আর বাইরের দিকে কয়েকটি যন্ত্র। সমুদ্র থেকে প্লাস্টিক ও অন্যান্য বর্জ্য, এমনকী তেলও শুষে নিয়ে ভেতরের চৌবাচ্চায় জমা করবে ওই যন্ত্রগুলি। প্রকৃতি অনুসারে বিভিন্ন বর্জ্য জমা হবে জাহাজের খোলের ভেতর বিভিন্ন প্রকোষ্ঠে। অনেকটা ভ্যাকুয়াম ক্লিনারের মতো করে জঞ্জাল সরিয়ে ফেলবে সেই জাহাজ। কিন্তু সেসবের সঙ্গে এককোঁটা সমুদ্রের জলও শুষে নেবে না। ফিল্টার করে ফিরিয়ে দেবে সমুদ্রে। ছোট্ট হাজিকের চোখে স্বপ্ন, তার এই যন্ত্রের মাধ্যমে পৃথিবীটা আবারও হয়ে উঠবে প্রকৃত বাসযোগ্য।

বিশ্বজয়ী সৌরভ

বাঁপায়ের দু'টিমাত্র সচল আঙুলের ভরসায় তথ্য-প্রযুক্তির বিশ্বখেতাব জিতে নিল দশম শ্রেণির ছাত্র সৌরভ সিংহ। সৌরভের বাড়ি বার্নপুরের ইস্কো আবাসনে। নভেম্বরে দিল্লিতে আয়োজিত যে গ্লোবাল আইটি চ্যালেঞ্জে স্বর্ণপদক পেয়েছে সৌরভ, তাতে যোগ দিয়েছিল বিশ্বের ১৮টি দেশের মোট ৯৬ জন বিশেষভাবে সক্ষম প্রতিযোগী। রাষ্ট্রপুঞ্জের অর্থনীতি ও সামাজিক কমিশন এই প্রতিযোগিতার উদ্যোক্তা। মোট চারটি বিভাগে নাম দিয়েছিল সৌরভ— ই লাইফ ম্যাপ, ই টুল, এম এস অ্যাকশন, ই ক্রিয়েটিভ। চারটিতেই প্রথম হয়েছে আসানসোলের বেসরকারি ইংরেজি মাধ্যম স্কুলের ছাত্রটি।

সৌরভ জন্মেছিল দু'টি হাত ছাড়াই। তার ডান পা'টিও অচল। কিন্তু বাঁপায়ের দু'টি আঙুল দিয়েই সে লেখালেখি, ল্যাপটপে কাজ, কম্পিউটার অন-অফ করার কাজ করে। কিন্তু এত কিছু না থাকাকেও মোটেই প্রতিকূলতা বলে মনে করে না সৌরভ। তাঁর বক্তব্য, অনেকের তো অনেক কিছু থাকে না। তবু তাঁরা পৃথিবীর সেরা হয়ে আছেন। আত্মবিশ্বাস আর একাগ্রতাই আসল। সৌরভের স্বপ্ন একদিন দেশের সেরা কম্পিউটার বিশেষজ্ঞ হয়ে ওঠা। আত্মবিশ্বাস আর একাগ্রতাকে পুঁজি করেই স্বপ্ন সফল করার দিকে এগিয়ে চলেছে সে।

আঠারোতেই ফেলো

(a) 3 কিমি/ঘণ্টা (b) 6 কিমি/ঘণ্টা (c) 7 কিমি/ ঘণ্টা (d) 5 কিমি/ঘণ্টা
69. একটি আগম নল দ্বারা একটি জলাধার 15 ঘণ্টায় পূর্ণ হয়। কিন্তু জলাধারের তলায় একটি ছিদ্র থাকায় জলাধারটি 20 ঘণ্টায় পূর্ণ হয়। যদি জলাধারটি পূর্ণ থাকে তবে ছিদ্র দ্বারা কত সময়ে খালি হবে?
(a) 30 ঘণ্টা (b) 40 ঘণ্টা (c) 50 ঘণ্টা (d) 60 ঘণ্টা
70. A একটি কাজ 80 দিনে করতে পারে, প্রথম 10 দিন কাজ করার পর A কাজ ছেড়ে দিল এবং B একা 42 দিনে কাজটি শেষ করল। তাদের একত্রে কাজটি করতে কত দিন সময় লাগবে?
(a) 24 দিন (b) 25 দিন (c) 30 দিন (d) 35 দিন
71. রণিতা, ললিতা ও সেঁজুতি 1,650 টাকায় একটি কাজের চুক্তি করল। রণিতা ও ললিতা কাজটির $\frac{7}{11}$ অংশ করল। সেঁজুতি কত টাকা পাবে?
(a) 400 টাকা (b) 500 টাকা (c) 600 টাকা (d) 700 টাকা
72. একটি নৌকা স্রোতের অনুকূলে 6 ঘণ্টায় 60 কিলোমিটার দূরত্বের গন্তব্যস্থলে যায় ও ফিরে আসার সময় 10 ঘণ্টায় পূর্বস্থানে ফিরে আসে, স্রোতের বেগ কত?
(a) 1 কিমি/ঘণ্টা (b) 2 কিমি/ঘণ্টা (c) 3 কিমি/ ঘণ্টা (d) 4 কিমি/ঘণ্টা
73. 121 এবং 99 মিটার দৈর্ঘ্যের দুটি ট্রেন পরস্পরের বিপরীতমুখে যথাক্রমে 40 এবং 32 কিমি/ঘণ্টা বেগে ধাবমান। সাক্ষাতের পর কত সময়ে তারা পরস্পরকে সম্পূর্ণ অতিক্রম করবে?
(a) 9 সেকেন্ড (b) 11 সেকেন্ড (c) 14 সেকেন্ড (d) 18 সেকেন্ড
74. 25 কিমি/ঘণ্টা বেগে ধাবমান একটি ট্রেন 5 কিমি/ঘণ্টা বেগে ট্রেনের বিপরীত দিকে হেঁটে যাওয়া এক ব্যক্তিকে 12 সেকেন্ডে সম্পূর্ণ অতিক্রম করতে পারে এবং ট্রেনটি ওই গতিতে 18 সেকেন্ডে একটি প্ল্যাটফর্মকে সম্পূর্ণ অতিক্রম করতে পারে। প্ল্যাটফর্মের দৈর্ঘ্য কত?
(a) 30 মিটার (b) 27 মিটার (c) 25 মিটার (d) 20 মিটার
75. দুটি ট্রেন হাওড়া ও টাটানগর থেকে যথাক্রমে সকাল 8টা 30 মিনিট ও 9টায় যাত্রা আরম্ভ করল। তাদের গতিবেগ যথাক্রমে 60 কিমি/ঘণ্টা এবং 75 কিমি/ঘণ্টা হলে, টাটানগর থেকে কত দূরত্বে তাদের সাক্ষাৎ হবে?
(a) 100 কিলোমিটার (b) 125 কিলোমিটার (c) 150 কিলোমিটার (d) 180 কিলোমিটার
76. এক ব্যক্তি 45 কিমি/ঘণ্টা বেগে দৌড়ে 40 মিনিটে কোনও দূরত্ব অতিক্রম করেন, তাঁর গড় বেগ কত হলে 30 মিনিটে ওই দূরত্ব অতিক্রম করতে পারবেন?
(a) 60 কিমি/ঘণ্টা (b) 55 কিমি/ঘণ্টা (c) 64 কিমি/ঘণ্টা (d) 72 কিমি/ঘণ্টা
77. বার্ষিক সরল সুদের হার কত হলে 5 বছরের সুদ, আসলের $\frac{1}{4}$ অংশ হবে?
(a) 4% (b) 6% (c) 8% (d) 5%
78. ক্রয়মূল্য ও বিক্রয়মূল্যের অনুপাত 10 : 11 হলে, লাভের শতকরা হার কত হবে?
(a) 10% (b) 11% (c) 10.5% (d) 1%
79. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য 10% বৃদ্ধি করা হল এবং প্রস্থ 10% হ্রাস করা হল। ক্ষেত্রফলের কীরূপ পরিবর্তন হবে?
(a) 2% হ্রাস (b) 2% বৃদ্ধি (c) 1% হ্রাস (d) 1% বৃদ্ধি
80. একটি পরীক্ষায় নবম শ্রেণির অঙ্কে 60 জন ছাত্রীর গড় নম্বর 55 এবং ছাত্রদের গড় নম্বর 45; শ্রেণিতে মোট ছাত্রছাত্রীর সংখ্যা 100 হলে, সব ছাত্রছাত্রীর অঙ্কের গড় নম্বর কত?
(a) 51 (b) 52 (c) 48 (d) 50
81. তারকা চিহ্নিত স্থানে কোন ক্ষুদ্রতম সংখ্যা বসালে 23993* সংখ্যাটি 22 দ্বারা বিভাজ্য হবে?
(a) 0 (b) 2 (c) 4 (d) 6
82. 4, 9, 12 দ্বারা বিভাজ্য 100 এবং 200-র মধ্যে অবস্থিত সংখ্যাসমূহের সমষ্টি কত?
(a) 364 (b) 392 (c) 432 (d) 464
83. 100 ও 200-র মধ্যে অবস্থিত যে সংখ্যাগুলিকে 4, 9, 12 দ্বারা ভাগ করলে প্রতিক্ষেত্রে 3 ভাগশেষ থাকবে তাদের সমষ্টি কত?
(a) 367 (b) 393 (c) 429 (d) 441
84. কোন বৃহত্তম সংখ্যা দ্বারা 39, 49 এবং 55-কে ভাগ করলে যথাক্রমে 3, 4, 1 ভাগশেষ থাকবে?
(a) 6 (b) 9 (c) 12 (d) 8
85. কোন বৃহত্তম সংখ্যা দ্বারা 952, 1016 এবং 1064-কে ভাগ করলে প্রতিক্ষেত্রে সমান ভাগশেষ থাকবে?
(a) 48 (b) 36 (c) 24 (d) 16
86. কোন ক্ষুদ্রতম সংখ্যাকে 62, 93 এবং 124 দ্বারা ভাগ করলে যথাক্রমে 49, 80 এবং 111 ভাগশেষ পাওয়া যাবে?
(a) 359 (b) 312 (c) 256 (d) 413
87. কোন ক্ষুদ্রতম সংখ্যা দ্বারা 825-কে গুণ করলে গুণফল 715-র গুণিতক হবে?
(a) 11 (b) 13 (c) 3 (d) 7
88. রাস্তার তিনটি সংযোগস্থলে যান্ত্রিক সংকেত যথাক্রমে 48 সেকেন্ড, 72 সেকেন্ড এবং 96 সেকেন্ড অন্তর পরিবর্তিত হয়। তারা 8 ঘণ্টায় একসঙ্গে পরিবর্তিত হল। আবার কখন তারা একসঙ্গে পরিবর্তিত হবে?
(a) 8 : 3 : 42 ঘণ্টা (b) 8 : 3 : 56 ঘণ্টা (c) 8 : 4 : 24 ঘণ্টা (d) 8 : 4 : 48 ঘণ্টা
89. দুটি সংখ্যার ল.সা.গু. 264 এবং গ.সা.গু. 44; প্রথম সংখ্যাকে 2 দ্বারা ভাগ করলে ভাগফল 44 হলে, অপর সংখ্যাটি কত?
(a) 132 (b) 66 (c) 88 (d) 144
90. সর্বোচ্চ কত দৈর্ঘ্যের ফিতার দ্বারা 7 মিটার, 3 মিটার 85 সেন্টিমিটার এবং 12 মিটার 95 সেন্টিমিটার দৈর্ঘ্যগুলিকে সঠিকভাবে পরিমাপ সম্ভব হবে?
(a) 25 সেন্টিমিটার (b) 35 সেন্টিমিটার (c) 45 সেন্টিমিটার (d) 55 সেন্টিমিটার
91. 120 পাউন্ড ওজনের একজন ব্যক্তির পরিবর্তে অপর এক ব্যক্তি যোগ দেওয়ায় 4 সদস্যের একটি দলের গড় ওজন 3 পাউন্ড বৃদ্ধি হল। নতুন সদস্যের ওজন কত?
(a) 124 পাউন্ড (b) 116 পাউন্ড (c) 132 পাউন্ড (d) 118 পাউন্ড
92. কোনও পরীক্ষায় 100 জন পরীক্ষার্থীর গড় নম্বর 32; উত্তীর্ণ এবং অনুত্তীর্ণ পরীক্ষার্থীদের প্রাপ্ত নম্বরের গড় যথাক্রমে 36 এবং 16 হলে, উত্তীর্ণ পরীক্ষার্থীর সংখ্যা কত?
(a) 80 (b) 75 (c) 60 (d) 85
93. এক ব্যক্তি প্রতিটি জামা 150 টাকা দরের 12টি জামা, প্রতিটি প্যান্ট 250 টাকা দরের 12টি প্যান্ট এবং প্রতি জোড়া জুতো 150 টাকা দরের 6 জোড়া জুতো কিনলেন। ক্রয় করা সামগ্রীগুলির গড় মূল্য কত?
(a) 160 টাকা (b) 190 টাকা (c) 180 টাকা (d) 170 টাকা
94. একটি ট্রেন মোট যাত্রাপথের প্রথম অর্ধেক দূরত্ব 45 কিমি/ঘণ্টা বেগে এবং শেষ অর্ধেক দূরত্ব 55 কিমি/ঘণ্টা বেগে চলে। পূর্ণ যাত্রাপথে তার গড় বেগ কত?
(a) 50 কিমি/ঘণ্টা (b) 50.5 কিমি/ঘণ্টা (c) 49.5 কিমি/ঘণ্টা (d) 51 কিমি/ঘণ্টা
95. 11টি সংখ্যার গড় 100; প্রথম 6টির গড় 98 এবং শেষ 6টির গড় 104 হলে, ষষ্ঠ সংখ্যাটি কত?
(a) 106 (b) 108 (c) 110 (d) 112
96. তিনটি সংখ্যার সমষ্টি 402; প্রথম ও দ্বিতীয় সংখ্যার অনুপাত 3 : 4 এবং দ্বিতীয় ও শেষ সংখ্যার অনুপাত 5 : 8 হলে, দ্বিতীয় সংখ্যাটি কত?
(a) 116 (b) 120 (c) 124 (d) 132
97. A একটি কাজ 30 দিনে করতে পারে। A-র তুলনায় B 50% অধিক দক্ষ হলে কাজটি শেষ করতে উভয়ের কত সময় লাগবে?
(a) 12 দিন (b) 10 দিন (c) 15 দিন (d) 16 দিন
98. একটি পাত্রে দুটি তরল A ও B-র অনুপাত 7 : 5; পাত্র থেকে 9 লিটার মিশ্রণ তুলে সমপরিমাণ B তরল মেশালে মিশ্রণে A ও B-র অনুপাত হয় 7 : 9; পাত্রে তরল B-র পরিমাণ কত?
(a) 15 লিটার (b) 18 লিটার (c) 21 লিটার (d) 24 লিটার
99. 2 টাকা, 1 টাকা এবং 50 পয়সার কিছু মুদ্রার সংখ্যার সমষ্টি 320; তাদের মূল্যের অনুপাত 6 : 3 : 1 হলে 1 টাকার মুদ্রার সংখ্যা কত?
(a) 100 (b) 120 (c) 140 (d) 80
100. দুটি পাত্রে জল ও দুধের অনুপাত যথাক্রমে 1 : 2 এবং 2 : 5; দুটি পাত্রের তরলকে 1 : 4 অনুপাতে মিশ্রিত করলে নতুন মিশ্রণে জল ও দুধের অনুপাত:
(a) 32 : 75 (b) 48 : 85 (c) 31 : 74 (d) 42 : 87

উত্তর

1(d), 2(c), 3(a), 4(c), 5(c), 6(b), 7(b), 8(b), 9(d), 10(b), 11(d), 12(c), 13(d), 14(c), 15(c), 16(b), 17(c), 18(d), 19(a), 20(d), 21(b), 22(a), 23(b), 24(c), 25(b), 26(b), 27(a), 28(c), 29(b), 30(d), 31(b), 32(a), 33(d), 34(b), 35(d), 36(b), 37(d), 38(c), 39(d), 40(a), 41(a), 42(c), 43(d), 44(b), 45(d), 46(b), 47(a), 48(c), 49(a), 50(a), 51(b), 52(c), 53(d), 54(a), 55(c), 56(b), 57(b), 58(c), 59(d), 60(b), 61(b) 62(c), 63(c), 64(b), 65(a), 66(b), 67(b), 68(c), 69(d), 70(c), 71(c), 72(b), 73(b), 74(c), 75(c), 76(a), 77(d), 78(a), 79(c), 80(a), 81(b), 82(c), 83(d), 84(b), 85(d), 86(a), 87(b), 88(d), 89(a), 90(b), 91(c), 92(a), 93(b), 94(c), 95(d), 96(b), 97(a), 98(a), 99(b), 100(c).

সমাধান

51(b): বর্তমান অনুপাত $= x : y = 4 : 1$
$t (= 4)$ বছর পূর্বে অনুপাত $= a : b = 7 : 1$
পিতার বর্তমান বয়স $= x \times \frac{t(a-b)}{ay-bx} = 4 \times \frac{4(7-1)}{7-4} = 32$ বছর।
52(c): বর্তমান অনুপাত $= x : y = 8 : 3$
$t = (10)$ বছর পরে অনুপাত $= a : b = 2 : 1$
মেয়ের বয়স $= y \times \frac{t(a-b)}{ax-by} = 3 \times \frac{10(2-1)}{8\times1-3\times2} = 15$ বছর।
53(d): অনুপাতের পার্থক্য $= 11 - 3 = 8$
$8 \to 32$ বছর $\Rightarrow 1 \to 4$ বছর
মা ও মেয়ের বর্তমান বয়স $= 11 \times 4, 3 \times 4 = (44, 12)$ বছর।
4 বছর পরে (48, 16) বছর, অনুপাত $= 48 : 16 = 3 : 1$.
54(a): পুত্রের বর্তমান বয়স $= \frac{\text{বয়সের সমষ্টি} - \text{বছর পরে (গুণ} - 1)}{\text{গুণ} + 1}$
$= \frac{60-6(3-1)}{3+1} = \frac{60-12}{4} = 12$ বছর
পিতার বয়স $= 60 - 12 = 48$ বছর।
55(c): লাভের শতকরা হার $= \frac{\text{সঠিক ওজন} - \text{ভুল ওজন}}{\text{ভুল ওজন}} \times 100$
$= \frac{1000-800}{800} \times 100 = 25\%$.
56(b): ক্রয়মূল্য = A, প্রথমে বিক্রয়মূল্য $= A\left(\frac{100-10}{100}\right) = \frac{90A}{100}$
পরে বিক্রয়মূল্য $= \frac{90A}{100} + 55$
আবার, 20% কমে কিনে 40% লাভে বিক্রয় করলে, ক্রয়মূল্য $= A\left(\frac{80}{100}\right)$
বিক্রয়মূল্য $= A\left(\frac{80}{100}\right) \cdot \left(\frac{140}{100}\right) = A\left(\frac{112}{100}\right)$
$A.\frac{112}{100} = A.\frac{90}{100} + 55 \Rightarrow A.\frac{22}{100} = 55 \Rightarrow A = \frac{55\times100}{22} = 250$ টাকা।
57(b): 7% লোকসান = –7% লাভ
ক্রয়মূল্যের (109% – 93%) = 640 টাকা
$16\% = 640 \Rightarrow 100\% = \frac{640}{16} \times 100 = 4{,}000$ টাকা।
58(c): ক্রয়মূল্য $= 10{,}120 \times \frac{100}{100+10} = 10{,}120 \times \frac{10}{11} = 9{,}200$ টাকা।
পরের বিক্রয়মূল্য $= 8{,}740 \Rightarrow$ লোকসান হবে।
লোকসানের শতকরা হার $= \left(\frac{9{,}200-8{,}740}{9{,}200} \times 100\right)\%$
$= \frac{460}{9{,}200} \times 100 = \frac{1}{20} \times 100 = 5\%$.
59(d): জনের ক্রয়মূল্য $= 1{,}560 \times \frac{100}{100-20} = 1{,}950$ টাকা
রাজীবের ক্রয়মূল্য $= 1{,}950 \times \frac{100}{100+30} = 1{,}950 \times \frac{10}{13} = 150 \times 10$
$= 1{,}500$ টাকা।

এরপর আগামী সংখ্যায়

প্রস্তুত করেছেন: ডঃ শক্তিপদ নন্দ ও পলাশ কান্তি মণ্ডল

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

উত্তর-পশ্চিম রেলে ২০৯০

তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং

প্রথম পাতার পর

৫০টি (সাধারণ ২৪, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৪)। **কার্পেন্টার (মেকানিক):** ২৫টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৭)। **ডিজেল মেকানিক:** ১৫০টি (সাধারণ ৭৫, তফসিলি জাতি ২৩, তফসিলি উপজাতি ১১, ও বি সি ৪১)।

বিকানির ডিভিশন: ইলেক্ট্রিশিয়ান (চার্জিং অ্যান্ড পাওয়ার): ৭৫টি (সাধারণ ৩৮, তফসিলি জাতি ১১, তফসিলি উপজাতি ৫, ও বি সি ২১)। **ওয়্যারম্যান (চার্জিং অ্যান্ড পাওয়ার):** ২৫টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬)। **মেকানিক এইচ টি, এল টি ইক্যুইপমেন্টস অ্যান্ড কেবল জয়েন্টিং (চার্জিং অ্যান্ড পাওয়ার):** ২৫টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬)। **ইলেক্ট্রনিক মেকানিক (চার্জিং অ্যান্ড পাওয়ার):** ২৫টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬)। **ইলেক্ট্রিশিয়ান (টি আর ডি):** ২৫টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬)। **ওয়্যারম্যান (টি আর ডি):** ৯টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। **মেকানিক এইচ টি, এল টি ইক্যুইপমেন্টস অ্যান্ড কেবল জয়েন্টিং (টি আর ডি):** ৮টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। **ইলেক্ট্রনিক মেকানিক (টি আর ডি):** ৮টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। **ফিটার (মেকানিক ক্যারেজ অ্যান্ড ওয়াগন):** ২৫টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬)। **কার্পেন্টার (মেকানিক ক্যারেজ অ্যান্ড ওয়াগন):** ২৫টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬)। **ওয়েল্ডার (মেকানিক ক্যারেজ অ্যান্ড ওয়াগন):** ২৫টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬)। **প্লাম্বার (মেকানিক ক্যারেজ অ্যান্ড ওয়াগন):** ২০টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫)। **পাইপ ফিটার (মেকানিক ক্যারেজ অ্যান্ড ওয়াগন):** ১৯টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫)। **ম্যাসন (ইঞ্জিনিয়ারিং):** ১০টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। **পেইন্টার (ইঞ্জিনিয়ারিং):** ১০টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। **কার্পেন্টার (ইঞ্জিনিয়ারিং):** ১০টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। **ব্ল্যাকস্মিথ ফিটার (ইঞ্জিনিয়ারিং):** ১০টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। **ওয়েল্ডার (ইঞ্জিনিয়ারিং):** ১০টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। **ইলেক্ট্রিশিয়ান (এস অ্যান্ড টি-সিগন্যাল):** ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ১)। **ইলেক্ট্রনিক্স মেকানিক (এস অ্যান্ড টি-সিগন্যাল):** ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ১)। **ওয়্যারম্যান (এস অ্যান্ড টি-সিগন্যাল):** ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ১)। **ইলেক্ট্রিশিয়ান (এস অ্যান্ড টি-টেলিকমিউনিকেশন):** ৪টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ১)। **ইলেক্ট্রনিক্স মেকানিক (এস অ্যান্ড টি-টেলিকমিউনিকেশন):** ৩টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, ও বি সি ১)। **ওয়্যারম্যান (এস অ্যান্ড টি-টেলিকমিউনিকেশন):** ৩টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, ও বি সি ১)। **কম্পিউটার নেট-ওয়ার্কিং টেকনিশিয়ান (এস অ্যান্ড টি-টেলিকমিউনিকেশন):** ১০টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। **স্টেনো ইন হিন্দি (জেনারেল অ্যাডমিনিস্ট্রেশন):** ১০টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)।

জয়পুর ডিভিশন: ফিটার (মেকানিক্যাল): ৩৫৮টি (সাধারণ ১৮০, তফসিলি জাতি ৫৪, তফসিলি উপজাতি ২৭, ও বি সি ৯৭)। **টেকনিশিয়ান (এস অ্যান্ড টি):** ৩৪টি (সাধারণ ১৭, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৯)। **টেকনিশিয়ান (ইলেক্ট্রিক):** ১০২টি (সাধারণ ৫১, তফসিলি জাতি ১৫, তফসিলি উপজাতি ৮, ও বি সি ২৮)। **টেকনিশিয়ান (ইলেক্ট্রিক টি আর ডি):** ৯টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)।

যোধপুর ডিভিশন: ডিজেল মেকানিক (মেকানিক্যাল): ১১০টি (সাধারণ ৫৭, তফসিলি জাতি ১৬, তফসিলি উপজাতি ৮, ও বি সি ২৯)। **ডিজেল ইলেক্ট্রিক মেকানিক (মেকানিক্যাল):** ৬০টি (সাধারণ ৩১, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৬)। **ফিটার (মেকানিক্যাল-ক্যারেজ অ্যান্ড ওয়াগন):** ১২০টি (সাধারণ ৬১, তফসিলি জাতি ১৮, তফসিলি উপজাতি ৯, ও বি সি ৩২)। **ফিটার (ইলেক্ট্রিক পাওয়ার):** ৪০টি (সাধারণ ২১, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১০)। **ফিটার (ইলেক্ট্রিক-এ সি):** ৪০টি (সাধারণ ২১, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১০)। **ফিটার (ইলেক্ট্রিক ট্রেন-লাইটিং):** ৪০টি (সাধারণ ২১, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১০)।

বি টি সি ক্যারেজ, আজমের: ফিটার: ৬৮টি (সাধারণ ৩৪, তফসিলি জাতি ১০, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১৯)। **ওয়েল্ডার:** ১৫টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪)। **পেইন্টার:** ৫৩টি (সাধারণ ২৭, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৪)। **ইলেক্ট্রিশিয়ান:** ৩০টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮)।

বি টি সি লোকো, আজমের: ডিজেল মেকানিক: ১৩টি (সাধারণ ৭, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪)। **ফিটার:** ৩১টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৯)। **ওয়েল্ডার:** ১৩টি (সাধারণ ৭, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪)।

ক্যারেজ ওয়ার্কশপ, বিকানির: ফিটার: ১৫টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪)। **ইলেক্ট্রিশিয়ান:** ১২টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। **ওয়েল্ডার:** ১০টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)।

ক্যারেজ ওয়ার্কশপ, যোধপুর: ফিটার: ৩৬টি (সাধারণ ১৮, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১০)। **কার্পেন্টার:** ১৯টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫)। **ওয়েল্ডার (জি অ্যান্ড ই):** ১০টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। **পেইন্টার (জেনারেল):** ১১টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। **মেকানিক মেশিন টুল মেইন্টেন্যান্স:** ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ২)। **মেশিনিস্ট:** ৩টি (সাধারণ ২, ও বি সি ১)।

শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক বা সমতুল। সেইসঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই পাশ করে থাকতে হবে।

বয়স: ৩০-১২-২০১৮ তারিখে ১৫ থেকে ২৪ বছরের মধ্যে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে মাধ্যমিক ও আই টি আই পরীক্ষায় পাওয়া নম্বরের ভিত্তিতে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.rrcjaipur.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ৩০ ডিসেম্বর। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা রঙিন ফটো (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ২০ থেকে ৭০ কেবি সাইজের মধ্যে) ও কালো কালির সই (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ২০ থেকে ৩০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

অনলাইন পদ্ধতিতে ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। ডেবিট বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দিতে হবে। ফি জমা দেওয়ার পর ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। মহিলা, তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি দিতে লাগবে না। খুঁটিনাটি জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট। অথবা ফোন করতে পারেন এই হেল্প ডেস্ক নম্বরে: ৭৩৭৫৮-০৮০৩৪ (যে-কোনও কাজের দিন সকাল ১০টা থেকে বিকেল ৫টার মধ্যে)।

উত্তর-পূর্ব রেলে ৭৪৫

ট্রেড অ্যাপ্রেন্টিস

প্রথম পাতার পর

১টি করে আসন দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। মেশিনিস্ট: ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১)। ওয়েল্ডার: ১১টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)।

ডিজেল শেড ইজ্জত নগর: মেকানিক ডিজেল: ৩০টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮)। এর মধ্যে ১টি করে আসন দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। ইলেক্ট্রিশিয়ান: ৩০টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮)। এর মধ্যে ১টি করে আসন দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

ক্যারেজ অ্যান্ড ওয়াগন ইজ্জত নগর: ফিটার: ৬৪টি (সাধারণ ৩৭, তফসিলি জাতি ১১, ও বি সি ১৬)। এর মধ্যে ২টি করে আসন দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

ক্যারেজ অ্যান্ড ওয়াগন লখনউ জংশন: ফিটার: ১২২টি (সাধারণ ৬১, তফসিলি জাতি ১৭, তফসিলি উপজাতি ১১, ও বি সি ৩৩)। এর মধ্যে ৪টি করে আসন দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের সঙ্গে সংরক্ষিত থাকবে। ওয়েল্ডার: ৬টি (সাধারণ)। কার্পেন্টার: ১১টি (সাধারণ)। ট্রিমার: ৬টি (সাধারণ)। মেশিনিস্ট: ৬টি (সাধারণ)। পেইন্টার: ৬টি (সাধারণ)।

ডিজেল শেড গোন্ডা: মেকানিক ডিজেল: ৫৫টি (সাধারণ ২৮, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৫)। এর মধ্যে ২টি করে আসন দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের সঙ্গে সংরক্ষিত থাকবে। ফিটার: ১৩টি (সাধারণ ৭, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। ইলেক্ট্রিশিয়ান: ২০টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫)। এর মধ্যে ১টি করে আসন দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। ওয়েল্ডার: ২টি (সাধারণ)।

ক্যারেজ অ্যান্ড ওয়াগন বেনারস: ফিটার: ৬৭টি (সাধারণ ৩৪, তফসিলি জাতি ১১, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১৮)। এর মধ্যে ২টি করে আসন দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। কার্পেন্টার: ৩টি (সাধারণ)। পেইন্টার: ২টি (সাধারণ)। ওয়েল্ডার: ২টি (সাধারণ)। ট্রিমার: ২টি (সাধারণ)।

শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক, সঙ্গে স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই সার্টিফিকেট কোর্স পাশ।

বয়স: ২৯-১২-২০১৮ তারিখে ১৫ থেকে ২৪ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধী প্রার্থীরা ১০ বছর এবং প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ner.indianrailways.gov.in আবেদনের শেষ তারিখ ২৯ ডিসেম্বর। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় প্রার্থীর স্ক্যান করা রঙিন ফটো এবং সই (উভয়ই জে পি জি বা জে পি ই জি ফর্ম্যাটে ২০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং মহিলা প্রার্থীদের কোনও ফি লাগবে না।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

মহানদী কোলফিল্ডসে ৩৭০

প্রথম পাতার পর

সার্টিফিকেট এবং বৈধ গ্যাস টেস্টিং সার্টিফিকেট থাকাও বাধ্যতামূলক।

মাইনিং সর্দার, টি অ্যান্ড এস (গ্রুপ সি): ২০১টি (সাধারণ ৭৫, তফসিলি জাতি ৩৫, তফসিলি উপজাতি ৬০, ও বি সি ৩১)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল। সঙ্গে ডিরেক্টরেট জেনারেল অব মাইনস অ্যান্ড সেফটি (ডি জি এম এস) কর্তৃক স্বীকৃত বৈধ মাইনিং সর্দার কম্পিটেন্সি সার্টিফিকেট থাকতে হবে। সঙ্গে বৈধ ফার্স্ট এইড সার্টিফিকেট এবং বৈধ গ্যাস টেস্টিং সার্টিফিকেট থাকাও বাধ্যতামূলক।

ডেপুটি সার্ভেয়র: ২০টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ৪, ও বি সি ২)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। ডিরেক্টরেট জেনারেল অব মাইনস অ্যান্ড সেফটি (ডি জি এম এস) কর্তৃক স্বীকৃত বৈধ মাইনস সার্ভে কম্পিটেন্সি সার্টিফিকেট থাকতে হবে।

বেতন: সবকটি পদের ক্ষেত্রেই মাসে ৩১,৮৫২.৫৬ টাকা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.mahanadicoal.in দরখাস্ত করা যাবে ২১ ডিসেম্বর থেকে ১০ জানুয়ারি পর্যন্ত।

এই নিয়োগের বিশদ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। শিক্ষাগত যোগ্যতা, আবেদনের পদ্ধতি-সহ বিস্তারিত তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

নিউক্লিয়ার পাওয়ারে ৮৪ ডেপুটি ম্যানেজার

৮৪ জন ডেপুটি ম্যানেজার নেবে নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশন অব ইন্ডিয়া। নিয়োগ হবে বিভিন্ন বিভাগে। এই নিয়োগের অ্যাডভার্টাইজমেন্ট নম্বর: NPCIL/HRM/2018/04.

বিভাগ অনুসারে শূন্যপদ ও যোগ্যতা: **হিউম্যান রিসোর্স:** শূন্যপদ ২৯টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৯)। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ গ্র্যাজুয়েট। সঙ্গে পার্সোনেল ম্যানেজমেন্ট ও ইন্ডাস্ট্রিয়াল রিলেশনসে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ ডিগ্রি অথবা পার্সোনেল ম্যানেজমেন্ট ও ইন্ডাস্ট্রিয়াল রিলেশনসে পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি বা ডিপ্লোমা। ডিগ্রি বা ডিপ্লোমায় ৬০ শতাংশ নম্বর থাকতে হবে।

ফিনান্স অ্যান্ড অ্যাকাউন্টস: শূন্যপদ ৩৩টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৭, ও বি সি ৬)। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। সঙ্গে ফিনান্সে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ। স্নাতকোত্তর ডিগ্রিতে ৬০ শতাংশ নম্বর থাকতে হবে। সি এ অথবা আই সি ডব্লু এ প্রার্থীরাও আবেদনের যোগ্য।

কন্ট্রাক্টস অ্যান্ড মেটেরিয়ালস ম্যানেজমেন্ট: শূন্যপদ ১৮টি (সাধারণ ৯, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫)। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় ইঞ্জিনিয়ারিং ডিগ্রি। সঙ্গে মেটেরিয়ালস ম্যানেজমেন্ট বা ইনভেন্টরি কন্ট্রোলে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ ডিগ্রি। এম বি এ-তে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর থাকতে হবে।

লিগ্যাল: শূন্যপদ ৪টি (সাধারণ ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ১)। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ আইনের স্নাতক। প্রার্থীকে রাজ্যস্তরের বার কাউন্সিল বা বার কাউন্সিল অব ইন্ডিয়ায় নথিভুক্ত থাকতে হবে। আইনজীবী হিসেবে প্র্যাক্টিসের অথবা কোনও সংস্থায় কোম্পানি বা সিভিল বা লেবার ল অফিসার হিসেবে ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

সবক'টি বিভাগের ক্ষেত্রেই দৈহিক বা মানসিক প্রতিবন্ধীদের জন্য শূন্যপদ সংরক্ষিত হবে। দৈহিক প্রতিবন্ধীরা ডিগ্রি বা ডিপ্লোমায় ৫ শতাংশ নম্বরের ছাড় পাবেন।

বয়স: ১৯-১২-২০১৮ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। বয়সে তফসিলিরা ৫, ও বি সিরা ৩ বছরের ছাড় পাবেন। দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই হবে লিখিত বা অনলাইন পরীক্ষা ও পার্সোনাল ইন্টারভিউয়ের মাধ্যমে।

লিখিত বা অনলাইন পরীক্ষা হবে দু'টি পার্টে। প্রথম পার্টে কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, রিজনিং, এথিক্স অব পাবলিক সার্ভিস, আর টি আই অ্যাক্ট, ইংলিশ ল্যাঙ্গুয়েজ, ডেটা-ইন্টারপ্রিটেশন ও জেনারেল অ্যাওয়্যারনেস বিষয়ে ৫০টি অবজেক্টিভ টাইপ প্রশ্ন হবে। দ্বিতীয় অংশে প্রার্থীর সংশ্লিষ্ট পেশাদারি বিষয়ে ৭০টি অবজেক্টিভ টাইপ প্রশ্ন হবে। ভুল উত্তরের জন্য নেগেটিভ মার্কিং হবে।

বেতনক্রম: ৫৬,১০০-৬১,১৪৯ টাকা।

অনলাইন দরখাস্ত করতে হবে ১৯ ডিসেম্বরের মধ্যে, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.npcilcareers.co.in অনলাইন দরখাস্ত করতে বসার আগে নিজের ফটো ও সই জে পি ই জি ফর্ম্যাটে স্ক্যান করার পরে সেভ করবেন। এগুলি আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা। সাধারণ এবং ও বি সি ক্যাটেগরির পুরুষ প্রার্থীদেরই শুধু ফি দিতে হবে। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফি দিতে হবে না।

অনলাইন দরখাস্ত সাবমিট করার পরে ওয়েবসাইটেই স্টেট ব্যাঙ্ক কালেক্ট লিঙ্ক পাওয়া যাবে। এই লিঙ্ক ব্যবহার করেই ফি দিতে হবে। ১৯ ডিসেম্বরের মধ্যে ফি জমা দিতে হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখবেন উপরোক্ত ওয়েবসাইট।

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

কী পড়বেন, কোথায় পড়বেন

গাইডেন্স, সাইকোলজিক্যাল কাউন্সেলিং অ্যান্ড ফ্যামিলি থেরাপির পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স

গাইডেন্স, সাইকোলজিক্যাল কাউন্সেলিং অ্যান্ড ফ্যামিলি থেরাপির পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সে ভর্তি নেবে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর ডিজেবিলিটি স্টাডিজ। কোর্সের মেয়াদ ১ বছর। এটি একটি সান্ধ্য কোর্স। কোর্স শুরু হবে ৪ জানুয়ারি।

আসনসংখ্যা: ৩০টি। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক।

বয়সের কোনও উর্ধ্বসীমা নেই।

কোর্স ফি: ১৫,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউয়ের জন্য নির্বাচিত প্রার্থীদের তালিকা প্রকাশিত হবে ১১ ডিসেম্বর। ইন্টারভিউ ১৩ ডিসেম্বর। ইন্টারভিউয়ের ফলাফল প্রকাশিত হবে ১৭ ডিসেম্বর।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনপত্র সংগ্রহ করা যাবে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ইনফর্মেশন অফিস থেকে। ফি বাবদ দিতে হবে নগদ ৫০ টাকা। যথাযথভাবে পূরণ করা আবেদনপত্র ৭ ডিসেম্বরের মধ্যে জমা দিতে হবে এই ঠিকানায়: Jt. Coordinator, Centre for Disability Studies and Rehabilitation, Jadavpur University, 188, Raja S.C. Mallick Road, Kolkata 700 032.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.jaduniv.edu.in ফোন: (০৩৩) ২৪৫৭ ২৩৪৭, ২৪১৪ ৬১০২।

স্নাতকোত্তর যোগ্যতায় কলকাতা বিশ্ববিদ্যালয়ে স্কুল কাউন্সেলিংয়ের ডিপ্লোমা কোর্স

স্কুল কাউন্সেলিংয়ের পোস্ট পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে কলকাতা বিশ্ববিদ্যালয়ের অ্যাপ্লায়েড সাইকোলজি বিভাগ। কোর্সের মেয়াদ ১ বছর। কোর্সটি করানো হবে কলকাতা বিশ্ববিদ্যালয়ের রাজাবাজার সায়েন্স কলেজ ক্যাম্পাসে।

আসনসংখ্যা: ২০টি। শিক্ষাগত যোগ্যতা: অ্যাপ্লায়েড সাইকোলজি বা সাইকোলজিতে এম এ বা এম এসসি। কোর্স ফি: ২০,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ ১৫ জানুয়ারি, দুপুর ২টো থেকে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.caluniv.ac.in আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে। আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে প্রার্থীর এক কপি পাসপোর্ট মাপের প্রত্যয়িত ফটো সেঁটে দেবেন।

ফি বাবদ দিতে হবে ২০০ টাকা (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ১০০ টাকা)-র ডিমান্ড ড্রাফট। এটি 'University of Calcutta'-র অনুকূলে কলকাতায় প্রদেয় হতে হবে। ডিমান্ড ড্রাফটের পিছনে প্রার্থীর নাম এবং যে কোর্সের জন্য আবেদন করছেন তার নাম লিখে দেবেন। এ ছাড়া নগদেও ফি জমা দেওয়া যাবে কলকাতা বিশ্ববিদ্যালয়ের ক্যাশ কাউন্টারে।

প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল-সহ আবেদনপত্র ভরা খামের ওপর লিখবেন 'Application for Post Post Graduate Diploma Course in School Counselling' পূরণ করা দরখাস্ত ২৮ ডিসেম্বরের মধ্যে সাধারণ ডাকে অথবা সরাসরি জমা দিতে হবে এই ঠিকানায়: The Office of the Secretary, University College of Science, Technology & Agriculture, Calcutta University, 92, A.P.C. Road, Kolkata 700 009.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

স্কলারশিপের খোঁজখবর

টপ ক্লাস এডুকেশন স্কিম ফর শিডিউলড কাস্ট স্টুডেন্টস ২০১৮

পূর্ণ সময়ের ডিগ্রি কোর্সে পাঠরত ১,৫০০ তফসিলি জাতিভুক্ত ছাত্রছাত্রীকে স্কলারশিপ দিচ্ছে কেন্দ্রীয় সরকারের সামাজিক ন্যায় ও সশক্তিকরণ মন্ত্রক।

আবেদনের যোগ্যতা: ছাত্রছাত্রীদের আই আই এম, আই আই টি, এইমস, এন আই টি, এন আই ডি, আই আই এইচ এম, ন্যাশনাল ল ইউনিভার্সিটি এবং কেন্দ্রের মানব সম্পদ উন্নয়ন মন্ত্রক দ্বারা ঘোষিত জাতীয় মর্যাদাপ্রাপ্ত প্রতিষ্ঠানে পাঠরত হতে হবে। প্রার্থীর পরিবারের বার্ষিক আয় হতে হবে ৬ লাখ টাকার নিচে।

স্কলারশিপের পরিমাণ: বেসরকারি প্রতিষ্ঠানে পাঠরতদের ক্ষেত্রে বছর প্রতি সর্বাধিক ২ লাখ টাকা, বেসরকারি ফ্লাইং ক্লাবে কমার্শিয়াল পাইলট ট্রেনিং নিতে আগ্রহীদের ক্ষেত্রে বছর প্রতি সর্বাধিক ৩ লাখ ৭২ হাজার টাকা। এছাড়াও দেওয়া হবে কম্পিউটার কেনার জন্য এককালীন ৪৫,০০০ টাকা। থাকা এবং বইয়ের খরচ বাবদ দেওয়া হবে প্রতি মাসে যথাক্রমে ২,২২০ টাকা এবং ৩,০০০ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://www.b4s.in/karma/TCE1 আবেদনের শেষ তারিখ ১৫ ডিসেম্বর।

ন্যাশনাল মিনস-কাম-মেরিট স্কলারশিপ

নবম শ্রেণিতে পাঠরত ১ লাখ মেধাবী ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে কেন্দ্রের মানব সম্পদ উন্নয়ন মন্ত্রকের অধীনস্থ স্কুল এডুকেশন অ্যান্ড লিটারেসি বিভাগ।

আবেদনের যোগ্যতা: অন্তত ৫৫ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ সপ্তম এবং অষ্টম শ্রেণি পাশ। বার্ষিক পারিবারিক আয় হতে হবে দেড় লাখ টাকার নিচে।

স্কলারশিপের পরিমাণ: প্রতি মাসে ৫০০ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://www.b4s.in/karma/NMC5 আবেদনের শেষ তারিখ ১৫ ডিসেম্বর।

ইন্সপায়ার স্কলারশিপ ফর হায়ার এডুকেশন ২০১৮

২০১৮ সালের উচ্চমাধ্যমিক পরীক্ষায় পাশ করে বর্তমানে বি এসসি, ব্যাচেলর অব সায়েন্স (বি এস), ইন্টিগ্রেটেড এম এসসি বা মাস্টার অব সায়েন্স (এম এস) কোর্সে পাঠরত মেধাবী ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে কেন্দ্রীয় সরকারের সায়েন্স অ্যান্ড টেকনোলজি বিভাগ। প্রার্থীকে কেমিস্ট্রি, ফিজিক্স, বায়োলজি, ম্যাথমেটিক্স জিওলজি, স্ট্যাটিস্টিক্স, অ্যাস্ট্রোনমি, অ্যাস্ট্রোফিজিক্স, বটানি, ইলেকট্রনিক্স, জুলজি, বায়ো-কেমিস্ট্রি, অ্যানথ্রপলজি, মাইক্রোবায়োলজি, জিওফিজিক্স, জিওকেমিস্ট্রি, অ্যাটমোস্ফেরিক সায়েন্সেস এবং ওশিয়ানিক সায়েন্সেস-এর মধ্যে যে-কোনও একটি বিষয়ে পাঠরত হতে হবে।

আবেদনের যোগ্যতা: রাজ্যের উচ্চমাধ্যমিক শিক্ষা পর্ষদ অথবা সি বি এস ই দ্বারা পরিচালিত পরীক্ষায় উত্তীর্ণ হওয়া প্রথম ১ শতাংশের মধ্যে প্রার্থীকে থাকতে হবে। অথবা জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশন (মেন বা অ্যাডভান্সড) বা অল ইন্ডিয়া প্রি-মেডিক্যাল টেস্ট বা নিট-এ ১০,০০০-এর মধ্যে র‍্যাঙ্ক করে থাকতে হবে। অথবা ইন্টারন্যাশনাল অলিম্পিয়াড অব সায়েন্স টেস্ট বা কিশোর বৈজ্ঞানিক প্রোৎসাহন যোজনা বা ন্যাশনাল ট্যালেন্ট সার্চ এক্সামিনেশন বা জগদীশ বোস ন্যাশনাল সায়েন্স ট্যালেন্ট সার্চ টেস্টে উত্তীর্ণ হতে হবে।

স্কলারশিপের পরিমাণ: প্রতি মাসে ৫,০০০ টাকা। এর পাশাপাশি মেন্টরশিপ ফি হিসেবে দেওয়া হবে বছর প্রতি ২০,০০০ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://www.online-inspire.gov.in আবেদনের শেষ তারিখ ১৫ ডিসেম্বর।

(তথ্য সহায়তা: buddy4study)

এল অ্যান্ড টি কনস্ট্রাকশন বিল্ড ইন্ডিয়া স্কলারশিপ

কনস্ট্রাকশন টেকনোলজি অ্যান্ড ম্যানেজমেন্টে এম টেক পড়তে আগ্রহী ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে এল অ্যান্ড টি কনস্ট্রাকশন। ছাত্রছাত্রীদের অবশ্যই দিল্লি বা মাদ্রাজের আই আই টি অথবা ত্রিচি বা সুরাথকালের ন্যাশনাল ইনস্টিটিউট অব টেকনোলজিতে পড়ার সুযোগ পেয়ে থাকতে হবে। কোর্স শেষের পর চাকরির সুযোগ পাওয়া যাবে সংস্থাতেই।

আবেদনের যোগ্যতা: অন্তত ৬৫ শতাংশ নম্বর-সহ সিভিল বা ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক কোর্স পাশ। ফাইনাল ইয়ারের ছাত্রছাত্রীরাও আবেদন করতে পারবেন।

স্কলারশিপের পরিমাণ: এম টেক পড়ার যাবতীয় খরচ বহন করবে সংশ্লিষ্ট সংস্থা। এর পাশাপাশি স্টাইপেন্ড বাবদ দেওয়া হবে প্রতি মাসে ১৩,৪০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে একটি অনলাইন লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষা ২৪ ফেব্রুয়ারি। অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.lntecc.com আবেদনের শেষ তারিখ ৩১ ডিসেম্বর। বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

নয়াদিল্লির এইমসে নার্সিং ও প্যারামেডিক্যালের ডিগ্রি কোর্সে ভর্তি

নার্সিং এবং প্যারামেডিক্যাল শাখার স্নাতক কোর্সে ভর্তি নিচ্ছে অল ইন্ডিয়ান ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্সেস (এইমস)। এই প্রশিক্ষণের অ্যাডমিশন নোটিশ নম্বর ১৬/২০১৮।

কোর্সের বিবরণ: বি এসসি (অনার্স) নার্সিং: শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ (তফসিলিদের ক্ষেত্রে ৫০ শতাংশ) উচ্চমাধ্যমিক পাশ। প্রার্থীকে অবশ্যই ফিজিক্স, কেমিস্ট্রি এবং বায়োলজি পড়ে থাকতে হবে।

বি এসসি (প্যারামেডিক্যাল): শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক পাশ। প্রার্থীকে অবশ্যই ফিজিক্স, কেমিস্ট্রি এবং বায়োলজি বা ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে।

বি এসসি নার্সিং (পোস্ট বেসিক): শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক। সেই সঙ্গে ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল দ্বারা স্বীকৃত প্রতিষ্ঠান থেকে জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারিতে ডিপ্লোমা। পাশাপাশি, স্টেট নার্সিং কাউন্সিলে নার্স বা মিডওয়াইফ হিসেবে নাম নথিভুক্ত থাকতে হবে।

পুরুষ নার্সরা যদি ২০০৩ সালে ইন্টিগ্রেটেড কোর্স চালু হওয়ার আগে জেনারেল নার্সিংয়ের সার্টিফিকেট কোর্স পাশ করে থাকেন তবে মিডওয়াইফারির ডিপ্লোমা কোর্স না করে থাকলেও আবেদন করতে পারবেন। সেক্ষেত্রে স্টেট নার্সিং কাউন্সিলে নার্স হিসেবে নাম নথিভুক্ত থাকতে হবে। সেই সঙ্গে ও টি টেকনিক বা অপথ্যালমিক নার্সিং বা লেপ্রোসি নার্সিং বা টি বি নার্সিং বা সাইকিয়াট্রিক নার্সিং বা নিউরোলজিক্যাল অ্যান্ড নিউরো সার্জিক্যাল নার্সিং বা কমিউনিটি হেলথ নার্সিং বা ক্যানসার নার্সিং বা অর্থোপেডিক নার্সিংয়ে অন্তত ৬ মাস মেয়াদের প্রশিক্ষণ নিয়ে থাকতে হবে।

প্রার্থী বাছাই করা হবে একটি প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। বি এসসি (অনার্স) নার্সিং কোর্সে ভর্তির পরীক্ষা ২৩ জুন, সকাল ১০টা থেকে দুপুর ১২টা। বি এসসি নার্সিং (পোস্ট-বেসিক) কোর্সের ভর্তির পরীক্ষা ১ জুন, সকাল ১০টা থেকে সাড়ে ১১টা। বি এসসি (প্যারামেডিক্যাল) কোর্সে ভর্তির পরীক্ষা ১৫ জুন, সকাল ১০টা থেকে সাড়ে ১১টা। পরীক্ষাসংক্রান্ত খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট:

www.aiimsexams.org

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.aiimsexams.org প্রথমে বেসিক রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশনের শেষ তারিখ ৩ জানুয়ারি। বেসিক রেজিস্ট্রেশনে কোনও ভুল হয়ে থাকলে তা সংশোধন করার সুযোগ পাওয়া যাবে ৮ জানুয়ারি থেকে ১৮ জানুয়ারি পর্যন্ত। বেসিক রেজিস্ট্রেশনের পর ফাইনাল রেজিস্ট্রেশন করতে হবে। ফাইনাল রেজিস্ট্রেশন করা যাবে ১৪ মার্চ থেকে ২৫ মার্চ পর্যন্ত। ফি জমা দেওয়া যাবে ২৯ মার্চ থেকে ৫ এপ্রিল পর্যন্ত।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

পরীক্ষা এবং ফি-সংক্রান্ত বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

উত্তর-মধ্য রেলে ৭০৩ তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং

প্রথম পাতার পর

ইলেকট্রিক): ১৩টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪)।

ইলেকট্রিক্যাল/আর এস/টি এম এস ডিপার্টমেন্ট: **টেকনিশিয়ান আর্মেচার ওয়াইন্ডার:** ৪৭টি (সাধারণ ২৩, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৩)। **টেকনিশিয়ান কার্পেন্টার:** ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ১)। **টেকনিশিয়ান ক্রেন:** ৮টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। **টেকনিশিয়ান ফিটার:** ২৪৬টি (সাধারণ ১২৫, তফসিলি জাতি ৩৭, তফসিলি উপজাতি ১৮, ও বি সি ৬৬)। এর মধ্যে ২টি করে আসন অস্থি ও শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। **টেকনিশিয়ান মেশিনিস্ট:** ১৫টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪)। **টেকনিশিয়ান পেইন্টার (জেনারেল):** ৭টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। **টেকনিশিয়ান ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেকট্রিক):** ৯টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। **টেকনিশিয়ান ইলেকট্রিশিয়ান:** ২টি (সাধারণ)।

শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক বা সমতুল।

পূরণ করা প্রিন্ট আউটের সঙ্গে দেবেন

- ✓ ফি বাবদ ১০০ টাকার পোস্টাল অর্ডার বা ডিমান্ড ড্রাফট। এটি 'Sr. DPM/NCR/ALD'-র অনুকূলে প্রদেয় হতে হবে। তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও মহিলাদের ফি দিতে লাগবে না।
- ✓ এক কপি পাসপোর্ট মাপের রঙিন ফটো। ফটোটি গেজেটেড অফিসার কর্তৃক প্রত্যয়িত করে প্রিন্ট আউটের নির্দিষ্ট জায়গায় সেঁটে দেবেন।
- ✓ বয়সের প্রমাণপত্র হিসেবে মাধ্যমিকের সার্টিফিকেটের প্রত্যয়িত নকল।
- ✓ শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রয়োজনীয় নথিপত্রের প্রত্যয়িত নকল।
- ✓ কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের প্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓ দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে মেডিক্যাল সার্টিফিকেটের প্রত্যয়িত নকল।

সেইসঙ্গে সংশ্লিষ্ট বা সমতুল ট্রেডে এন সি ভি টি স্বীকৃত আই টি আই সার্টিফিকেট থাকতে হবে।

বয়স: ৩০-১১-২০১৮ তারিখে ১৫ থেকে ২৪ বছরের মধ্যে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে মাধ্যমিক ও আই টি আই পরীক্ষায় পাওয়া নম্বরের ভিত্তিতে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.act.indianrailways.gov.in আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর একটি প্রিন্ট আউট নেবেন। এটি পাঠাতে হবে।

৩১ ডিসেম্বরের মধ্যে সাধারণ ডাকে আবেদনপত্র পৌঁছতে হবে এই ঠিকানায়: Office of the Sr. Divisional Personnel Officer, Personnel Branch/Recruitment Section, Room No. 112, Allahabad Division North Central Railway, Allahabad (Uttar Pradesh), Pin Code-211001.

খুঁটিনাটি জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

KARMAKSHETRA Vol 39 No. 18 Kolkata Friday 7 DECEMBER 2018 /24
Member, INDIAN NEWSPAPER SOCIETY
R. N. 37120/80 □ Postal Registration No. KOL RMS/173/2016-2018

উত্তর দমদম পুরসভায় গ্রুপ ডি

গ্রুপ ডি ক্যাটেগরিতে ৫৪ জনকে নিয়োগ করবে উত্তর দমদম পুরসভা। নিয়োগ করা হবে পিওন, হেল্পার এবং মজদুর পদে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর NDDM/ESTT/4603.

শূন্যপদের বিবরণ: পিওন: ৫টি (সাধারণ ১, সাধারণ-ই সি ১, সাধারণ-প্রাক্তন সমরকর্মী ১, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১)। **হেল্পার:** ৩টি (সাধারণ ১, সাধারণ-ই সি ১, তফসিলি জাতি ১)। **মজদুর:** ৪৬টি (সাধারণ ১২, সাধারণ-ই সি ৭, সাধারণ- দৈহিক প্রতিবন্ধী ২, সাধারণ-প্রাক্তন সমরকর্মী ৩, সাধারণ-দক্ষ খেলোয়াড় ১, তফসিলি জাতি ৭, তফসিলি জাতি-ই সি ২, তফসিলি জাতি-প্রাক্তন সমরকর্মী ১, তফসিলি উপজাতি ২, তফসিলি উপজাতি-ই সি ১, ও বি সি-এ ৩, ও বি সি-এ-ই সি ২, ও বি সি-বি ২, ও বি সি-বি-ই সি ১)। **মেসেঞ্জার:** ১টি (সাধারণ)। **ডোম:** ১টি (সাধারণ)। **জি ডি এ:** ১টি (সাধারণ)। **শিক্ষাগত যোগ্যতা:** ক্লাস এইট পাশ, সঙ্গে বাংলা (প্রযোজ্য ক্ষেত্রে নেপালি) ভাষায় লিখতে ও পড়তে জানতে হবে। ডোমের ক্ষেত্রে ক্লাস ফোন পাশ। সব ক্ষেত্রেই মজবুত স্বাস্থ্যের অধিকারী হলে অগ্রাধিকার।

বয়স: ১-১১-২০১৮ তারিখে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫ এবং ও বি সিরা ৩ বছরের বয়সের ছাড় পাবেন। দৈহিক প্রতিবন্ধীরা ৪৫ বছরের মধ্যে বয়স থাকলে আবেদনের যোগ্য। বেতনক্রম: ৪,৯০০-১৬,২০০ টাকা। গ্রেড পে ১,৭০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে একটি লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করা যাবে এই ওয়েবসাইট থেকে: www.northdumdummunicipality.org দরখাস্ত পূরণ করবেন যথাযথভাবে।

ফি বাবদ দিতে হবে ২২০ টাকা (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৭০ টাকা)। ফি জমা দিতে হবে ব্যাঙ্ক চালানের মাধ্যমে, ইউকো ব্যাঙ্কের যে-কোনও শাখায়।

পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন

✓ব্যাঙ্ক চালানের কপি।
✓প্রার্থীর এক কপি রঙিন পাসপোর্ট মাপের স্বপ্রত্যয়িত ফটো। ফটোটি দরখাস্তের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন।
✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল।
✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
✓দৈহিক প্রতিবন্ধী এবং এক্সেম্পটেড ক্যাটেগরির প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
✓আধার কার্ড ও প্যান কার্ডের স্বপ্রত্যয়িত নকল।
✓প্রার্থীর স্থায়ী বাসিন্দা হওয়ার প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল।

প্রয়োজনীয় নথিপত্র-সহ দরখাস্ত-ভরা খামের ওপর প্রার্থী যে-পদের জন্য আবেদন করছেন সেটির নাম এবং প্রার্থীর ক্যাটেগরি লিখে দেবেন। দরখাস্ত ১৫ ডিসেম্বরের মধ্যে ডাকে পৌঁছতে হবে এই ঠিকানায়: THE CHAIRMAN, NORTH DUM DUM MUNICIPALITY, 163, M.B. ROAD, BIRATI, KOLKATA-700 051. দরখাস্ত যে-কোনও কাজের দিন সকাল সাড়ে ১০টা থেকে বিকেল ৪টের মধ্যে সরাসরি জমা দেওয়া যাবে উপরোক্ত ঠিকানায়।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

পূর্ব মেদিনীপুরে ছাত্র ও ছাত্রীনিবাসে চাকরি

পূর্ব মেদিনীপুর জেলার নন্দীগ্রাম বি এম টি শিক্ষানিকেতন, পরমানন্দপুর রমানাথ বিদ্যাপীঠ, বনমালীচাট্টা উচ্চবিদ্যালয় এবং পণ্ডিত রঘুনাথ মুর্মু উচ্চ আবাসিক বিদ্যালয়ে ১৭ জনকে নিয়োগ করা হবে সুপারিন্টেন্ড্যান্ট, কেয়ার টেকার, কর্মবন্ধু-সহ বিভিন্ন পদে। প্রার্থী বাছাই করবে সংশ্লিষ্ট জেলার অনগ্রসর সম্প্রদায় কল্যাণ ও আদিবাসী উন্নয়ন আধিকারিকের অফিস। নিয়োগ হবে চুক্তিতে। অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.purbamedinipur.gov.in দরখাস্তের শেষ তারিখ ১৪ ডিসেম্বর।

বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

হেভি ইঞ্জিনিয়ারিং কর্পোরেশনে ১৬৯ তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং

বিভিন্ন শাখায় ১৬৯ জন স্নাতক ও ডিপ্লোমাধারী (টেকনিশিয়ান) তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে হেভি ইঞ্জিনিয়ারিং কর্পোরেশন। অ্যাপ্রেন্টিসশিপ অ্যাক্ট, ১৯৬১ অনুসারে এক বছরের ট্রেনিং দেওয়া হবে। ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড পাওয়া যাবে। অন্য কোনও অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিংয়ের সঙ্গে যুক্ত থাকলে, আবেদন করবেন না। এই ট্রেনিংয়ের বিজ্ঞপ্তি নম্বর: HRD (HTI)/2018-01.

শাখা ও যোগ্যতা অনুসারে আসনবিন্যাস: সিভিল ইঞ্জিনিয়ারিং: ৯টি (গ্র্যাজুয়েট ২, ডিপ্লোমা টেকনিশিয়ান ৭)। **কম্পিউটার সায়েন্স/ইনফর্মেশন টেকনোলজি:** ১৮টি (গ্র্যাজুয়েট ৫, ডিপ্লোমা টেকনিশিয়ান ১৩)। **ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং/ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং:** ৩২টি (গ্র্যাজুয়েট ১১, ডিপ্লোমা টেকনিশিয়ান ২১)। **ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং:** ৫টি (গ্র্যাজুয়েট ২, ডিপ্লোমা টেকনিশিয়ান ৩)। **মেকানিক্যাল/প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং:** ৮২টি (গ্র্যাজুয়েট ৩৬, ডিপ্লোমা টেকনিশিয়ান ৪৬)। **মেটালার্জিক্যাল ইঞ্জিনিয়ারিং/ফাউন্ড্রি ফোর্জ টেকনোলজি:** ১৫টি . (গ্র্যাজুয়েট ৯, ডিপ্লোমা টেকনিশিয়ান ৬)। **সেক্রেটারিয়াল প্র্যাক্টিস অ্যান্ড অ্যাকাউন্টস/অফিস ম্যানেজমেন্ট অ্যান্ড সেক্রেটারিয়াল প্র্যাক্টিস:** ৮টি (গ্র্যাজুয়েট) । নিয়মানুসারে তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের জন্য আসন সংরক্ষিত থাকবে।

শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট শাখা বা বিষয়ে ডিগ্রি বা ডিপ্লোমা। শুধু সেক্রেটারিয়াল প্র্যাক্টিস অ্যান্ড অ্যাকাউন্টস/অফিস ম্যানেজমেন্ট অ্যান্ড সেক্রেটারিয়াল প্র্যাক্টিসের ক্ষেত্রে ইঞ্জিনিয়ারিং ছাড়া অন্য যে-কোনও বিষয়ে স্নাতক ডিগ্রি। সব ক্ষেত্রেই প্রার্থীকে মোট অন্তত ৫৫ শতাংশ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে। মনে রাখবেন, ২০১৬ সালের আগে পরীক্ষায় পাশ করে থাকলে চলবে না।

বয়স: ৩০-১১-২০১৮ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

স্টাইপেন্ড: গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে নির্দিষ্ট মাসিক ৬,৫০০ টাকা এবং টেকনিশিয়ান (ডিপ্লোমা) অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে নির্দিষ্ট মাসিক ৫,০০০ টাকা।

শিক্ষাগত যোগ্যতায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রার্থী বাছাই করা হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.hecltd.com অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১০ ডিসেম্বর। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে) ও কালো কালির সই (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ১০ থেকে ২০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

অনলাইনে ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১২৫ টাকা)। ডেবিট বা ক্রেডিট কার্ড (ভিসা বা মাস্টার) বা ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দিতে হবে। ফি জমা দেওয়ার শেষ তারিখ ১২ ডিসেম্বর। রেজিস্ট্রেশন নম্বর-সহ রেজিস্ট্রেশন স্লিপ এবং ফি জমা দেওয়ার পর ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। অনলাইন আবেদনপত্র পূরণের সময় এস বি আই কালেক্ট রেফারেন্স নম্বরের অবশ্যই উল্লেখ করতে হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

কাজের খবরে
১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে সর্বাধিক
পঠিত কর্মপত্রিকা
সপ্তাহে দু'দিন:
শুক্রবার - কর্মক্ষেত্র
সোমবার - আনন্দবাজার পত্রিকা কর্মক্ষেত্র সংবাদ সংস্করণ
Source - Average Issue Readership, IRS 2017



স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও আনন্দ অফসেট প্রাঃ লিঃ, জিএন ৩৯, সেক্টর ৫, সল্টলেক, কলকাতা-৯১ থেকে মুদ্রিত।
প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদক: মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: info@swarnakshar.in Website: www.swarnakshar.in